সটীক সানুবাদ

দ্বিতীয় ভাগ।

(৩)

কঠোপনিষৎ

কলিকাতা

মূল্য—৸০

য ইমং পরমং গুহ্যং শ্রাবয়েদ্ ব্রহ্মসংসদি ।
প্রয়তঃ শ্রাদ্ধকালে বা তদানন্ত্যায় কল্পতে ॥

ওঁ নমো ভগবতে বিশ্বরূপায়

পুণ্যাদর্শ পুণ্যকীর্ত্তি পিতৃদেব

স্বর্গীয় লক্ষ্মীনারায়ণ দত্ত মহাশয়ের

অক্ষয় কৈবল্যধাম-প্রাপ্তি

উদ্দেশ্যে

মানবকল্যাণকর এই সর্ব্বজ্ঞানগর্ভ

কঠোপনিষদ্

গ্রন্থখানি শ্রদ্ধা-ভক্তির সহিত

আপনাকে নিত্যপাঠের জন্য

প্রদত্ত হইল।

উত্তরায়ণ-সংক্রান্তি,
"লক্ষ্মী-নিবাস", বাগবাজার,
১৩৩১

শ্রদ্ধাবদ্ধ
শ্রীহরিপদ দত্ত
শ্রীকিরণচন্দ্র দত্ত

যে এই পরম গুহ্য শ্রবণ করায়।
সংযত হইয়া যদি ব্রাহ্মণ সভায় ॥
ভোক্তাগণে শ্রাদ্ধকালে অথবা শুনায়
সে কার্য্যের ফল তার অনন্তই হয়

কৃষ্ণযজুর্ব্বেদীয়

কঠোপনিষৎ।

মূল, অন্বয়, অক্ষরার্থ, শঙ্করভাষ্যসংক্ষেপরূপা
শঙ্করার্চ্চনা নাম্নী টীকা ও
তাৎপর্য্যাদি সহ।

সংশোধক

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ।

অনুবাদক ও সম্পাদক

শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ ঘোষ।

১৮৪২ শকাব্দ।

কলিকাতা।

[মূল্য ৸৹

বিজ্ঞাপন।

যে বেদ না মানিলে হিন্দুর হিন্দুত্ব থাকে ; না হিন্দুর নিকট অলৌকিকবিষয়ে যে বেদই সর্ব্বপ্রধান প্রমাণ ; ইতিহাস, পুরাণ, তন্ত্র, স্মৃতিপ্রভৃতি সমুদায় শাস্ত্রই যে বেদের অবিরোধী হইলে প্রমাণ, নচেৎ অপ্রমাণ ; সেই বেদের যাহা সারাংসার তাহা উপনিষৎ। আর সেই উপনিষদের ক্ষুদ্র সংস্করণের ইহা দ্বিতীয় ভাগ। প্রথমভাগে ঈশ ও কেন উপনিষৎ প্রকাশিত হইয়াছে। এক্ষণে ইহাতে কেবল কঠোপনিষৎ খানি প্রকাশিত হইল। আদর্শ অধিকারী ব্রাহ্মণকুমার নচিকেতাকে যমের উপদেশ ছলে ইহাতে দর্শনশাস্ত্রের প্রতিপাদ্য জীব, জগৎ, ঈশ্বর, মুক্তি ও তাহাদের সাধনবিষয়ক সকল কথাই অতি সুললিতভাবে বর্ণিত আছে। ঈশোপনিষদে যাহা খুব সংক্ষিপ্তাকার, কেনোপনিষদে যাহা অপেক্ষাকৃত বিস্তৃত, ইহাতে তাহাই আরও বিস্তৃতা-

কারে লিপিবদ্ধ করা হইয়াছে মাত্র। ইহা পদলালিত্য ও ভাবগাম্ভীর্য্যে পূর্ব্বোক্ত দুইখানি উপনিষদকে অতিক্রম করে বলিয়া ইহার আদর সাধারণমধ্যে অপেক্ষাকৃত অধিক।

আচার্য্যশঙ্কর ইহার যে ভাষ্য রচনা করিয়াছেন, তাহারই শ্লোকার্থপ্রকাশক অংশ অন্বয়মুখে সাজাইয়া শঙ্করার্চ্চনানাম্নী টীকা রচিত হইয়াছে। অন্বয়ের মধ্যে প্রতিশব্দ না দিয়া অক্ষরার্থকে সম্পূর্ণ অন্বয়ের ক্রমে লিপিবদ্ধ করা হইয়াছে। ইহাতে মূলের কোন্ শব্দের কোন্‌টী বাঙ্গালা প্রতিশব্দ, তাহা অনায়াসে বুঝা যাইবে। তাৎপর্য্যমধ্যে গৃহীত ভাষ্যাংশেরই অনুবাদ আছে। পাঠের সুবিধার জন্য মূলাংশ পৃথক্ ভাবে সংযোজিত করা হইল।

১লা বৈশাখ,
১৮৪২ শকাব্দ।

অনুবাদক ও সম্পাদক

সূচীপত্র।

কৃষ্ণযজুর্ব্বেদীয়া

কঠোপনিষৎ।

প্রথমাধ্যায়ে—প্রথমাবল্লী।

শান্তিপাঠঃ।

ওঁ সহ নাববতু। সহ নৌ ভুনক্তু। সহ বীর্য্যং করবাবহৈ। তেজস্বি নাবধীতমস্তু মা বিদ্বিষাবহৈ॥

ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।

অন্বয়ঃ ওঁ সহ নৌ অবতু। সহ নৌ ভুনক্তু। সহ বীর্য্যং করবাবহৈ। তেজস্বি নৌ অধীতম্ অস্তু, মা বিদ্বিষাবহৈ।

তাৎপর্য্য—ও। আমাদের দুইজনকে (অর্থাৎ গুরু ও শিষ্যকে) যুগপৎ রক্ষা করুন। আমাদের দুইজনকে পরিপালন করুন। আমরা উভয়ে মিলিয়া বীর্য্যলাভ করি। আমাদের দুইজনের অধীত অর্থাৎ বিদ্যা তেজঃসম্পন্ন হউক। আমরা পরস্পরে যেন বিদ্বেষ না করি। ওঁ শান্তি শান্তি শান্তি।

শঙ্করার্চ্চনা।

প্রণম্য পরমাত্মানমাচার্য্যং শঙ্করং তথা।
গুরূংশ্চ পিতরৌ মাত্মান্ ক্রিয়তে শঙ্করার্চ্চনা॥
পদার্থান্বয়রত্নানি সংগৃহ্য ভাষ্যসাগরাৎ।
রাজেন্দ্রনাথঘোষেণ বালাত্মবোধশুদ্ধয়ে॥

"শিষ্যাচার্য্যয়োঃ প্রমাদকৃতান্যায়েন বিদ্যাগ্রহণপ্রতিপাদননিমিত্ত-দোষপ্রশমনার্থেয়ং শান্তিঃ উচ্যতে—সহ নৌ=আবাম্ অবতু= পালয়তু বিদ্যাস্বরূপপ্রকাশনেন। কঃ? য এব পরমেশ্বর উপনিষৎ-প্রকাশিতঃ। কিং চ সহ নৌ ভুনক্তু, তৎফলপ্রকাশনেন নৌ পালয়তু। সহ এব আবাং বিদ্যাকৃতং বীর্য্যং=সামর্থ্যং করবাবহৈ= নিষ্পাদয়াবহৈ। কিঞ্চ তেজস্বি নৌ=তেজস্বি নৌ—আবয়োঃ যদ্

ইহাই কৃষ্ণযজুর্ব্বেদীয় শান্তি। কৃষ্ণযজুর্ব্বেদীয় যাবৎ উপনিষৎ-পাঠের আদিতে ও অন্তে ইহা পাঠ করিতে হয়।

অধীতং তৎ স্বধীতম্ অস্তু। অথবা তেজস্বি নৌ=আবাভ্যাং যদ্ অধীতং তদ্ অতীব তেজস্বি=বীর্য্যবদ্ অস্তু ইত্যর্থঃ। মা বিদ্বিষাবহৈ শিষ্যাচার্য্যৌ অন্যোন্যং প্রমাদকৃতান্যায়াধ্যয়নাধ্যাপনদোষনিমিত্তং দ্বেষং মা করবাবহৈ ইত্যর্থঃ। শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ইতি—ত্রিব চনং সর্ব্বদোষোপশমনার্থম্ ইতি ওম্ ইতি।"

উপনিষদারম্ভ—নচিকেতার পরিচয়।

উশন্ হ বৈ বাজশ্রবসঃ সর্ব্ববেদসন্দদৌ
তস্য হ নচিকেতা নাম পুত্র আস॥ ১ ॥

১। অন্বয়ঃ—বাজশ্রবসঃ উশন্ হ বৈ সর্ব্ববেদসং দদৌ। তস্য হ নচিকেতা নাম পুত্র আস। ১

১। অক্ষরার্থ—বাজশ্রবস কামনা করিয়া সর্ব্বস্ব দান করিয়াছিলেন। তাঁহার নচিকেতা নামে পুত্র ছিল। ১

১। তাৎপর্য্য—বাজশ্রবস, [অর্থাৎ যিনি অন্নদান-নিমিত্ত যশে যশস্বী তাঁহার পুত্র, অথবা যাঁহার নামই বাজশ্রবস ছিল] তিনি সর্ব্বমেধ অর্থাৎ সর্ব্বস্বদানা-ত্মক বিশ্বজিৎ যাগ করিয়াছিলেন। তিনি সেই

১। **শব্দার্চ্চনা—বাজশ্রবসঃ=বাজম্—অন্নং তদ্দাননিমিত্তং শ্রব :**—যশঃ যস্য, সঃ বাজশ্রবাঃ ; রূঢ়িতঃ বা, **তস্য অপত্যং বাজ-**

তং হ কুমারং সন্তং দক্ষিণাসু
নীয়মানাসু শ্রদ্ধাবিবেশ সোঽমন্যত ॥ ২ ॥

২। অন্বয়ঃ—দক্ষিণাসু নীয়মানাসু তং হ কুমারং সন্তং শ্রদ্ধা আবিবেশ। সঃ অমন্যত। ২

২। অক্ষরার্থ—দক্ষিণার্থ নীয়মান হইলে তিনি কুমার হইলেও তাঁহাতে শ্রদ্ধা আবেশ করিয়াছিল। তিনি মনে করিলেন—। ২

যাগফলের] কামনা করিয়া সর্ব্বস্ব দান করিতেছিলেন। সেই বাজশ্রবসের নচিকেতা নামে এক পুত্র ছিল।

এই আখ্যায়িকাটী বক্ষ্যমাণ ব্রহ্মবিদ্যার প্রশংসার নিমিত্ত বুঝিতে হইবে। ১।

২। তাৎপর্য্য—ঋত্বিগ্‌গণ ও সদস্যগণের নিকট

শ্রবসঃ বিশ্বজিতা সর্ব্বমেধেন ইজে, সঃ তৎফলম্ উশন্=কাময়মানঃ। হ বৈ=(ইতিবৃত্তার্থস্মরণার্থৌ নিপাতৌ) সর্ব্ববেদসং=

যজ্ঞের দক্ষিণা দিবার জন্য গো সকলকে যখন বিভাগ-পূর্ব্বক লইয়া যাওয়া হইতেছিল, তখন সেই নচিকেতা, কুমার অর্থাৎ প্রথমবয়স্ক ও অপ্রাপ্তপ্রজননশক্তি বালক হইলেও তাঁহার হৃদয়ে পিতার হিতকামনাপ্রযুক্ত আস্তিক্যবুদ্ধিরূপা শ্রদ্ধা প্রবিষ্ট হইয়াছিল। সেই নচিকেতা মনে মনে ইহা চিন্তা করিয়াছিলেন—। ২।

সর্ব্বস্বং ধনম্। দদৌ=দত্তবান্। তস্য=যজমানস্য (বাজশ্রবসস্য) হ নচিকেতা নাম পুত্রঃ আস=বভূব। ১

২। শঙ্করার্চ্চনা—দক্ষিণাসু নীয়মানাসু=ঋত্বিগ্ভ্যঃ সদস্যেভ্যশ্চ বিভাগেন উপনীয়মানাসু দক্ষিণার্থাসু গোষু। তং=নচিকেতসম্ হ কুমারং=প্রথমবয়সম্ অপ্রাপ্তপ্রজননশক্তিং বালম্ এব সন্তং শ্রদ্ধা=পিতুঃ হিতকামপ্রযুক্তা আস্তিক্যবুদ্ধিঃ। আবিবেশ=প্রবিষ্টবতী। সঃ=আবিষ্টশ্রদ্ধঃ—নচিকেতাঃ। অমন্যত=অচিন্তয়ৎ। ২

পীতোদকা জগ্ধতৃণা দুগ্ধদোহা নিরিন্দ্রিয়াঃ।
অনন্দা নাম তে লোকাস্তান্ স গচ্ছতি তা দদৎ ॥৩

৩। অন্বয়ঃ—পীতোদকাঃ জগ্ধতৃণাঃ দুগ্ধদোহাঃ নিরিন্দ্রিয়াঃ [যাঃ গাবঃ], তাঃ দদৎ সঃ,তে [যে] অনন্দাঃ নাম লোকাঃ, তান্ গচ্ছতি। ৩

৩। অক্ষরার্থ—পীতজল, ভক্ষিতভৃণ, দুগ্ধক্ষীর, ইন্দ্রিয়হীন [যে সকল গো] তাহাদিগকে দিয়া তিনি, সেই [যে] নিরানন্দ নামক লোকসমূহ, তাহাদিগকে প্রাপ্ত হইবেন। ৩

৩। তাৎপর্য্য—যে সকল গো, জীবনের শেষ জল পান করিয়াছে, যাহাদের তৃণভক্ষণ সমাপ্ত হইয়াছে, এবং যাহাদের দুগ্ধও দোহন করা হইয়া গিয়াছে, যাহাদের সন্তানপ্রসবশক্তি নষ্ট হইয়া গিয়াছে, এতাদৃশ জীর্ণ নিষ্ফল গোসকল ঋত্বিগ্‌গণকে দক্ষিণাবুদ্ধিতে দান

স হোবাচ পিতরং তত কস্মৈ মাং দাস্যসীতি।
দ্বিতীয়ং তৃতীয়ং তং হোবাচ মৃত্যবে ত্বা দদামীতি ॥৪

৪। অন্বয়ঃ—সঃ হ পিতরম্ উবাচ, তত, কস্মৈ মাং দাস্যসি ইতি। দ্বিতীয়ং তৃতীয়ং তং হ [পিতা] উবাচ, মৃত্যবে ত্বা দদামি ইতি। ৪

৪। অক্ষরার্থ—তিনি পিতাকে বলিলেন, "তাত! কাহায় আমাকে দিবে ?" এইরূপ দ্বিতীয় ও তৃতীয়বার তাঁহাকে বলিলেন। [পিতা বলিলেন] মৃত্যুর উদ্দেশে তোমাকে দিতেছি। ৪

করিয়া যজমান, যে সকল লোক 'অনন্দা' অর্থাৎ আনন্দরহিত ও অসুখকর বলিয়া প্রসিদ্ধ, সেই সকল লোকে গমন করে। ৩।

৪। তাৎপর্য্য—সেই নচিকেতা, পিতার অনিষ্ট,

৩। শঙ্করার্চ্চনা—পীতোদকাঃ=পীতম্ উদকং যাভিঃ তাঃ।

পুত্রের বারণ করা উচিত, মনে করিয়া পিতা বাজশ্রবসের নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন।—হে তাত! কোন্ ঋত্বিগ্‌বিশেষের উদ্দেশে, আমাকে দক্ষিণার জন্য দান করিবেন? এই প্রকারে পিতা জিজ্ঞাসিত হইয়াও উপেক্ষা করায়, পুত্র দ্বিতীয়বার ও তৃতীয়বার জিজ্ঞাসা করিলেন। তাহাতে পিতা ক্রুদ্ধ হইয়া পুত্রকে বলিলেন, "তোমাকে যমের উদ্দেশে দিব"। ৪।

জগ্ধতৃণাঃ=জগ্ধং—ভক্ষিতং তৃণং যাভিঃ তাঃ। দুগ্ধদোহাঃ=দুগ্ধঃ, দোহঃ—ক্ষীরাখ্যঃ যাসাং তাঃ। নিরিন্দ্রিয়াঃ=প্রজননাসমর্থাঃ জীর্ণাঃ নিষ্ফলাঃ গাবঃ ইত্যর্থঃ। যাঃ তাঃ=এবম্ভুতাঃ গাঃ। দদৎ=ঋত্বিগ্‌ভ্যঃ দক্ষিণাবুদ্ধ্যা প্রযচ্ছন্। সঃ=যজমানঃ। যে তে অনন্দাঃ=অনানন্দাঃ অসুখাঃ নাম=(প্রসিদ্ধাঃ)' [লোকাঃ] তান্ গচ্ছতি। ৩

৪। শঙ্করার্চ্চনা—সঃ=(-নচিকেতাঃ)। হ=কিল। পিতরং=বাজশ্রবসম্ উপগম্য উবাচ=(উক্তবান্)। তত=হে তাত! কস্মৈ=ঋত্বিগ্‌বিশেষায়। মাং দাস্যসি=মাং দক্ষিণার্থং প্রযচ্ছসি।

বহূনামেমি প্রথমো বহূনামেমি মধ্যমঃ।
কিং স্বিদ্ যমস্য কর্ত্তব্যং যন্ময়াদ্য করিষ্যতি॥ ৫

৫। অন্বয়ঃ--বহূনাম্ [অহং] প্রথমঃ এমি, বহূনাম্ [অহং] মধ্যমঃ এমি। [সঃ] যমস্য কিং স্বিদ্ কর্ত্তব্যং যৎ ময়া অদ্য করিষ্যতি। ৫

৫। অক্ষরার্থ—অনেকের মধ্যে [আমি] প্রথম হই, অনেকের মধ্যে [আমি] মধ্যম হই। তিনি যমের কি কার্য্য, যাহা আমার দ্বারা করিবেন। ৫।

৫। তাৎপর্য্য—সেই পুত্র নচিকেতা, পিতা কর্ত্তৃক এইরূপ কথিত হইয়া নির্জ্জনে বসিয়া চিন্তা করিতে

ইতি দ্বিতীয়ং তৃতীয়ং তং হ উবাচ। এতং এবম্ উক্তেনাপি পিত্রা উপেক্ষ্যমাণোঽপি দ্বিতীয়বারং তৃতীয়বারম্ অপি তং হ উবাচ—কস্মৈ মাং দাস্যসি, কস্মৈ মাং দাস্যসি ইতি। পিতা ক্রুদ্ধঃ সন্

লাগিলেন—(পিতার) বহু শিষ্য বা পুত্রগণের মধ্যে আমি, শিষ্য ও পুত্রগণের যাহা মুখ্যবৃত্তি বা উত্তম ব্যবহার, সেই ব্যবহারের দ্বারা প্রথম হইয়া থাকি। (অথবা) বহু মধ্যম শিষ্য বা পুত্রগণের যাহা মধ্যম-বৃত্তি, অর্থাৎ মধ্যম ব্যবহার, তদ্দ্বারা (অন্ততঃ পক্ষে) আমি মধ্যম বলিয়া পরিগণিত হই। কিন্তু কোন সময়েই আমি অধম ব্যবহারদ্বারা অধম বলিয়া পরিগণিত হই নাই। পিতা আমাকে দান করিয়া আজ যমের কোন্ প্রয়োজন সিদ্ধ করিবেন? নিশ্চিতই কোন প্রয়োজন অপেক্ষা না করিয়াই, ক্রোধবশতঃ পিতা ইহা বলিয়াছেন। ৫।

তং হ পুত্রং কিল উবাচ—মৃত্যবে=বৈবস্বতায়। ত্বা=ত্বাং দদামি ইতি। ৪

৫। শঙ্করার্চ্চনা—স এবম্ উক্তঃ পুত্রঃ একান্তে পরিদেবয়াঞ্চকার। বহূনাং=শিষ্যাণাং পুত্রাণাং বা (মধ্যে) অহং প্রথমঃ= মুখ্যয়া শিষ্যাদিবৃত্ত্যা প্রথমঃ সন্। এমি=গচ্ছামি। বহূনাং=মধ্য-

অনুপশ্য যথা পূর্ব্বে প্রতিপশ্য তথাপরে।
শস্যমিব মর্ত্ত্যঃ পচ্যতে শস্যমিবাজায়তে পুনঃ ॥ ৬

৬। অন্বয়ঃ—পূর্ব্বে যথা [বৃত্তাঃ তান্] অনুপশ্য, তথা অপরে [যথা বর্ত্তন্তে তান্] প্রতি পশ্য। মর্ত্ত্যঃ শস্যম্ ইব পচ্যতে, পুনঃ শস্যম্ ইব আজায়তে। ৬

৬। অক্ষরার্থ—পূর্ব্ববর্ত্তিগণ যেরূপ [আচরণ করিয়াছিলেন তাহাদিগকে] অনুদর্শন করুন, এবং অপরে যেরূপ করেন, তাহাদিগকে আলোচনা করুন। মর্ত্ত্যলোক শস্যের ন্যায় পক্ক হয়, আবার শস্যের ন্যায় জন্মায়। ৬

৬। তাৎপর্য্য—নচিকেতা শোকান্বিত পিতাকে

মানাঞ্চ বহুনাম্, মধ্যে অহং মধ্যমঃ=মধ্যময়ৈব বৃত্ত্যা মধ্যমঃ এমি, নাধময়া কদাচিদপি। সঃ=পিতা,- যমস্য কিং স্বিৎ=কিঞ্চিৎ কর্ত্তব্যং=প্রয়োজনম্। যৎ=কর্ত্তব্যম্ করিষ্যতি, ময়া=প্রদত্তেন ময়া। নূনং প্রয়োজনম্ অনপেক্ষ্য এব ক্রোধবশাৎ উক্তবান্ পিতা।।৫

বলিলেন—আপনার পিতৃপিতামহগণ যে প্রকার আচরণ করিয়াছেন, তাহা দেখিয়া তাহাদের আচরিত আলোচনা করুন, অর্থাৎ যথাক্রমে চিন্তা করুন। আর অপর বর্ত্তমান সাধুগণ যে প্রকার আচরণ করিতেছেন, তাহাও দেখিয়া, তাহাদের আচরিত আলোচনা করুন। তাঁহাদের মিথ্যা আচরণ কখনও ছিল না, এবং বর্ত্তমানেও নাই। আর মিথ্যা আচরণ করিয়া কেহই অজর ও অমর হইতে পারে না। যেহেতু মনুষ্য শস্যের ন্যায় জীর্ণ হইয়া মরিয়া যায় এবং মৃত্যুর পর শস্যের ন্যায় পুনরায় আবির্ভূত হয়। এই প্রকার অনিত্য জীবলোকে মিথ্যা আচরণ করিয়া কি হইবে? নিজের সত্য পালন করুন। সুতরাং আমাকে যমের নিকটে প্রেরণ করুন। ইহাই নচিকেতার অভিপ্রায়।৬

৬। শঙ্করার্চ্চনা।—শোকাবিষ্টং পিতরম্ আহ নচিকেতাঃ পূর্ব্বে=তব পিতৃপিতামহাদয়ঃ। যথা=যেন প্রকারেণ, বৃত্তাঃ=

বৈশ্বানরঃ প্রবিশত্যতিথির্ব্রাহ্মণো গৃহান্।
তস্যৈতাং শান্তিং কুর্ব্বন্তি, হর বৈবস্বতোদকম্ ॥৭

৭। অন্বয়ঃ—ব্রাহ্মণঃ অতিথিঃ [সন্] বৈশ্বানরঃ গৃহান্ প্রবিশতি। [সন্তঃ] তস্য এতাং শান্তিং কুর্ব্বন্তি ; হে বৈবস্বত! উদকং হর। ৭

৭। অক্ষরার্থ—ব্রাহ্মণ অতিথি [হইয়া] অগ্নির [ন্যায়] গৃহে প্রবেশ করিয়া থাকেন। সাধুগণ তাঁহার জন্য এইরূপ শান্তি করেন। হে বৈবস্বত! জল আহরণ কর। ৭।

৭। তাৎপর্য্য—পিতা, পুত্র নচিকেতা কর্ত্তৃক এইরূপ কথিত হইয়া নিজের সত্যরক্ষার জন্য

অতিক্রান্তাঃ। তান্ দৃষ্ট্বা চ তেষাং বৃত্তম্, অনুপশ্য=আলোচয়, অনুক্রমেণ বিভাবয়। আস্থাতুম্ অর্হসি ইত্যর্থঃ। তথা অপরে= বর্ত্তমানাশ্চ সাধবঃ, যথা বর্ত্তন্তে, তান্ দৃষ্ট্বা চ তেষাং বৃত্তং প্রতিপশ্য=আলোচয়। ন চ তেষাং মৃষাকরণং বৃত্তং বর্ত্তমানং

পুত্রকে যমসদনে প্রেরণ করিলেন। নচিকেতা যমভবনে গিয়া, যম প্রবাসে গিয়াছেন বলিয়া, তিন রাত্র তথায় বাস করিলেন। প্রবাস হইতে যমকে আগত দেখিয়া অমাত্যগণ বা ভার্য্যাগণ তাঁহাকে বুঝাইয়া বলিলেন,—এই ব্রাহ্মণ অতিথি হইয়া সাক্ষাৎ অগ্নির ন্যায় গৃহ সকলকে যেন দগ্ধ করিতে করিতে প্রবেশ করিয়াছেন। সাধুগণ, যেহেতু অতিথিরূপ সেই অগ্নির দাহ উপশম করিবার জন্যই

বা অস্তি। ন চ মৃগাভূতং কৃত্বা কশ্চিৎ অজরামরো ভবতি। যতঃ মর্ত্ত্যঃ=মনুষ্যঃ শস্যমিব পচ্যতে=শস্যবৎ জীর্ণঃ ম্রিয়তে, পুনঃ শস্যমিব আজায়তে=মৃত্বা চ শস্যবৎ পুনঃ আবির্ভবতি। এবম্ অনিত্যে জীবলোকে কিং মৃষাকরণেন? পালয় আত্মনঃ সত্যম্,—প্রেষয় মাং যমায় ইত্যভিপ্রায়ঃ। ৬

৭। শঙ্করার্চ্চনা।—স এবম্ উক্তঃ পিতা আত্মনঃ সত্যতায়ৈ প্রেষয়ামাস। স চ যমভবনং গত্বা তিস্রঃ রাত্রীঃ উবাস, যমে প্রোষিতে। প্রোষ্যাগতং যমম্ অমাত্যা ভার্য্যা বা উচুঃ বোধয়ন্তঃ—

আশা-প্রতীক্ষে সঙ্গতং সূনৃতাঞ্চ
ইষ্টা-পূর্ত্তে-পুত্র-পশূংশ্চ সর্ব্বান্।
এতদ্ বৃঙ্ক্তে পুরুষস্যাল্পমেধসো
যস্যানশ্নন্ বসতি ব্রাহ্মণো গৃহে ॥ ৮

৮। অন্বয়ঃ—ব্রাহ্মণঃ অনশ্নন্ যস্য গৃহে বসতি, [তস্য] অল্পমেধসঃ পুরুষস্য আশা-প্রতীক্ষে সঙ্গতং সূনৃতাং [বাচং] চ ইষ্টাপূর্ত্তে সর্ব্বান্ পুত্র-পশূন্ চ এতৎ [সর্ব্বং] বৃঙ্ক্তে। ৮।

৮। অক্ষরার্থ—ব্রাহ্মণ অনশন করিয়া যাহার গৃহে বাস করেন, [সেই] অল্পমেধাযুক্ত পুরুষের আশা, প্রতীক্ষা, সঙ্গত, সূনৃতবাক্য, ইষ্ট, পূর্ত্ত এবং সমুদায় পুত্র ও পশুসমূহ [এ সকল]কে বিনাশ করে। ৮।

বৈশ্বানর ইতি। ব্রাহ্মণঃ অতিথিঃ [সন্] বৈশ্বানরঃ=সাক্ষাৎ অগ্নিঃ এব। গৃহান্=গৃহান্ দহন্নিব প্রবিশতি। সন্তঃ=সাধবঃ তস্য অগ্নেঃ দাহং শময়ন্ত ইব। এতাং=পাদ্যাসনাদিদানলক্ষণাম্

যেন পাদ্য ও আসনাদিদানরূপ শান্তি করিয়া থাকেন, অতএব হে যমরাজ! নচিকেতার পাদ্যের জন্য জল আনয়ন কর। ৭।

৮। তাৎপর্য্য—অতিথিব্রাহ্মণ অভুক্তাবস্থায় যাহার গৃহে বাস করেন, সেই অল্পপ্রজ্ঞপুরুষের আশা অর্থাৎ অবিজ্ঞাত অথচ প্রাপ্য ইষ্ট বস্তুর প্রার্থনা, প্রতীক্ষা অর্থাৎ বিজ্ঞাত এবং প্রাপ্য ইষ্ট বস্তুর প্রার্থনা—এই উভয়, আর সংসঙ্গজন্য ফল, সুনৃতা অর্থাৎ প্রিয়-বাক্যনিমিত্ত ফল, এবং ইষ্ট অর্থাৎ যাগজন্য ফল, পূর্ত্ত অর্থাৎ আরামাদি-ক্রিয়াজন্য ফল এই উভয়; পুত্রসমূহ এবং পশু সকল,—এই সমস্ত অর্থাৎ আশা

শান্তিং কুর্ব্বন্তি অতিথেঃ যতঃ, অতঃ বৈবস্বত=হে যম। উদকং= নচিকেতসে পাদ্যার্থম্ হর=আহর। ৭

৮। শঙ্করার্চ্চনা।—ব্রাহ্মণঃ অনশ্নন্=অভুঞ্জানঃ। যস্য গৃহে বসতি তস্য অল্পমেধসঃ=অল্পপ্রজ্ঞস্য পুরুষস্য আশা-প্রতীক্ষে= অনিজ্ঞাতপ্রাপ্যেষ্টার্থ-প্রার্থনা—আশা,নিজ্ঞাতপ্রাপ্যার্থ প্রতীক্ষণং—

তিস্রো রাত্রীর্যদবাৎসীর্গৃহে মে-
হনশ্নন্ ব্রহ্মন্নতিথির্নমস্যঃ।
নমস্তেঽস্তু ব্রহ্মন্ স্বস্তি মেঽস্তু
তস্মাৎ প্রতি ত্রীন্ বরান্ বৃণীষ্ব ॥ ৯

৯। অন্বয়ঃ—হে ব্রহ্মন্ [ত্বম্] অতিথিঃ নমস্যঃ [চ সন্] যৎ মে গৃহে তিস্রঃ রাত্রীঃ অনশ্নন্ অবাৎসীঃ, [তস্মাৎ] তে নমঃ অস্তু। হে ব্রহ্মন্! মে স্বস্তি অস্তু। তস্মাৎ [একৈকাং রাত্রিং প্রতি] ত্রীন্ বরান্ বৃণীষ্ব। ৯

৯। অক্ষরার্থ—হে ব্রহ্মন্ [তুমি] অতিথি [ও] নমস্য [হইয়া] যেহেতু আমার গৃহে তিন রাত্রি অনশন করিয়া বাস করিয়াছ, [সেই হেতু] তোমায় নমস্কার করি। হে ব্রহ্মন্! আমার মঙ্গল হউক। সেই হেতু [এক এক রাত্রির] প্রতি [মোট] তিনটী বর বরণ কর। ৯।

প্রভৃতি যাহা বলা হইল, সেই সকলেরই আবর্জ্জন অর্থাৎ বিনাশ করেন। সেই জন্য কোন অবস্থাতেই অতিথি উপেক্ষণীয় নহে। ৯।

৯। তাৎপর্য্য—যমরাজ এই প্রকারে কথিত হইয়া নচিকেতার নিকট উপস্থিত হইয়া পূজা-পুরঃসর বলিলেন—হে ব্রহ্মন্! যেহেতু আপনি অতিথি এবং নমস্কারযোগ্য হইয়াও আমার গৃহে তিন রাত্র অভুক্তাবস্থায় বাস করিয়াছেন, সেই

প্রতীক্ষা, তে, সঙ্গতং=সৎসংযোগজং ফলম্। সূনৃতাং=সূনৃতা হি প্রিয়া বাক্, তন্নিমিত্তং চ (ফলম্)। ইষ্টা-পূর্ত্তে=ইষ্টং যাগজং ফলম্, পূর্ত্তং=আরামাদিক্রিয়াজং ফলম্, তে। পুত্র-পশূন্=পুত্রাংশ্চ পশূংশ্চ, তান্। এতৎ সর্ব্বং=যথোক্তম্। বৃঙ্‌ক্তে=আবর্জ্জয়তি—বিনাশয়তি। তস্মাৎ অনুপেক্ষণীয়ঃ সর্ব্বাবস্থাসু অপি অতিথিঃ। ৮

৯। শঙ্করার্চ্চনা—এবম্ উক্তঃ মৃত্যুঃ নচিকেতসম্ উপগম্য পূজা-পুরঃসরম্ উবাচ। হে ব্রহ্মন্! ত্বম্ অতিথিঃ নমস্যঃ=নমস্কারার্হঃ

হেতু, হে ব্রহ্মন্! আপনাকে নমস্কার। আমার মঙ্গল হউক। আপনার অনশনপূর্ব্বক মদ্গৃহে বাসনিমিত্ত আমার যে দোষ হইয়াছে, সেই দোষের নিবারণ এবং আমার সকল প্রকার মঙ্গল, যদ্যপি আপনার অনুগ্রহবশতঃই হইবে, তথাপি আপনার অধিকতর প্রসন্নতাসম্পাদনের জন্য অনশনপূর্ব্বক এক এক রাত্রি বাস করার জন্য এক একটী বর, অর্থাৎ তিনটী বর আমার নিকট হইতে প্রার্থনা করুন্। ৯।

চ সন্। যৎ=যস্মাৎ। মে=মম গৃহে তিস্রঃ রাত্রীঃ অনশ্নন্=অভুঞ্জানঃ। অবাৎসীঃ=উষিতবান্ অসি তস্মাৎ তে=তুভ্যম্ নমঃ অস্তু=ভবতু। হে ব্রহ্মন্! মে=মম। স্বস্তি=ভদ্রম্ অস্তু। তস্মাৎ=ভবতঃ অনশনেন মদ্গৃহবাসনিমিত্তাৎ দোষাৎ তৎপ্রাপ্ত্যুপশমেন যদ্যপি ভবদনুগ্রহেণ সর্ব্বং মম স্বস্তি স্যাৎ, তথাপি ত্বদধিকসম্প্রসাদনার্থম্ অনশনেন উপোষিতাম্ একৈকাং রাত্রিং প্রতি, ত্রীন্ বরান্=অভিপ্রেতার্থবিশেষান্। বৃণীষ=মত্তঃ প্রার্থয়স্ব। ৯

শান্তসঙ্কল্পঃ সুমনা যথা স্যাদ্
বীতমন্যুর্গৌতমো মাভি মৃত্যো।
ত্বৎপ্রসৃষ্টং মাভিবদেৎ প্রতীতঃ
এতত্ত্রয়াণাং প্রথমং বরং বৃণে ॥ ১

১০। অন্বয়ঃ—হে মৃত্যো! গৌতমঃ শান্তসঙ্কল্পঃ সুমনাঃ মা অভি বীতমন্যুঃ যথা স্যাৎ, প্রতীতঃ ত্বৎ-প্রসৃষ্টং মা অভিবদেৎ। ত্রয়াণাং এতৎ প্রথমং বরং বৃণে।১০

১০। অক্ষরার্থ—হে মৃত্যো! গৌতম শান্ত-সংকল্পও সুমনা [হইয়া] যেন আমার প্রতি বীতক্রোধ হন, লব্ধস্মৃতি হইয়া ত্বন্মুক্ত আমাকে অভিবাদন করেন। তিনটীর মধ্যে এই প্রথম বর [আমি] বরণ করিতেছি। ১০।

১০। তাৎপর্য্য—নচিকেতা বলিলেন, হে যমরাজ!

আমার পিতা গৌতম শান্তসঙ্কল্প অর্থাৎ আমার নিমিত্ত নিরুদ্বিগ্ন এবং প্রসন্নচিত্ত হইয়া আমার প্রতি বিগতক্রোধ হউন। এবং আপনি আমাকে গৃহে প্রেরণ করিলে "সেই এই আমার পুত্র আসিয়াছে" এই প্রকার স্মৃতি লাভ করিয়া আমার সহিত যেন সম্ভাষণ করেন। তিনটী বরের মধ্যে এই প্রথম বর আমি প্রার্থনা করিতেছি। ১০

১০। শব্দার্থার্চ্চনা।—নচিকেতা আহ। হে মৃত্যো=হে যম! গৌতমঃ=মম পিতা। শান্তসঙ্কল্পঃ=উপশান্তঃ সঙ্কল্পো যস্য সঃ। সুমনাঃ=প্রসন্নমনাঃ। মা অভি=মাং প্রতি। বীতমন্যুঃ= বিগতরোষঃ যথা স্যাৎ, প্রতীতঃ=লব্ধস্মৃতিঃ—স এব অয়ং মম পুত্রঃ আগতঃ ইত্যেবং প্রত্যভিজানন্। ত্বৎ-প্রসৃষ্টং=ত্বয়া বিনির্মুক্তং প্রেষিতং গৃহং প্রতি। মা=মাম্। অভিবদেৎ=(সংভাষেত)। ত্রয়াণাং=বরাণাম্ এতৎ প্রথমম্=আদ্যম্ বরম্ অহং বৃণে=প্রার্থয়ে। ১০

যথা পুরস্তাদ্ ভবিতা প্রতীতঃ,
ঔদ্দালকিরারুণির্মৎপ্রসৃষ্টঃ।
সুখং রাত্রীঃ শয়িতা বীতমন্যু-
স্ত্বাং দদৃশিবান্ মৃত্যুমুখাৎ প্রমুক্তম্ ॥ ১১

১১। অন্বয়ঃ—আরুণিঃ ঔদ্দালকিঃ [তব পিতা] পুরস্তাৎ [ত্বয়ি] যথা [আসীৎ], তথৈব ভবিতা, প্রতীতঃ সন্ মৎপ্রসৃষ্টঃ মৃত্যুমুখাৎ প্রমুক্তং ত্বাং দদৃশিবান্, বীতমন্যুঃ [চ ভবিতা]; [উত্তরাঃ অপি] রাত্রীঃ সুখং শয়িতা [চ]। ১১

১১। অক্ষরার্থ—আরুণি ঔদ্দালকি [তোমার পিতা] পূর্ব্বে [তোমাতে] যেরূপ [ছিলেন] সেইরূপই হইবেন, প্রতীত হইয়া মদাজ্ঞায় মৃত্যুমুখ হইতে প্রমুক্ত তোমাকে দেখিয়া বিগতক্রোধ [হইবেন, পরবর্ত্তী] রাত্রিগুলিও সুখে শয়ন করিবেন। ১১।

১২। তাৎপর্য্য—নচিকেতা বলিলেন।—স্বর্গলোকে কোনও রোগাদিনিমিত্ত ভয় নাই, হে মৃত্যো! তথায় আপনিও সহসা প্রভুত্ব করিতে পারেন না; এইহেতু সেখানে কেহ জরাযুক্ত হইয়া ইহলোকের ন্যায় আপনা হইতে ভীত হয় না। আরও ক্ষুধা ও তৃষ্ণা, এই উভয়কেই অতিক্রম করিয়া, শোকাতিগ অর্থাৎ মানসিক দুঃখবর্জ্জিত হইয়া দিব্যলোকে আনন্দভোগ করে। ১২

১২। শঙ্করার্চ্চনা—নচিকেতা উবাচ। স্বর্গে লোকে কিঞ্চন=কিঞ্চিদপি। ভয়ং=রোগাদিনিমিত্তং নাস্তি; তত্র ত্বং ন চ, হে মৃত্যো? ত্বং সহসা ন প্রভবসি। অতঃ জরয়া যুক্তঃ কশ্চিৎ ইহলোকে ইব ত্বত্তঃ ন বিভেতি=(ভীতঃ ভবতি), উভে অশনায়া=ক্ষুধা পিপাসা=(পাতুম্ ইচ্ছা) তীর্ত্ত্বা=অতিক্রম্য। শোকাতিগঃ=শোকম্ অতীত্য গচ্ছতীতি মানসেন দুঃখেন বর্জ্জিতঃ সন্ স্বর্গলোকে=দিব্যে। মোদতে=হৃষ্যতি। ১২

স ত্বমগ্নিং স্বর্গ্যমধ্যেষি মৃত্যো,
প্রব্রূহি তং শ্রদ্দধানায় মহ্যম্ ।
স্বর্গলোকা অমৃতত্বং ভজন্তে,
এতদ্ দ্বিতীয়েন বৃণে বরেণ ॥ ১৩

১৩। অন্বয়ঃ—হে মৃত্যো ! সঃ ত্বং স্বর্গ্যম্ অগ্নিম্ অধ্যেষি, তং শ্রদ্দধানায় মহ্যং প্রব্রূহি। [যেন অগ্নিনা চিতেন] স্বর্গলোকাঃ অমৃতত্বং ভজন্তে, এতৎ দ্বিতীয়েন বরেণ [অহং] বৃণে। ১৩

১৩। অক্ষরার্থ—হে মৃত্যো ! সেই আপনি [উক্ত প্রকার গুণবিশিষ্ট] স্বর্গলোকের প্রাপ্তির সাধনভূত অগ্নিকে জানেন, তাহা শ্রদ্ধাসম্পন্ন [স্বর্গার্থী] আমাকে বলুন। [যে অগ্নির চয়ন দ্বারা যাগ করিলে] স্বর্গ-লোকার্থী [যজমানগণ] অমৃতত্ব [অর্থাৎ অমরণতা-রূপ দেবত্ব] প্রাপ্ত হয় ; এই [অগ্নিবিষয়কবিজ্ঞানকে আমি] দ্বিতীয় বররূপে প্রার্থনা করিতেছি। ১৩

প্র তে ব্রবীমি, তদু মে নিবোধ,
স্বর্গ্যমগ্নিং নচিকেতঃ প্রজানন্।
অনন্তলোকাপ্তিমথো প্রতিষ্ঠাম্,
বিদ্ধি ত্বমেতং নিহিতং গুহায়াম্ ॥ ১৪

১৪। অন্বয়ঃ—হে নচিকেতঃ [অহং] স্বর্গ্যম্ অগ্নিং প্রজানন্ তে প্রব্রবীমি, তৎ উ মে নিবোধ। ত্বম্ অনন্তলোকাপ্তিম্ অথো প্রতিষ্ঠাং গুহায়াং নিহিতং এতং বিদ্ধি। ১৪

১৪। অক্ষরার্থ—[মৃত্যু বলিলেন] হে নচিকেতঃ! [আমি] স্বর্গসাধন অগ্নিকে প্রকৃষ্টরূপে জানিয়া তোমার নিকট বিশেষভাবে বলিতেছি। সেই [তোমার প্রার্থিত বিষয়] আমার বাক্য হইতে [একাগ্রচিত্তে] অবগত হও। তুমি অনন্তলোকাপ্তি (অর্থাৎ স্বর্গ-লোকরূপ ফলের প্রাপ্তিসাধন) এবং প্রতিষ্ঠা (অর্থাৎ বিরাট্‌রূপে জগতের আশ্রয়) ও [বিদ্বান্‌গণের]

বুদ্ধিতে নিহিত [আমাকর্ত্তৃক কথনীয়] এই [অগ্নিকে] বিশেষরূপে অবগত হও] ১৪

১৩। তাৎপর্য্য—স্পষ্ট। ১৩

১৪। তাৎপর্য্য—স্পষ্ট। ১৪

১৩। শঙ্করার্চ্চনা—হে মৃত্যো! সঃ ত্বং=মৃত্যুঃ। স্বর্গ্যম্=এবং=গুণবিশিষ্টস্য স্বর্গলোকস্য প্রাপ্তিসাধনভূতম্। অগ্নিম্ অধ্যেষি=স্মরসি জানাসি। তম্ অগ্নিং শ্রদ্দধানায়=শ্রদ্ধাবতে। মহ্যং=স্বর্গার্থিনে প্রব্রূহি=কথয়. যেন অগ্নিনা চিতেন,স্বর্গলোকাঃ=স্বর্গোলোকঃ যেষাং তে যজমানাঃ। অমৃতত্বম্=অমরণতাং দেবত্বম্। ভজন্তে=প্রাপ্নুবন্তি। এতৎ=অগ্নিবিজ্ঞানম্। দ্বিতীয়েন বরেণ অহং বৃণে=প্রার্থয়ে। ১৩

১৪। শঙ্করার্চ্চনা—মৃত্যুঃ উবাচ হে নাচিকেতঃ অহং স্বর্গ্যং=স্বর্গায় হিতং স্বর্গসাধনম্ অগ্নিং প্রজানন্ বিজ্ঞাতবান্ সন্। তে=তুভ্যং-প্রব্রবীমি তৎ=যৎ ত্বয়া প্রার্থিতম্। উ=এব। মে=মম বচসঃ। নিবোধ=একাগ্রমনাঃ সন্ বুধ্যস্ব। ত্বম্ অনন্তলোকাপ্তিং=স্বর্গলোকপ্রাপ্তিসাধনম্। অথো=অপি। প্রতিষ্ঠাং=বিরাড়্-

লোকাদিমগ্নিং তমুবাচ তস্মৈ
যা ইষ্টকা যাবতীর্বা যথা বা।
স চাপি তৎ প্রত্যবদদ্ যথোক্ত-
মথাস্য মৃত্যুঃ পুনরেবাহ তুষ্টঃ॥ ১৫

১৫। অন্বয়ঃ—[মৃত্যুঃ] লোকাদিং তম্ অগ্নিং তস্মৈ উবাচ, যাঃ ইষ্টকাঃ যাবতীঃ বা যথা বা [সর্ব্বম্ উক্তবান্]। সঃ চ অপি তৎ যথোক্তং প্রত্যবদৎ। অথ মৃত্যুঃ অস্য তুষ্টঃ [সন্] পুনঃ এব আহ। ১৫

১৫। অক্ষরার্থ—[মৃত্যু] লোকের আদিভূত সেই অগ্নির বিষয় তাহাকে বলিলেন, যেরূপ ইষ্টক, যত সংখ্যক, এবং যেরূপে [চয়ন করিতে হয় সবই বলিলেন] আর তিনিও তাহা যথোক্তরূপে আবৃত্তি করিলেন। অনন্তর মৃত্যু ইহাঁর উপর তুষ্ট [হইয়া] পুনরায় বলিলেন। ১৫

১৫। তাৎপর্য্য—যমরাজ প্রথমশরীরী বলিয়া লোকসকলের আদিভূত নচিকেতার প্রার্থিত সেই অগ্নির বিষয় অর্থাৎ বিরাট্‌পুরুষের বিষয় নচিকেতাকে বলিলেন, এবং যেরূপ যত সংখ্যক ইষ্টক ও যে প্রকারে অগ্নি চয়ন করিতে হয়, সেই সমুদায়ও বলিলেন। আর সেই নচিকেতাও মৃত্যুকর্তৃক কথিত সমস্ত বিষয় যথাযথভাবে প্রত্যুচ্চারণ করিলেন। অনন্তর নচিকেতার প্রত্যুচ্চারণে যমরাজ তুষ্ট হইয়া, প্রতিজ্ঞাত তিনটী বরের অতিরিক্ত চতুর্থ একটী বর দিবার অভিপ্রায়ে পুনরায় বলিলেন।* ইহাও শ্রুতির বাক্য বলিয়া জানিতে হইবে। ১৫

রূপেণ জগতঃ আশ্রয়ম্। গুহায়াং নিহিতং=বিদুষাং বুদ্ধৌ নিবিষ্টম্ এতং=ময়োচ্যমানম্ অগ্নিম্। বিদ্ধি=বিজানীহি। ১৪

১৫। শব্দার্থচিন্ত:—মৃত্যুঃ লোকাদিং=লোকানাম্ আদিং প্রথমশরীরিত্বাৎ। তম্=প্রকৃতং নচিকেতসা প্রার্থিতম্। অগ্নিং তস্মৈ=নচিকেতসে। উবাচ=উক্তবান্। কিঞ্চ, যাঃ ইষ্টকাঃ চেতব্যাঃ,

ত্রিণাচিকেতস্ত্রিভিরেত্য সন্ধিং
ত্রিকর্ম্মকৃৎ তরতি জন্মমৃত্যূ।
ব্রহ্মজ-জ্ঞং দেবমীড্যং বিদিত্বা,
নিচায্যেমাং শান্তিমত্যন্তমেতি ॥ ১৭

১৭। অন্বয়ঃ—[যঃ] ত্রিভিঃ সন্ধিম্ এত্য ত্রিণাচিকেতঃ ত্রিকর্ম্মকৃৎ [সঃ] জন্মমৃত্যূ তরতি। [কিঞ্চ] ঈড্যং ব্রহ্মজ-জ্ঞম্ দেবং বিদিত্বা, নিচায্য ইমাং শান্তিম্ অত্যন্তম এতি। ১৭।

১৭। অক্ষরার্থ—[যিনি] তিনের নিকট হইতে সন্ধিকে পাইয়া তিনবার নাচিকেত অগ্নিচয়ন করেন ও ত্রিকর্ম্মকারী হন, [তিনি] জন্মমৃত্যু উত্তরণ করেন [এবং] স্তবনীয় ব্রহ্মজ ও জ্ঞস্বরূপ দেবকে জানিয়া [ও] আত্মরূপে দর্শন করিয়া এই শান্তিকে অত্যন্তরূপে পান। ১৭

বরং=চতুর্থং বরম্ দদামি=প্রযচ্ছামি। অয়ং ময়া উক্তবানঃ

১৭। তাৎপর্য্য—যে ব্যক্তি তিনটীর নিকট হইতে অর্থাৎ পিতা, মাতা ও আচার্য্য, অথবা বেদ, স্মৃতি ও সাধুব্যক্তি, অথবা প্রত্যক্ষ, অনুমান ও শব্দ প্রমাণের সহিত সন্ধি (সন্ধান) অর্থাৎ সম্বন্ধ প্রাপ্ত হইয়া অর্থাৎ উক্ত মাত্রাদি দ্বারা যথাবৎ অনুশাসন লাভ করিয়া (যেহেতু বেদাদিশাস্ত্র কিংবা প্রত্যক্ষাদি প্রমাণ হইতেও বিশুদ্ধি লাভ হয়, ইহা প্রত্যক্ষ,) ত্রিণাচিকেত হন, অর্থাৎ তিনবার নাচিকেত অগ্নির চয়ন করেন, অর্থাৎ নাচিকেত অগ্নিবিষয়ক বিজ্ঞানবান্ হন, অথবা তাহার

অগ্নিঃ তব=নচিকেতসঃ, এব, নাম্না=অভিধানেন, প্রসিদ্ধঃ ভবিতা=ভবিষ্যতি। ইমাম্, অনেকরূপাং=বিচিত্রাম্, সৃঙ্কাং= শব্দবতীং রত্নময়ীং মালাম্। যদ্বা অকুৎসিতাং কর্ম্মময়ীং গতিম্; অন্যদপি কর্ম্মবিজ্ঞানম্ অনেকফলহেতুত্বাৎ, গৃহাণ=স্বীকুরু। ১৬

১৭। শব্দার্চ্চনা। যঃ, ত্রিভিঃ=মাতৃপিত্রাচার্য্যৈঃ, বেদস্মৃতি-শিষ্টৈঃ বা, প্রত্যক্ষানানুমানাগমৈঃ বা; তেভ্যঃ হি বিশুদ্ধিঃ প্রত্যক্ষা। সন্ধিং=সন্ধানং,সম্বন্ধং, যথাবৎ মাত্রাদ্যনুশাসনম্। এত্য=

অধ্যয়ন করেন, কিম্বা তাহার অনুষ্ঠাননিরত হন, এবং ত্রিকর্ম্মকৃৎ হন, অর্থাৎ যাগ, অধ্যয়ন ও দানরূপ কর্ম্ম করেন, সেই ব্যক্তি, জন্ম ও মৃত্যুকে অতিক্রম করিয়া থাকেন, আর স্তবনীয় ব্রহ্মজরূপ জ্ঞকে অর্থাৎ হিরণ্যগর্ভজাত এবং সর্ব্বজ্ঞ যে বিরাটপুরুষরূপ সেই দ্যোতনস্বভাব জ্ঞানাদিগুণবিশিষ্ট [নাচিকেতনামক অগ্নি] দেবতাকে শাস্ত্রদ্বারা জ্ঞাত হইয়া এবং আত্মরূপে দর্শন করিয়া এই শান্তিকে অর্থাৎ স্ববুদ্ধির প্রত্যক্ষ উপরতিকে অতিশয়রূপে লাভ করেন, অর্থাৎ এইরূপে জ্ঞান ও কর্ম্মের একত্রানুষ্ঠানদ্বারা বিরাট্ পুরুষের পদপ্রাপ্ত হন। ১৭

প্রাপ্য। ত্রিণাচিকেতঃ=ত্রিঃকৃত্বঃ নাচিকেতঃ অগ্নিঃ চিতঃ যেন, সঃ, তদ্বিজ্ঞানন্তঃ, তদধ্যয়নঃ, তদনুষ্ঠানবান্ বা। ত্রিকর্ম্মকৃৎ=ইজ্যাধ্যয়নদানানাং কর্ত্তা। সঃ জন্মমৃত্যু, ·তরতি=অতিক্রামতি। কিঞ্চ, ঈড্যং=স্তুত্যং, ব্রহ্মজ-জ্ঞঃ=ব্রহ্মণঃ হিরণ্যগর্ভাৎ জাতঃ ব্রহ্মজঃ

ত্রিণাচিকেতস্ত্রয়মেতদ্ বিদিত্বা
য এবং বিদ্বাংশ্চিনুতে নাচিকেতম্ ।
স মৃত্যুপাশান্ পুরতঃ প্রণোদ্য
শোকাতিগো মোদতে স্বর্গলোকে ॥ ১৮

১৮। অন্বয়ঃ—যঃ ত্রিণাচিকেতঃ এতৎ ত্রয়ং বিদিত্বা নাচিকেতম্ এবং বিদ্বান্ চিনুতে ; সঃ পুরতঃ মৃত্যুপাশান্ প্রণোদ্য শোকাতিগঃ [সন্] স্বর্গলোকে মোদতে ॥ ১৮

১৮। অক্ষরার্থ—যিনি ত্রিণাচিকেত হন, এই তিনটীকে জানিয়া [ও] নাচিকেতকে এইরূপ জানিয়া চয়ন করেন, তিনি পূর্ব্বেই মৃত্যুপাশসমূহকে ত্যাগ করিয়া শোকাতিগ [হইয়া] স্বর্গলোকে আনন্দিত হন।১৮

১৮। তাৎপর্য্য—যে ব্যক্তি ত্রিণাচিকেত হন এবং এই তিনটী অর্থাৎ "যা ইষ্টকা যাবতীর্বা" ইত্যাদি শ্লোকে যে তিনটী পদার্থের কথা বলা হইয়াছে, তাহা

জানিয়া ও নাচিকেত নামক অগ্নিকে আত্মরূপে অবগত হইয়া চয়ন করেন, অর্থাৎ ক্রতু নির্ব্বাহ করেন, সেই ব্যক্তি শরীরপাতের পূর্ব্বেই অধর্ম্ম ও অজ্ঞানাদিলক্ষণ মৃত্যুপাশকে বিদূরিত করিয়া শোকাতিগ অর্থাৎ মানসিক দুঃখবর্জ্জিত হইয়া, স্বর্গলোকে অর্থাৎ বৈরাজপদে, বিরাট্‌কে আত্মস্বরূপে জ্ঞান করিয়া আনন্দলাভ করেন। এই স্থলে নাচিকেত নামক অগ্নিবিজ্ঞান-চয়ন এবং ফলের উপসংহার ও প্রকরণ শেষ করা হইল। ১৮।

ব্রহ্মজশ্চাসৌ জ্ঞশ্চেতি ব্রহ্মজজ্ঞঃ, তং, সর্ব্বজ্ঞঃ হি অসৌ, দেবং= দ্যোতনাৎ জ্ঞানাদিগুণবন্তম্, বিদিত্বা=শাস্ত্রতঃ (জ্ঞাত্বা)। নিচায্য=আত্মভাবেন দৃষ্ট্বা। ইমাং=স্ববুদ্ধিপ্রত্যক্ষাম্। শান্তিম্= উপরতিম্, বৈরাজং পদম্। অত্যন্তম্=অতিশয়েন। এতি= জ্ঞান-কর্ম্ম-সমুচ্চয়ানুষ্ঠানেন প্রাপ্নোতি। ১৭

১৮। শব্দার্চ্চনা। যঃ ত্রিণাচিকেতঃ=(পূর্ব্ববৎ বোধ্যঃ)। এতৎ ত্রয়ং=যথোক্তং "যা ইষ্টকাঃ যাবতীর্বা, যথা বা" ইত্যেতৎ।

এষ তেঽগ্নির্নচিকেতঃ স্বর্গ্যো
যমবৃণীথা দ্বিতীয়েন বরেণ।
এতমগ্নিং তবৈব প্রবক্ষ্যন্তি জনাস-
স্তৃতীয়ং বরং নচিকেতো বৃণীষ্ব ॥ ১৯

১৯। অন্বয়ঃ—[হে] নচিকেতঃ! তে এষঃ স্বর্গ্যঃ অগ্নিঃ, যং [ত্বং] দ্বিতীয়েন বরেণ অবৃণীথাঃ [সঃ বরঃ দত্তঃ]। জনাসঃ এতম্ অগ্নিং তব এব [নাম্না] প্রবক্ষ্যন্তি, [হে] নচিকেতঃ তৃতীয়ং বরং বৃণীষ্ব। ১৯

১৯। অক্ষরার্থ—[হে] নচিকেতঃ! তোমাকে এই স্বর্গসাধন অগ্নিবিষয়ক বর, যাহা [তুমি] দ্বিতীয় বররূপে প্রার্থনা করিয়াছ, [সেই বর প্রদত্ত হইল]। জনগণ এই অগ্নিকে তোমার [নামে] অভিহিত করিবে। [আমি তুষ্ট হইয়া তোমাকে যে চতুর্থ বর দিব বলিয়াছিলাম, এই সেই চতুর্থ বর।] হে নচিকেতঃ! [এক্ষণে অবশিষ্ট] তৃতীয় বর প্রার্থনা কর। ১৯

১৯। তাৎপর্য্য—স্পষ্ট।

[এস্থলে বরদানের তুইবার প্রস্তাবনা দেখা যায়। প্রথম প্রস্তাবনায় তিনটী বর এবং দ্বিতীয় প্রস্তাবনায় একটী বর; সেই দ্বিতীয় প্রস্তাবনার বরটীকে চতুর্থ বর বলা হইয়াছে।]

বিদিত্বা=অবগম্য। নাচিকেতম্=অগ্নিম্ ক্রতুম্। এবং=আত্মরূপেণ। বিদ্বান্=জানন্, চিনুতে=নির্ব্বর্ত্তয়তি। সঃ, পুরতঃ=অগ্রতঃ, শরীরপাতাৎ পূর্ব্বমেব, মৃত্যুপাশান্=অধর্ম্মাজ্ঞানরাগদ্বেষাদিলক্ষণান্, প্রণোদ্য=অপহায়। শোকাতিগঃ=মানসৈঃ দুঃখৈর্ব্বর্জ্জিতঃ সন্। স্বর্গলোকে=বৈরাজে, বিরাড়াত্মস্বরূপপ্রতিপত্ত্যা মোদতে=হৃষ্যতি। ১৮

১৯। শঙ্করার্চ্চনা। হে নচিকেতঃ! তে=তুভ্যম্, এষঃ, স্বর্গ্যঃ=স্বর্গসাধনঃ, অগ্নিঃ=অগ্নির্ব্বরঃ, যম্=অগ্নিং বরম্, দ্বিতীয়েন বরেণ, অবৃণীথাঃ=বৃতবান্, প্রার্থিতবান্ অসি, সঃ, বরঃ দত্তঃ, জনাসঃ=জনাঃ, এতম্ অগ্নিং তব এব নাম্না, প্রবক্ষ্যন্তি=বদিষ্যন্তি। এষ চতুর্থো বরো ময়া তুষ্টেন দত্তঃ। হে নচিকেতঃ তৃতীয়ং বরং, বৃণীষ=প্রার্থয়স্ব। ১৯

যেয়ং প্রেতে বিচিকিৎসা মনুষ্যে
অস্তীত্যেকে নায়মস্তীতি চৈকে ।
এতদ্‌বিদ্যামনুশিষ্টস্ত্বয়াহং
বরাণামেষ বরস্তৃতীয়ঃ ॥ ২০

২০। অন্বয়ঃ—মনুষ্যে প্রেতে যা ইয়ং বিচিকিৎসা, 'অয়ম্ অস্তি' ইতি একে, 'নাস্তি' ইতি চ একে [মন্যন্তে] অহং ত্বয়া অনুশিষ্টঃ এতৎ বিদ্যাম্। বরাণাম্ এষঃ তৃতীয়ঃ বরঃ। ২০

২০। অক্ষরার্থ—মৃত মনুষ্যবিষয়ে যে এই সংশয় [অর্থাৎ] 'ইহা থাকে,' এইরূপ কেহ কেহ এবং 'থাকে না' এইরূপ কেহ কেহ [মনে করেন], আমি তোমার দ্বারা উপদিষ্ট হইয়া ইহা যেন জানিতে পারি। বরগুলির মধ্যে ইহাই তৃতীয় বর। ২০

২০। তাৎপর্য্য—নচিকেতা বলিলেন, মৃত মনুষ্য-

বিষয়ে যে এই সংশয় হয়, অর্থাৎ এই শরীর, ইন্দ্রিয়, মন ও বুদ্ধিব্যতিরিক্ত দেহান্তরসম্বন্ধী আত্মা ‘আছে,’ ইহা কেহ কেহ মনে করেন ; এবং এই প্রকার আত্মা নাই, ইহাও কেহ কেহ মনে করিয়া থাকেন। এই হেতু আমাদের প্রত্যক্ষ বা অনুমানরূপ প্রমাণদ্বারা উক্ত বিষয়টীর নির্ণয়রূপ বিজ্ঞান হয় না। অথচ পরম পুরুষার্থলাভ এই বিজ্ঞানাধীন, এইজন্য আমি আপনার নিকট হইতে অবগত হইয়া এই আত্মবিষয়ক তত্ত্ব জানিতে ইচ্ছা করি, বরগুলির মধ্যে ইহাই আমার অবশিষ্ট তৃতীয় বর।

২০। শঙ্করার্চ্চনা। নচিকেতা উবাচ। মনুষ্যে প্রেতে=মৃতে যা ইয়ং, বিচিকিৎসা=সংশয়ঃ। অয়ম্=শরীরেন্দ্রিয়মনোবুদ্ধি-ব্যতিরিক্তদেহান্তরসম্বন্ধী আত্মা, অস্তি ইতি একে মন্যন্তে। ন অয়মস্তি ইতি চ একে=নায়মেবংবিধঃ অস্তি ইতি চ একে মন্যন্তে। অতশ্চ অস্মাকং ন প্রত্যক্ষেণ নাপি অনুমানেন নির্ণয়-বিজ্ঞানম্। এতদ্‌বিজ্ঞানাধীনো হি পরঃ পুরুষার্থঃ ইত্যত আহ—

দেবৈরত্রাপি বিচিকিৎসিতং পুরা,
ন হি সুবিজ্ঞেয়মণুরেষ ধর্ম্মঃ ।
অন্যং বরং নচিকেতো বৃণীষ্ব
মা মোপরোৎসীরতি মা সৃজৈনম্ ॥ ২১

২১। অন্বয়ঃ—দেবৈঃ অপি অত্র পুরা বিচিকিৎসিতং, [প্রাকৃতৈঃ জনৈঃ] ন হি সুবিজ্ঞেয়ং, [যতঃ] এষঃ ধর্ম্মঃ অণুঃ, [অতঃ হে] নচিকেতঃ! অন্যং বরং বৃণীষ্ব, মা মা উপরোৎসীঃ, মা এনম্ অতিসৃজ । ২১

২১। অক্ষরার্থ—[এই নচিকেতা, একান্তভাবে নিঃশ্রেয়সসাধন যে আত্মজ্ঞান, তাহার যোগ্য কি না এইটী পরীক্ষার জন্য যম বলিলেন—]। দেবগণও এই বিষয়ে পূর্ব্বে সংশয় করিয়াছিলেন, [প্রাকৃত জনগণকর্ত্তৃক একাধিকবার শ্রুত হইলেও [ইহা] সুবিজ্ঞেয় নহে। [যেহেতু] এই আত্মাখ্য ধর্ম্ম

সূক্ষ্ম, [এই হেতু হে] নচিকেতঃ অন্য [অর্থাৎ যাহার ফল অসন্দিগ্ধ এইরূপ] বর প্রার্থনা কর, আমাকে উপরোধ করিও না। আমার নিকট এই বরের প্রার্থনা পরিত্যাগ কর। ২১

পূর্ব্বদত্ত বরদ্বয়দ্বারা যে বস্তু সূচিত হইয়াছে, তাহা আত্মতত্ত্ববিষয়ক যথার্থ জ্ঞান নহে, এইহেতু সংসারের বীজ স্বাভাবিক অজ্ঞানের নিবৃত্তির জন্য, তদ্বিপরীত ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞান বলা আবশ্যক, এইজন্য উত্তর গ্রন্থ আরব্ধ হইতেছে। ২০

২১। তাৎপর্য্য—স্পষ্ট।

অহং ত্বয়া অনুশিষ্টঃ=জ্ঞাপিতঃ, এতৎ=আত্মতত্ত্বম্, বিদ্যাম্=জানীয়াম্। বরাণাম্ এব তৃতীয়ঃ=অবশিষ্টঃ বরঃ। বরদ্বয়সূচিতং বস্তু ন আত্মতত্ত্ববিষয়-যাথাত্ম্য-বিজ্ঞানম্। অতঃ স্বাভাবিকস্য অজ্ঞানস্য সংসারবীজস্য নিবৃত্ত্যর্থং তদ্বিপরীত-ব্রহ্মাত্মৈকত্ব-বিজ্ঞানং বক্তব্যম্ ইতি উত্তরঃ গ্রন্থ আরভ্যতে। ২০

দেবৈরত্রাপি বিচিকিৎসিতং কিল,
ত্বঞ্চ মৃত্যো যন্ন সুজ্ঞেয়মাত্থ।
বক্তা চাস্য ত্বাদৃগন্যো ন লভ্যো
নান্যো বরস্তুল্য এতস্য কশ্চিৎ ॥ ২২

২২। অন্বয়ঃ।—[হে] মৃত্যো! অত্র কিল দেবৈঃ অপি বিচিকিৎসিতং, যৎ ত্বং চ ন সুজ্ঞেয়ম্ আত্থ। অস্য বক্তা চ ত্বাদৃক্ অন্যঃ ন লভ্যঃ; [অতঃ] এতস্য তুল্যঃ অন্যঃ কশ্চিৎ বরঃ ন [অস্তি]। ২২

২২। অক্ষরার্থ—[এই প্রকার উক্ত হইয়া নচিকেতা বলিলেন]—হে মৃত্যো! এই বিষয়ে নিশ্চিতই দেবগণও সন্দেহ করিয়াছিলেন, [ইহা আপনার নিকট হইতেই শুনিলাম,] যেহেতু, আপনিই [এই আত্মতত্ত্ব] সুবিজ্ঞেয় নহে, [ইহা] বলিতেছেন; [আর এইহেতু এই ধর্ম্মের] বক্তাও আপনার তুল্য

অন্য [পণ্ডিত অনুসন্ধান করিয়াও] লাভ করা যায় না, [যেহেতু ইহা পণ্ডিতগণেরও জ্ঞানের বিষয় নহে]; [এই হেতু এই বরটী নিঃশ্রেয়স প্রাপ্তির হেতু বলিয়া] ইহার তুল্য আর অন্য কোনও বর নাই; [যেহেতু অন্য সকল বরই অনিত্যফলপ্রদ]। ২২

২২। তাৎপর্য্য—স্পষ্ট।

২১। শঙ্করার্চ্চনা। কিম্ অয়ম্ একান্ততঃ নিঃশ্রেয়সসাধনাত্মজ্ঞানার্হো ন বা? ইতি পরীক্ষার্থং [মৃত্যুঃ] আহ। দেবৈঃ অপি অত্র=এতস্মিন্ বস্তুনি। পুরা=পূর্ব্বম্ বিচিকিৎসিতং=সংশয়িতম্। প্রাকৃতৈঃ জনৈঃ অসকৃৎ শ্রুতম্ অপি, ন হি সুবিজ্ঞেয়ং=সুষ্ঠু, বিজ্ঞেয়ম্। (যতঃ) এষঃ ধর্ম্মঃ=আত্মাখ্যঃ ধর্ম্মঃ, অণুঃ=সূক্ষ্মঃ, অতঃ হে নচিকেতঃ! অন্যম্=অসন্দিগ্ধফলম্ বরং বৃণীষ। মা=মাং, মা উপরোৎসীঃ=উপরোধং মা কার্ষীঃ। মা=মাং প্রতি, এনং =বরম্, অতিসৃজ=বিমুঞ্চ। ২১

২২। শঙ্করার্চ্চনা। এবম্ উক্তঃ নচিকেতা আহ—হে মৃত্যো! অত্র কিল দেবৈরপি বিচিকিৎসিতম্ ইতি ভবত এবমুপ-

শতায়ুষঃ পুত্রপৌত্রান্ বৃণীষ্ব
বহুন্ পশূন্ হস্তিহিরণ্যমশ্বান্ ।
ভূমের্মহদায়তনং বৃণীষ্ব
স্বয়ঞ্চ জীব শরদো যাবদিচ্ছসি ॥ ২৩

২৩। অন্বয়ঃ—[হে নচিকেতঃ ত্বং] শতায়ুষঃ পুত্রপৌত্রান্ বৃণীষ্ব, [কিঞ্চ] বহূন্ পশূন্, হস্তি-হিরণ্যম্, অশ্বান্, ভূমেঃ মহৎ আয়তনং বৃণীষ্ব, স্বয়ং চ যাবৎ শরদঃ ইচ্ছসি [তাবৎ] জীব। ২৩

২৩। অক্ষরার্থ—[এই প্রকার কথিত হইয়াও মৃত্যু নচিকেতাকে পুনরায় প্রলোভন দেখাইয়া বলিলেন—হে নচিকেতঃ তুমি] শত বর্ষজীবী পুত্র পৌত্রগণকে প্রার্থনা কর ; [এবং গোপ্রভৃতি] বহু পশু ও হস্তী, হিরণ্য এবং অশ্ব, [আর] পৃথিবীর সুবিস্তীর্ণ আয়তন [অর্থাৎ সাম্রাজ্য] প্রার্থনা কর ; এবং

নিজেও [তুমি] যত বৎসর জীবিত থাকিতে ইচ্ছা কর, [তত] বৎসর [সমস্ত ইন্দ্রিয়বিশিষ্ট শরীর ধারণ করিয়া] জীবিত থাক। ২৩।

২৩। তাৎপর্য্য—স্পষ্ট

শ্রুতম্ ; যৎ=যস্মাৎ, ত্বং চ ন সুজ্ঞেয়ম্—আত্মতত্ত্বম্, আত্থ= কথয়সি। অস্য ধর্ম্মস্য বক্তা চ, ত্বাদৃক্=ত্বত্তুল্যঃ। অন্যঃ= পণ্ডিতঃ। ন লভ্যঃ=অন্বিষ্যমাণোঽপি ন লভ্যঃ, পণ্ডিতৈরপি অবেদনীয়ত্বাৎ। অতঃ এতস্য, তুল্যঃ=সদৃশঃ, অন্যঃ কশ্চিৎ, বরঃ= নিঃশ্রেয়সপ্রাপ্তিহেতুঃ ন অস্তি। ২২

২৩। শঙ্করার্চ্চনা। এবম্ উক্তোঽপি পুনঃ প্রলোভয়ন্ মৃত্যুঃ উবাচ—হে নচিকেতঃ! ত্বং শতায়ুষঃ=শতং বর্ষাণি আয়ূংষি যেষাং তান্। পুত্রপৌত্রান্ বৃণীষ, কিঞ্চ বহূন্, পশূন্=গবাদিলক্ষণান্ হস্তিহিরণ্যং—হস্তী চ হিরণ্যঞ্চ, অশ্বান্ ভূমেঃ=পৃথিব্যাঃ, মহৎ= বিস্তীর্ণম্, আয়তনম্=আশ্রয়ং—মণ্ডলং সাম্রাজ্যম্, বৃণীষ। স্বয়ং চ—ত্বম্, যাবৎ শরদঃ=বর্ষাণি। ইচ্ছসি=জীবিতুম ইচ্ছসি। তাবৎ, জীব=সমগ্রেন্দ্রিয়কলাপং শরীরং ধারয়। ২৩

এতত্তুল্যং যদি মন্যসে বরং
বৃণীষ্ব বিত্তং চিরজীবিকাঞ্চ।
মহাভূমৌ নচিকেতস্ত্বমেধি,
কামানাং ত্বা কামভাজং করোমি ॥ ২৪

২৪। অন্বয়ঃ—[হে] নচিকেতঃ যদি এতৎ তুল্যং বরং মন্যসে [তম্ অপি] বৃণীষ, [কিঞ্চ] বিত্তং চিরজীবিকাং চ [বৃণীষ], মহাভূমৌ ত্বম্ এধি [অহং] ত্বা কামানাং কামভাজং করোমি। ২৪

২৪। অক্ষরার্থ—[হে] নচিকেতঃ যদি ইহার তুল্য (অর্থাৎ যাহা বলিয়াছি তাহার সদৃশ অন্য) বরও মনে কর, [তাহাও] প্রার্থনা কর; [এবং] বিত্ত (অর্থাৎ প্রভূত হিরণ্যরত্নাদি) ও [তৎ সহ] চিরকাল বাঁচিয়া থাকা [প্রার্থনা কর, অধিক কি বলিব] এই মহৎ ভূমণ্ডলে রাজা হও; [আমি] তোমাকে

যে যে কামা দুর্লভা মর্ত্ত্যলোকে
সর্ব্বান্ কামাংশ্ছন্দতঃ প্রার্থয়স্ব।
ইমা রামাঃ সরথাঃ সতূর্য্যা
ন হীদৃশা লম্ভনীয়া মনুষ্যৈঃ।
আভির্মৎপ্রত্তাভিঃ পরিচারয়স্ব
নচিকেতো মরণং মানুপ্রাক্ষীঃ ॥ ২৫

[দেবতা ও মানুষসম্বন্ধীয়] কাম্যবিষয়ের কামভাগী করিব। ২৪

২৫। অন্বয়ঃ—মর্ত্ত্যলোকে যে যে কামাঃ দুর্লভাঃ [তান্] সর্ব্বান্ কামান্ ছন্দতঃ প্রার্থয়স্ব। ইমাঃ সরথাঃ সতূর্য্যাঃ রামাঃ [বিদ্যন্তে], ঈদৃশাঃ মনুষ্যৈঃ ন হি লম্ভনীয়াঃ। [হে] নচিকেতঃ! মৎপ্রত্তাভিঃ আভিঃ পরিচারয়স্ব, মরণং মা অনুপ্রাক্ষীঃ। ২৫।

২৫। অক্ষরার্থ—মর্ত্ত্যলোকে যে সকল প্রার্থনীয়

এবং দুর্লভ বিষয়, [সেই সকল] কামনার বিষয়কে ইচ্ছা-মত প্রার্থনা কর। এই যে রথ সহিত ও বাদ্যযন্ত্র সহিত রমণীগণ [রহিয়াছে,] [আমাদিগের সন্তুষ্টি ব্যতিরেকে] এবংবিধ [রমণীগণকে] মনুষ্যসমূহ লাভ করিতে পারে না, [হে] নচিকেতঃ! মৎকর্ত্তৃক প্রদত্ত এই সকল পরি-চারিকা দ্বারা [নিজের পাদপ্রক্ষালনাদিরূপ] শুশ্রূষা করাও। মরণসম্বন্ধীয় প্রশ্ন (অর্থাৎ মরণের পর আত্মা থাকে কিংবা থাকে না—এই প্রকার কাকের দন্ত পরীক্ষারূপ) প্রশ্ন করিও না (অর্থাৎ এরূপ প্রশ্ন করা তোমার উচিত হয় না। ২৫

২৪। তাৎপর্য্য—স্পষ্ট। ২৫। তাৎপর্য্য—স্পষ্ট।

২৪। শঙ্করার্চ্চনা। হে নচিকেতঃ! যদি এতত্তুল্যং=এতেন যথোপদিষ্টেন সদৃশম্,অন্যম্ অপি বরং মন্যসে তম্ অপি বৃণীষ, কিঞ্চ বিত্তং প্রভূতং হিরণ্যরত্নাদি, চিরজীবিকাং সহ বিত্তেন চ বৃণীষ; মহাভূমৌ=মহত্যাং ভূমৌ, ত্বম্ এধি=ত্বং রাজা ভব। ত্বা=ত্বাং

শ্বোভাবা মর্ত্যস্য যদন্তকৈতৎ
সর্ব্বেন্দ্রিয়াণাং জরয়ন্তি তেজঃ।
অপি সর্ব্বং জীবিতমল্পমেব
তবৈব বাহাস্তব নৃত্যগীতে ॥ ২৬

২৬। অন্বয়ঃ—[হে] অন্তক ! [ত্বদুপন্যস্ত-ভোগাঃ] শ্বোভাবাঃ, [তথা] মর্ত্ত্যস্য যৎ এতৎ সর্ব্বেন্দ্রিয়াণাং তেজঃ [তৎ] জরয়ন্তি, সর্ব্বম্ অপি জীবিতম্ অল্পম্ এব, বাহাঃ তব এব [তিষ্ঠন্তু], নৃত্য-গীতে চ তব [তিষ্ঠতাম্]। ২৬

২৬। অক্ষরার্থ—[হে] যম ! [আপনার প্রস্তাবিত ভোগ সকল] কল্য পর্য্যন্ত স্থায়ী কি না সন্দেহ, [এবং] মনুষ্যের যে এই ইন্দ্রিয়সকলের তেজঃ, [তাহা] জীর্ণ করে, সকল জীবনই অল্পই, রথসকল তোমারই [থাকুক,] এবং নৃত্য ও গীত তোমার [থাকুক]। ২৬

২৬। তাৎপর্য্য—[নচিকেতা বলিলেন,—হে] মৃত্যো! [ত্বৎকর্ত্তৃক দীয়মান ভোগ্যসমূহ] শ্বোভাব (অর্থাৎ কল্য থাকিবে কিংবা থাকিবে না—এইরূপ সন্দেহের বিষয়—যাহাদের ভাব অর্থাৎ সত্তা তদ্রূপ) হয়, [এবং মনুষ্যের সকল ইন্দ্রিয়ের যে এই তেজঃ, তাহাকে জীর্ণ করিয়া থাকে; কারণ, অপ্সরাপ্রভৃতির ভোগ সকল অনর্থহেতুই হয়, যেহেতু তাহারা ধর্ম্ম বীর্য্য তেজঃ এবং যশঃ প্রভৃতি ক্ষয় করে। আর আপনি যে দীর্ঘ জীবন দিতে ইচ্ছা করিতেছেন, তদ্বিষয়েও শ্রবণ

কামানাং=দিব্যানাং মানুষাণাঞ্চ কামানাম্, কামভাজং =কামভাগিনং কামার্হম্, করোমি। ২৪

২৫। শঙ্করার্চ্চনা। মর্ত্ত্যলোকে যে যে কামাঃ=প্রার্থনীয়াঃ, দুর্ল্লভাঃ তান্ সর্ব্বান্ কামান্, ছন্দতঃ=ইচ্ছাতঃ। প্রার্থয়স্ব। ইমাঃ=দিব্যা অপ্সরসঃ, সরথাঃ=সহ রথৈর্ব্বর্ত্তন্তে ইতি। সতূর্য্যাঃ=সবাদিত্রাঃ, রামাঃ=রময়ন্তি পুরুষান্ ইতি, বিদার্থে ঈদৃশাঃ—এবংবিধাঃ, মনুষ্যৈঃ=মর্ত্ত্যৈঃ, ন হি লম্ভনীয়াঃ

করুন, সকল জীবনই [এমন কি ব্রহ্মার জীবনও] অল্পই, [আমাদের দীর্ঘ জীবনের কথা আর কি বলিব ?] অতএব রথাদি আপনারই থাকুক, এবং নৃত্যগীতও আপনারই থাকুক। ২৬

অস্মদাদিপ্রসাদমন্তরেণ প্রাপণীয়াঃ। হে নচিকেতঃ। মৎ-প্রত্তাভিঃ=ময়া দত্তাভিঃ পরিচারিকাভিঃ আভিঃ পরিচারয়স্ব=আত্মনঃ পাদপ্রক্ষালনাদিশুশ্রূষাং কারয়। মরণং=মরণসম্বন্ধং প্রশ্নং—প্রেত্য অস্তি নাস্তীতি কাকদন্তপরীক্ষারূপং, মা অনুপ্রাক্ষীঃ =মৈবং প্রষ্টুম্ অর্হসি। ২৫

২৬। শঙ্করার্চ্চনা। নচিকেতা আহ—হে অন্তক=হে মৃত্যো। শ্বোভাবাঃ=শ্বঃ ভবিষ্যন্তি ন ভবিষ্যন্তি বা ইতি সন্দিহ্যমানঃ এব যেষাং ভাবঃ ভবনং—ত্বয়া উপন্যস্তানাং ভোগানাং, তে শ্বোভাবাঃ ত্বদুপন্যস্তভোগাঃ, (তথা) মর্ত্ত্যস্য=মনুষ্যস্য। যৎ=এতৎ সর্ব্বেন্দ্রিয়াণাং তেজঃ, তৎ জরয়ন্তি=অপক্ষপয়ন্তি=অপ্সরঃপ্রভৃতয়ঃ ভোগা অনর্থায় এব এতে ধর্ম্মবীর্য্যপ্রজ্ঞাতেজোযশঃপ্রভৃতীনাং ক্ষপয়িতৃত্বাৎ, যাং চাপি দীর্ঘজীবিকাং দিৎসসি তত্রাপি শৃণু, সর্ব্বং যৎ ব্রহ্মণঃ অপি জীবিতং=আয়ুঃ অল্পম্ এব, কিম্ উত অস্মদাদি-

ন বিত্তেন তর্পণীয়ো মনুষ্যো
লপ্স্যামহে বিত্তমদ্রাক্ষ্ম চেৎ ত্বা ।
জীবিষ্যামো যাবদীশিষ্যসি ত্বং
বরস্তু মে বরণীয়ঃ স এব ॥২৭

২৭ । অন্বয়ঃ—মনুষ্যঃ বিত্তেন ন তর্পণীয়ঃ, [বয়ম্] চেৎ ত্বা অদ্রাক্ষ্ম, [তর্হি] বিত্তং লপ্স্যামহে, [তথা] ত্বং যাবৎ ঈশিষ্যসি, [তাবৎ] জীবিষ্যামঃ। মে তু সঃ এব বরঃ বরণীয়ঃ । ২৭

২৭ । অক্ষরার্থ—মনুষ্য বিত্তের দ্বারা তৃপ্ত হয় না, [আমরা] যদি তোমাকে দেখিয়াছি [তাহা হইলে] বিত্ত লাভ করিব, [এবং] তুমি যত দিন শাসন করিবে, [ততদিন] জীবিত থাকিব। আমার কিন্তু সেই বরই প্রার্থনীয় । ২৭

২৭ । তাৎপর্য্য—মনুষ্য প্রভূত বিত্তদ্বারা তৃপ্তি

লাভ করিতে পারে না। যেহেতু লোকে বিত্তলাভ, কাহারও তৃপ্তি কর হয়, ইহা দেখা যায় না। যদি আমাদের ধনতৃষ্ণাই থাকে, আপনাকে যখন দেখিতে পাইয়াছি, তখন আমরা তাহা পাইবই; এবং আপনি যতদিন যমরাজপদে প্রভুত্ব করিবেন, তত দিন আমরা বাঁচিয়া থাকিবই, আমার কিন্তু, সেই আত্মবিজ্ঞানরূপ বরই বরণীয়। ২৭

দীর্ঘজীবিকা। অতঃ, বাহাঃ=রথাদয়ঃ, তব এব তিষ্ঠন্তু, তথা নৃত্য-গীতে চ তব তিষ্ঠতাম্। ২৬।

২৭। শঙ্করার্চনা। কিঞ্চ মনুষ্যঃ বিত্তেন=(প্রভূতেন) ধনেন ন তর্পণীয়ঃ=(আপ্যায়নীয়ঃ)। ন হি লোকে বিত্তলাভঃ কস্যচিৎ তৃপ্তিকরঃ দৃষ্টঃ। চেৎ=যদি নাম অস্মাকং বিত্ততৃষ্ণা স্যাৎ, ত্বা=ত্বাম্। অদ্রাক্ষ্ম=দৃষ্টবন্তঃ বয়ম্, তর্হি বিত্তং লপ্স্যামহে =প্রাপ্স্যামহে। ত্বং যাবৎ ঈশিষ্যসি=ঈশিষ্যসে, যাম্যে পদে প্রভুঃ স্যাঃ, তাবৎ জীবিষ্যামঃ। মে তু, স এব=যৎ আত্মবিজ্ঞানং স এব বরণীয়ঃ। ২৭

অজীর্য্যতামমৃতানামুপেত্য
জীর্য্যন্ মর্ত্ত্যঃ ক্বধঃস্থঃ প্রজানন্।
অভিধ্যায়ন্ বর্ণরতিপ্রমোদান্
অতিদীর্ঘে জীবিতে কো রমেত ॥ ২৮

২৮। অন্বয়ঃ—কধঃস্থঃ কঃ জীর্য্যন্ মর্ত্ত্যঃ অজীর্য্যতাম্ অমৃতানাম্ উপেত্য প্রজানন্, বর্ণরতিপ্রমোদান্ অভিধ্যায়ন্ অতিদীর্ঘে জীবিতে রমেত। ২৮

২৮। অক্ষরার্থ—কু অর্থাৎ পৃথিবীরূপ অধোদেশস্থিত কোন জীর্ণতাপ্রাপ্ত মর্ত্ত্য, জীর্ণতাবিহীন অমৃতগণের নিকটে আসিয়া প্রকৃষ্টরূপে জানিয়া বর্ণ, রতি ও প্রমোদসমূহকে অভিধ্যান করিয়া অতিদীর্ঘ জীবনে অনুরক্ত হইবে? ২৮

২৮। তাৎপর্য্য—কধঃস্থঃ অর্থাৎ অন্তরিক্ষ লোকের অপেক্ষায় অধঃস্বরূপ পৃথিবীতে অবস্থিতি

করিয়া, কোন্ বিবেকী ব্যক্তি বয়োহানিপরিশূন্য দেবতাদিগের নিকটে উপস্থিত হইয়া, তাহাদের নিকট হইতে আত্মার উৎকৃষ্ট প্রয়োজনান্তর প্রাপ্ত হওয়া যায়, ইহা অবগত হইয়া, অবিবেকীদিগের প্রার্থনীয় অস্থির পুত্র, বিত্ত ও হিরণ্যাদি কেন প্রার্থনা করিবে? এবং অপ্সরঃপ্রমুখ বর্ণ, রতি ও প্রমোদপ্রভৃতিকে অনবস্থিতত্বরূপে যথাযথভাবে নিরূপণপূর্ব্বক অতিদীর্ঘ জীবনে প্রীতি অনুভব করিবে? অথবা "কধঃস্থঃ" স্থলে "ক তদাস্থঃ" এইরূপ পাঠও দেখা যায়। এই পক্ষে

২৮। শঙ্করার্চ্চনা। যতশ্চ কধঃস্থঃ=কুঃ—পৃথিবী, অধশ্চাসৌ অন্তরিক্ষাদিলোকাপেক্ষয়া তস্যাং তিষ্ঠতি ইতি। "ক তদাস্থঃ" ইতি বা পাঠান্তরম্। অস্মিন্ পক্ষে চ এবম্ অক্ষরযোজনা—তেষু পুত্রাদিষু আস্থা=আস্থিতিঃ তাৎপর্য্যেণ বর্ত্তনং যস্য, স তদাস্থঃ। ততোঽধিকতরং পুরুষার্থং দুষ্প্রাপম্ অপি অভিপ্রেপ্সুঃ ক তদাস্থো ভবেৎ? ন কশ্চিৎ তৎ তদসারজ্ঞঃ তদর্থীস্যাৎ—ইত্যর্থঃ। কঃ

“কঃ তদাস্থঃ ভবেৎ” এইরূপ অন্বয় করিয়া এই প্রকার অর্থ করিতে হয়, যথা—সেই পুত্রাদিতে আস্থা যাহার থাকে সে ‘তদাস্থ’ পদবাচ্য। সুতরাং সেই পুত্রাদি হইতে অধিকতর দুষ্প্রাপ্য যে পুরুষার্থ, তাহার অভিলাষী হইয়া কোন্ বিবেকী ব্যক্তি কিরূপে তাহাতে আস্থাবান্ হইবে ? অর্থাৎ তাহাদের অসারতা জানিয়া কেহই তাহার প্রার্থী হয় না। ২৮

বিবেকী, জীর্য্যন্ মর্ত্ত্যঃ=জরামরণবান্, অজীর্য্যতাং=বয়োহানিম্ অপ্রাপ্নুবতাম্। অমৃতানাং=দেবানাং, উপেত্য সকাশম্ উপগম্য। প্রজানন্ আত্মনঃ উৎকৃষ্টং প্রয়োজনান্তরং প্রাপ্তব্যং, তেভ্যঃ উপলভ্যমানঃ সন্ কথম্ অবিবেকিভিঃ প্রার্থনীয়ং পুত্রবিত্তহিরণ্যাদি অস্থিরং বৃণীতে। বর্ণরতিপ্রমোদান্ অপ্সরঃ=প্রমুখান্ অভিধ্যায়ন্ অনবস্থিতরূপতয়া যথাবৎ নিরূপয়ন্ অতি=দীর্ঘে জীবিতে রমেত।২৮

যস্মিন্নিদং বিচিকিৎসন্তি মৃত্যো
যৎ সাম্পরায়ে মহতি ব্রূহি নস্তৎ।
যোঽয়ং বরো গূঢ়মনুপ্রবিষ্টো
নান্যং তস্মান্নচিকেতা বৃণীতে॥ ২৯

ইতি প্রথমাধ্যায়ে প্রথমাবল্লী সমাপ্তা।

২৯। অন্বয়ঃ—[হে] মৃত্যো! যস্মিন্ [জনাঃ] ইদং বিচিকিৎসন্তি, মহতি সাম্পরায়ে যৎ, তৎ নঃ ব্রূহি। যঃ অয়ং বরঃ গূঢ়ম্ অনুপ্রবিষ্টঃ নচিকেতাঃ তস্মাৎ অন্যং ন বৃণীতে। ২৯

২৯। অক্ষরার্থ—[হে] মৃত্যো! যাহাতে [জনগণ] এইরূপ সংশয় করে, [এবং] মহৎ পরলোকবিষয়ে যাহা, তাহা আমাদিগকে বলুন। যে এই বর, গূঢ়কে প্রাপ্ত হইয়াছে, নচিকেতা তাহা হইতে অন্য বর প্রার্থনা করে না। ২৯

২৯। তাৎপর্য্য। এই হেতু, হে মৃত্যো! যে

প্রেতবিষয়ে 'আছে' কি 'নাই' এই প্রকার সংশয় [লোকে] করিয়া থাকে, সেই মহৎ প্রয়োজনীয় পরলোকবিষয়ে যাহা আত্মার নির্ণয়রূপ বিজ্ঞান, তাহা আমাদিগকে বলুন। এই যে প্রস্তাবিত আত্ম-বিষয়ক বর ইহা গূঢ়তাকে প্রাপ্ত হইয়াছে, অর্থাৎ ইহা গহন ও দুর্ব্বিবেচনীয় বিষয় হইয়াছে, সেই বর হইতে অন্য বর, অর্থাৎ অবিবেকীদিগের প্রার্থনীয় অনিত্যবিষয়ক বর নচিকেতা মনে মনেও প্রার্থনা করেন না। ইহাও শ্রুতির বাক্য। ২৯

২৯। শঙ্করার্চ্চনা। অতঃ হে মৃত্যো! যস্মিন্=যস্মিন্ প্রেতে। জনা ইদং=অস্তি নাস্তি ইত্যেবং প্রকারং বিচিকিৎসনম্। বিচিকিৎসন্তি—সংশয়ন্তে; মহতি মহাপ্রয়োজননিমিত্তে। সাম্পরায়ে=পরলোকবিষয়ে, যৎ=আত্মনঃ নির্ণয়-বিজ্ঞানম্। তৎ নঃ=অস্মভ্যম্। ব্রূহি=কথয়। যঃ অয়ং বরঃ প্রকৃতাত্মবিষয়ঃ বরঃ গূঢ়ং=গহনং দুর্বিবেচনম্ অনুপ্রবিষ্টঃ প্রাপ্তঃ নচিকেতাঃ তস্মাৎ বরাৎ অন্যম্ অবিবেকিভিঃ প্রার্থনীয়ম্ অনিত্যবিষয়ং বরং ন বৃণীতে=(মনসা অপি ন) প্রার্থয়তে। ২৯

প্রথমাধ্যায়ে—দ্বিতীয়াবল্লী।

অন্যচ্ছ্রেয়োঽন্যদুতৈব প্রেয়-
স্তে উভে নানার্থে পুরুষং সিনীতঃ।
তয়োঃ শ্রেয় আদদানস্য সাধু
ভবতি, হীয়তেঽর্থাদ্ যউ প্রেয়ো বৃণীতে ॥১।৩০

১। অন্বয়ঃ—শ্রেয়ঃ অন্যৎ, প্রেয়ঃ উত অন্যৎ এব ; নানার্থে [সতী] তে উভে পুরুষং সিনীতঃ। তয়োঃ শ্রেয়ঃ আদদানস্য সাধু ভবতি, যঃ উ প্রেয়ঃ বৃণীতে, [সঃ] অর্থাৎ হীয়তে ॥ ১

১—অক্ষরার্থ—শ্রেয়ঃ অন্য, আর প্রেয়ও অন্যই, বিভিন্ন প্রয়োজনবিশিষ্ট [হইয়া] তাহারা উভয়ই পুরুষকে আবদ্ধ করে। তাহাদের মধ্যে শ্রেয়োবলম্বীর সাধু হয়, আর যিনি প্রেয়কে বরণ করেন, [তিনি] পুরুষার্থ হইতে বিচ্যুত হন। ১

১। তাৎপর্য্য। শিষ্য নচিকেতাকে পরীক্ষা করিয়া এবং তাহার বিদ্যাযোগ্যতা অবগত হইয়া যম বলিলেন—নিঃশ্রেয়স্ পৃথক্ পদার্থ, এবং যাহা প্রেয়ঃ অর্থাৎ প্রিয়তর, তাহাও পৃথক্ পদার্থ; সেই শ্রেয়ঃ এবং প্রেয়ঃ এই উভয়ের প্রয়োজন ভিন্ন ভিন্ন বলিয়া তাহারা বর্ণাশ্রমাদিবিশিষ্ট অধিকারী পুরুষকে আবদ্ধ করে। সেই উভয়ের মধ্যে অবিদ্যারূপ প্রেয়ঃ পদার্থকে পরিত্যাগ করিয়া, কেবল শ্রেয়ঃ পদার্থকে যিনি গ্রহণ করেন, তাঁহার মঙ্গল হয়; কিন্তু যে অদূরদর্শী বিমূঢ়ব্যক্তি প্রেয়ঃ পদার্থকে গ্রহণ করে, সে ব্যক্তি নিত্য অথচ প্রয়োজনীয় পারমার্থিকরূপ পুরুষার্থ হইতে বিযুক্ত অর্থাৎ প্রচ্যুত হয়। ১

১। শঙ্করার্চ্চনা। পরীক্ষ্য শিষ্যং বিদ্যাযোগ্যতাঞ্চ অবগম্য যম আহ—শ্রেয়ঃ=নিঃশ্রেয়সম্। অন্যৎ=পৃথক্ এব। প্রেয়ঃ=প্রিয়তরম্। উভে=অপি। অন্যৎ, এব=চ, নানার্থে=ভিন্ন-প্রয়োজনে সতী। তে উভে=প্রেয়ঃশ্রেয়সী। পুরুষং=অধিকৃতং

শ্রেয়শ্চ প্রেয়শ্চ মনুষ্যমেতঃ
তৌ সম্পরীত্য বিবিনক্তি ধীরঃ।
শ্রেয়ো হি ধীরোঽভিপ্রেয়সো বৃণীতে
প্রেয়ো মন্দো যোগক্ষেমাদ্ বৃণীতে। ২।৩১

২। অন্বয়ঃ—শ্রেয়ঃ চ প্রেয়ঃ চ মনুষ্যম্ এতঃ, ধীরঃ তে সম্পরীত্য বিবিনক্তি, ধীরঃ প্রেয়সঃ শ্রেয়ঃ হি অভিবৃণীতে, মন্দঃ যোগক্ষেমাৎ প্রেয়ঃ বৃণীতে ॥ ২

২। অক্ষরার্থ—শ্রেয়ঃ এবং প্রেয়ঃ [এই উভয়] পুরুষকে প্রাপ্ত হইয়া রহিয়াছে, ধীমান্ ব্যক্তি সেই [শ্রেয়ঃ প্রেয়ঃ পদার্থ] দ্বয়কে সম্যক্‌রূপে জ্ঞাত হইয়া (অর্থাৎ মনে মনে তাহাদের গৌরব ও লাঘব সম্যক্‌রূপে আলোচনা করিয়া) পৃথক্ করেন। ধীমান্ ব্যক্তিই প্রেয়ঃ পদার্থ হইতে [শ্রেষ্ঠ বলিয়াই] শ্রেয়ঃ পদার্থকে গ্রহণ করেন, [কিন্তু], যে অল্পবুদ্ধি, [সে সদসদ্ বিবেকের অসামর্থ্যবশতঃ] যোগক্ষেম নিমিত্ত (অর্থাৎ

স ত্বং প্রিয়ান্ প্রিয়রূপাংশ্চ কামান্
অভিধ্যায়ন্ নচিকেতোঽত্যস্রাক্ষীঃ।
নৈতাং সৃঙ্কাং বিত্তময়ীমবাপ্তো
যস্যাং মজ্জন্তি বহবো মনুষ্যাঃ। ৩।৩২।

শরীরাদির রক্ষণ ও বৃদ্ধি নিমিত্ত পশুপুত্রাদিলক্ষণ) প্রেয়ঃ পদার্থকে গ্রহণ করে॥ ২

৩। অন্বয়ঃ—[হে] নচিকেতঃ সঃ ত্বং প্রিয়ান্ প্রিয়রূপান্ চ কামান্ অভিধ্যায়ন্ অত্যস্রাক্ষীঃ। এতাং বিত্তময়ীম্ সৃঙ্কাং ন অবাপ্তঃ, যস্যাং বহবঃ মনুষ্যাঃ মজ্জন্তি। ৩

৩। অক্ষরার্থ—[হে] নচিকেতঃ! সেই তুমি [মৎ-কর্ত্তৃক বার বার প্রলোভ্যমান হইয়াও] প্রিয় [অর্থাৎ পুত্রাদি] এবং প্রিয়রূপ [অর্থাৎ অপ্সরঃ প্রভৃতি] কামনার বিষয় সকলকে চিন্তা করিয়া [অর্থাৎ তাহাদের অনিত্যত্ব এবং অসারত্বাদিরূপ দোষের

অভিধ্যান করিয়া] পরিত্যাগ করিয়াছ। এই ধনরূপা সৃঙ্কা অর্থাৎ [মূঢ় ব্যক্তির প্রবৃত্তিজনক] কুৎসিত গতিকে প্রাপ্ত হও নাই, যে গতিতে অনেক [মূঢ়] মনুষ্যই নিমগ্ন হয়। ৩

বর্ণাভ্রমাদিবিশিষ্টং সিনীতঃ=বধ্নীতঃ। তয়োঃ=শ্রেয়ঃপ্রেয়সোঃ। অবিদ্যারূপং প্রেয়ঃ হিত্বা, শ্রেয়এব কেবলম্, আদদানস্য=উপাদানং কুর্ব্বতঃ। সাধু=শোভনং শিবম্, ভবতি। যঃ=অদূরদর্শী বিমূঢ়ঃ। উ=তু। প্রেয়ঃ, বৃণীতে=উপাদত্তে। সঃ, অর্থাৎ=পুরুষার্থাৎ পারমার্থিকাৎ নিত্যাৎ প্রয়োজনাৎ। হীয়তে=বিযুজ্যতে প্রচ্যবতে। ১

২। শব্দার্থার্চ্চনা। শ্রেয়শ্চ প্রেয়শ্চ—এতে উভে। মনুষ্যং=পুরুষম্। এতঃ=আ+ইতঃ—প্রাপ্নুতঃ। ধীরঃ=ধীমান্। তৌ=শ্রেয়ঃপ্রেয়ঃপদার্থৌ। সম্পরীত্য=সম্যক্ পরিগম্য, মনসা গুরুলাঘবং সম্যক্ আলোচ্য। বিবিনক্তি=পৃথক্ করোতি। ধীরঃ প্রেয়সঃ শ্রেয়ঃ, হি=এব, অভিবৃণীতে=উপাদত্তে। মন্দঃ=অল্পবুদ্ধিঃ। যোগক্ষেমাৎ=যোগক্ষেমনিমিত্তং শরীরাদ্যুপচয়রক্ষণনিমিত্তম্। প্রেয়ঃ=পশুপুত্রাদিলক্ষণং, বৃণীতে। ২

৩। তাৎপর্য্য—এই শ্লোক হইতে কয়েকটী শ্লোকে যমরাজ নচিকেতার বৈরাগ্য ও বিবেকের বিশেষ প্রশংসা করিলেন এবং বিত্তময়ী সংসার-গতির নিন্দা করিলেন। বিবেক ও বৈরাগ্য না জন্মিলে ব্রহ্ম-জ্ঞানে অধিকার জন্মে না—ইহাও এস্থলে ইঙ্গিত করা হইল। ৩

৩। শঙ্করার্চ্চনা। হে নচিকেতঃ! সঃ ত্বং—ময়া পুনঃ পুনঃ প্রলোভ্যমানোঽপি। প্রিয়ান্=পুত্রাদীন্। প্রিয়রূপান্ চ—অপ্সরঃ-প্রভৃতিলক্ষণান্। কামান্=কাম্যবিষয়ান্। অভিধ্যায়ন্=তেষাম্ অনিত্যত্বাসারত্বাদিদোষান্ চিন্তয়ন্। অত্যস্রাক্ষীঃ=অতি-সৃষ্টবান্—পরিত্যক্তবান্ অসি। এতাং, বিত্তময়ীং=ধনপ্রায়াম্। সৃঙ্কাং=কুৎসিতাং সৃতিং মূঢ়জনপ্রবৃত্তাম্। ন, অবাপ্তঃ=অবাপ্ত-বান্ অসি। যস্যাং=সৃতৌ। বহবঃ=অনেকে, (মূঢ়াঃ) মনুষ্যাঃ। মজ্জন্তি=সীদন্তি। ৩

দূরমেতে বিপরীতে বিষূচী
অবিদ্যা যা চ বিদ্যেতি জ্ঞাতা।
বিদ্যাভীপ্সিনং নচিকেতসং মন্যে;
ন ত্বা কামা বহবোঽলোলুপন্ত। ৪।৩৩।

৪। অন্বয়ঃ—যা অবিদ্যা, যা চ বিদ্যা ইতি [পণ্ডিতৈঃ] জ্ঞাতা, এতে দূরং বিপরীতে বিষূচী, [তত্র] নচিকেতসং [ত্বাং] বিদ্যাভীপ্সিনং মন্যে, [যস্মাৎ] বহবঃ কামাঃ ত্বা ন অলোলুপন্ত। ৪

৪। অক্ষরার্থ—যাহা অবিদ্যা এবং যাহা বিদ্যা বলিয়া [পণ্ডিতগণকর্ত্তৃক] জ্ঞাত, এই দুইটী অত্যন্ত দূরবর্ত্তী, বিপরীত ও বিভিন্ন গতিবিশিষ্ট। [যাহা হউক] নচিকেতা [তোমাকে] বিদ্যাভিলাষী মনে করি। [যেহেতু] বহু কামনার বিষয় তোমাকে প্রলুব্ধ করিতে পারে নাই। ৪

৪। তাৎপর্য্য—যাহা অবিদ্যা অর্থাৎ প্রেয়োবিষয়ের সাধন এবং যাহা বিদ্যা অর্থাৎ শ্রেয়োবিষয়ের সাধন বলিয়া পণ্ডিতগণকর্ত্তৃক জ্ঞাত হইয়াছে, সেই দুইটী পরস্পর হইতে অতিশয় পৃথক্ ও সম্পূর্ণ বিপরীত-ভাবাপন্ন, অর্থাৎ তমঃ ও প্রকাশের ন্যায় বিবেক ও অবিবেক স্বরূপ বলিয়া পরস্পর ব্যাবৃত্তরূপ এবং বিষূচী অর্থাৎ সংসার ও মোক্ষের হেতু বলিয়া বিভিন্ন ফলপ্রদ বা পৃথক্ গতিসম্পন্ন। হে নচিকেতা, তোমাকে বিদ্যার্থী অর্থাৎ শ্রেয়োভাজন বলিয়া মনে করি, যেহেতু অজ্ঞ ব্যক্তির বুদ্ধিকে প্রলোভিত করে এরূপ যে অপ্সরঃ প্রভৃতি বহু কামনার বিষয়, তাহা তোমাকে প্রলুব্ধ করিতে পারে নাই, অর্থাৎ তাহা অপ্সরঃ প্রভৃতির উপভোগের ইচ্ছাসম্পাদনদ্বারা শ্রেয়োমার্গ হইতে তোমাকে বিচ্ছিন্ন করিতে পারে নাই। ৪

৪। শব্দার্চ্চনা—যা অবিদ্যা=প্রেয়োবিষয়া। যা চ বিদ্যা=শ্রেয়োবিষয়া। পণ্ডিতৈঃ জ্ঞাতা=নির্জ্ঞাতা, পণ্ডিতৈঃ অবগতা।

অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ
স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ।
দন্দ্রম্যমাণাঃ পরিয়ন্তি মূঢ়া
অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ।৫।৩৪।

৫। অন্বয়ঃ—অবিদ্যায়াম্ অন্তরে বর্ত্তমানাঃ স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ মূঢ়াঃ যথা অন্ধেন এব নীয়মানাঃ অন্ধাঃ দন্দ্রম্যমাণাঃ পরিযন্তি। ৫

৫। অক্ষরার্থ—অবিদ্যামধ্যে বর্ত্তমান, নিজেকে ধীর ও পণ্ডিত বলিয়া বিবেচনাকারী মূঢ়গণ অন্ধেরই দ্বারা নীয়মান অন্ধের ন্যায় পুনঃ পুনঃ উৎপীড়িত হইয়া দুঃখ প্রাপ্ত হয়। ৫

৫। তাৎপর্য্য—যাহারা সংসারী ব্যক্তি, ঘনীভূত অন্ধকারের ন্যায় অবিদ্যা অর্থাৎ প্রেয়ো-বিষয়ের মধ্যে পুত্র পশু প্রভৃতিবিষয়ক তৃষ্ণারূপ

শত শত পাশদ্বারা বেষ্টিত হইয়া নিজকে প্রজ্ঞাবান্ ও শাস্ত্রকুশল বলিয়া মনে করে ; সেই সকল মূঢ় অর্থাৎ অবিবেকী ব্যক্তি দন্দ্রম্যমাণ হইয়া অর্থাৎ জরা, মরণ ও রোগাদিরূপ দুঃখদ্বারা পুনঃ পুনঃ অত্যন্ত কুটিল অনেকরূপ গতি লাভ করতঃ অনর্থ প্রাপ্ত হয়, অন্ধ-কর্ত্তৃক বিষম পথে নীয়মান অন্ধগণ যেমন মহা অনর্থ প্রাপ্ত হয়, তদ্বৎ। ৫

এতে=অবিদ্যাবিদ্যে। দূরং=দূরেণ মহতা অন্তরেণ। বিপরীতে=অন্যোন্যব্যাবৃত্তরূপে বিবেকাবিবেকাত্মকত্বাৎ তমঃ-প্রকাশৌ ইব। বিষূচী=বিষূচ্যৌ নানাগতৌ, সংসারমোক্ষহেতু-ত্বেন ভিন্নফলে। তত্র নচিকেতসং ত্বাং, বিদ্যাভীপ্সিনং=বিদ্যার্থিনং শ্রেয়োভাজনং, মন্যে, যস্মাৎ বহবঃ, কামাঃ=অবিদ্বদ্বুদ্ধিপ্রলো-ভিনঃ অপ্সরঃপ্রভৃতয়ঃ বহবোঽপি। ত্বা=ত্বাম্। ন অলোলু-পন্ত=শ্রেয়োমার্গাৎ আত্মোপভোগাভিবাঞ্ছাসম্পাদনেন ন বিচ্ছেদং কৃতবন্তঃ। ৪

৫। শঙ্করার্চ্চনা—যে তু সংসারভাজঃ জনাঃ অবিদ্যায়াং—

ন সাম্পরায়ঃ প্রতি ভাতি বালং
প্রমাদ্যন্তং বিত্তমোহেন মূঢ়ম্।
অয়ং লোকো নাস্তি পর ইতি মানী
পুনঃ পুনর্ব্বশমাপদ্যতে মে।৬।৩৫।

৬। অন্বয়ঃ—সাম্পরায়ঃ প্রমাদ্যন্তং বিত্ত-মোহেন মূঢ়ং বালং প্রতি ন ভাতি। "অয়ং লোকঃ অস্তি, পরঃ ন" ইতি মানী পুনঃ পুনঃ মে বশম্ আপদ্যতে। ৬

৬। অক্ষরার্থ—সাম্পরায়, প্রমাদী ও বিত্ত-মোহের দ্বারা মূঢ় বালকের নিকট প্রকাশিত হয় না। "এই লোক আছে," "পরলোক নাই" এইরূপ জ্ঞানবান্ পুনঃ পুনঃ আমার বশতাকে প্রাপ্ত হয়। ৬

৬। তাৎপর্য্য—সাম্পরায় অর্থাৎ পরলোক, অর্থাৎ সেই পরলোক প্রাপ্তির যে শাস্ত্রীয় সাধন-

বিশেষ তাহা, প্রমাদযুক্ত অর্থাৎ পুত্রপশুপ্রভৃতিরূপ ফলে আসক্তমনা এবং বিত্তমূলক যে অবিবেক, তাহাদ্বারা মূঢ় অর্থাৎ অজ্ঞ, যে বালক অর্থাৎ অবিবেকী, তাহার নিকট প্রকাশিত হয় না। এই যে দৃশ্যমান স্ত্রী ও অন্নপানাদিবিশিষ্ট লোক, তাহাই আছে এবং অদৃষ্ট যে পরলোক, তাহা নাই—এইরূপ

প্রেয়োবিষয়ায়াং ঘনীভূতে তমসি ইব। অন্তরে=মধ্যে। বর্ত্তমানাঃ=পুত্রপশ্বাদিতৃষ্ণাপাশশতৈঃ বেষ্টায়মানাঃ। স্বয়ং ধীরাঃ=প্রজ্ঞাবন্তঃ। পণ্ডিতম্মন্যমানাঃ=পণ্ডিতাঃ শাস্ত্রকুশলাশ্চ ইতি মন্যমানাঃ। (তে) মূঢ়াঃ=অবিবেকিনঃ। যথা, অন্ধেন এব=দৃষ্টিবিহীনেন এব। নীয়মানাঃ=বিষমে পথি নীয়মানাঃ। অন্ধাঃ—বহবোঽন্ধাঃ মহান্তম্ অনর্থম্ ঋচ্ছন্তি, তদ্বৎ। দন্দ্রম্যমানাঃ= জরামরণরোগাদিদুঃখৈঃ অত্যর্থং কুটিলাম্ অনেকরূপাং গতিং গচ্ছন্তঃ। পরিয়ন্তি=পরিগচ্ছন্তি।৫

৬। শঙ্করার্চ্চনা—সাম্পরায়ঃ=সম্পরেয়তে (সম্—সম্যক্, পরা—পরাক্‌কালে, দেহপাতাৎ ঊর্দ্ধম্, ঈয়তে—গম্যতে) ইতি সাম্পরায়ঃ পরলোকঃ তৎপ্রাপ্তিপ্রয়োজনঃ শাস্ত্রীয়ঃ সাধনবিশেষঃ।

কল্পনাপর ব্যক্তি বার বার জন্মগ্রহণ করিয়া, মৃত্যুরূপ আমার অধীনতা প্রাপ্ত হয়, অর্থাৎ জন্মমৃত্যুরূপ দুঃখ-সমূহ প্রাপ্ত হয়। ৬

প্রমাদ্যন্তং=প্রমাদং কুর্ব্বন্তং পুত্রপশ্বাদিপ্রয়োজনেষু আসক্তমনসম্। বিত্তমোহেন=বিত্তনিমিত্তেন অবিবেকেন। মূঢ়ং=তমসাচ্ছন্নম্। বালম্=অবিবেকিনম্। প্রতি ন ভাতি=ন প্রকাশতে, নোপ-তিষ্ঠতে। অয়ম্=অয়মেব। লোকঃ=যোঽয়ং দৃশ্যমানঃ স্ত্র্যন্নপানাদিবিশিষ্টঃ তস্মি পর,=অদৃষ্টোলোকঃ নঃ ইতি, মানী=মননশীলঃ। পুনঃ পুনঃ জনিত্বা, মে=মৃত্যোঃ মম। বশম্=অধীনতাম্। আপদ্যতে=জননমরণাদিলক্ষণ-দুঃখ-প্রবন্ধারূঢ় এব ভবতি। ৬

শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্যঃ
শৃণ্বন্তোঽপি বহবো যং ন বিদ্যুঃ।
আশ্চর্য্যো [ঽস্য] বক্তা, কুশলোঽস্য লব্ধা।
আশ্চর্য্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ ।৭।৩৮।

৭। অন্বয়ঃ—যঃ বহুভিঃ শ্রবণায় অপি ন লভ্যঃ, শৃণ্বন্তঃ অপি বহবঃ যং ন বিদ্যুঃ। [অস্য] বক্তা [অপি] আশ্চর্য্যঃ, অস্য লব্ধা কুশলঃ ; কুশলানুশিষ্টঃ [সন্] জ্ঞাতা [অপি] আশ্চর্য্যঃ । ৭

৭। অক্ষরার্থ—যিনি (অর্থাৎ যে আত্মা), অনেকের শ্রবণের জন্যও লভ্য নহেন, এবং [অনেক ভাগ্যহীন অসংস্কৃতাত্মব্যক্তি] শ্রবণ করিয়াও যাহাকে (যে আত্মাকে বিশেষরূপে) জানেন না। ইহার [বক্তাও] আশ্চর্য্য (অর্থাৎ অদ্ভুতের ন্যায় অনেকের মধ্যে কোনও একজন হইয়া থাকে)। [আর শ্রবণ করিয়াও] ইহার (এই আত্মার) লাভকর্ত্তা নিপুণ (অর্থাৎ অনেকের

মধ্যে একজনই হইয়া থাকে)। কুশলানুশিষ্ট (অর্থাৎ নিপুণ আচার্য্যকর্ত্তৃক উপদিষ্ট) [হইয়া] জ্ঞাতা আশ্চর্য্যই হন (অর্থাৎ অনেকের মধ্যে কোনও একজন এইরূপ হইয়া থাকেন)। ৭

৭। তাৎপর্য্য—স্পষ্ট।

৭। শব্দার্থার্চ্চনা—যঃ=আত্মা। বহুভিঃ=অনেকৈঃ। শ্রবণায় অপি=শ্রবণার্থং শ্রোতুম্ অপি। ন লভ্যঃ। শৃণ্বন্তঃ অপি বহবঃ=অনেকে অন্যে অভাগিনঃ অসংস্কৃতাত্মানঃ। যং=আত্মানম্। ন বিদ্যুঃ=ন বিদন্তি, ন বিজানীয়ুঃ। [অস্য] বক্তা [অপি] আশ্চর্য্যঃ=অদ্ভুতবদেব অনেকেষু কশ্চিদেব ভবতি। [তথা শ্রুত্বাপি] অস্য=আত্মনঃ। লব্ধা, কুশলঃ=নিপুণঃ এব, অনেকেষু লব্ধা কশ্চিদেব ভবতি। কুশলানুশিষ্টঃ=কুশলেন নিপুণেন আচার্য্যেণ অনুশিষ্টঃ সন্। জ্ঞাতা, আশ্চর্য্যঃ=কশ্চিদেব।৭

ন নরেণাবরেণ প্রোক্ত এষ
সুবিজ্ঞেয়ো বহুধা চিন্ত্যমানঃ ।
অনন্যপ্রোক্তে গতিরত্র নাস্তি,
অণীয়ান্ হ্যতর্ক্যমণুপ্রমাণাৎ ।৮।৩৭।

৮। অন্বয়ঃ—অবরেণ নরেণ প্রোক্তঃ এষঃ [আত্মা] সুবিজ্ঞেয়ঃ ন, [যস্মাৎ বাদিভিঃ] বহুধা চিন্ত্যমানঃ। অনন্যপ্রোক্তে অত্র গতিঃ নাস্তি, হি অণুপ্রমাণাৎ অণীয়ান্ অতর্ক্যম্ । ৮

৮। অক্ষরার্থ—হীন ব্যক্তির দ্বারা কথিত এই [আত্মা] উত্তমরূপে জ্ঞেয় হয় না, [যেহেতু বাদিগণ কর্ত্তৃক] বহুরূপে চিন্ত্যমান হয়। অনন্যপ্রোক্ত ইহাতে গতি নাই, যেহেতু অণুপ্রমাণ হইতেও অণুতর এবং অতর্ক্য। ৮

৮। তাৎপর্য্য—অবর অর্থাৎ হীন, অর্থাৎ প্রাকৃতবুদ্ধিসম্পন্ন মনুষ্যকর্ত্তৃক কথিত এই আত্মা,

১৩। তাৎপর্য্য—এইবার সেই পুরুষের প্রাপ্তির উপায় বলা হইতেছে। প্রাজ্ঞ অর্থাৎ বিবেকী ব্যক্তি বাক্‌কে অর্থাৎ সকল ইন্দ্রিয়কে মনে দিবেন অর্থাৎ উপসংহার করিবেন বা লয় করিবেন, সেই মনকে জ্ঞান-রূপ আত্মাতে দিবেন অর্থাৎ প্রকাশরূপ যে বুদ্ধি, সেই

বুদ্ধিরূপ যে আত্মা, তাহাতে উপসংহার করিবেন। এই বুদ্ধিই বিষয়গ্রহণকালে মনঃপ্রভৃতি ইন্দ্রিয়গণকে প্রাপ্ত হয়—এইজন্য ইহা তাহাদের প্রত্যক্‌রূপ আত্মার স্বরূপ। সেই জ্ঞান অর্থাৎ বুদ্ধিকে মহান্ আত্মাতে অর্থাৎ প্রথমজাত যে হিরণ্যগর্ভ, সেই হিরণ্যগর্ভে উপসংহার করিবে, অর্থাৎ স্বীয় বিজ্ঞানরূপ বুদ্ধিকে প্রথমজাত বা হিরণ্যগর্ভের বুদ্ধির ন্যায় স্বচ্ছস্বভাব করিবে, অনন্তর সেই মহান্ আত্মাকে শান্ত আত্মাতে অর্থাৎ সর্ব্ববিশেষরহিত, অবিক্রিয়, সর্ব্বান্তর, সর্ব্ব বুদ্ধি বা প্রত্যয়ের সাক্ষী মুখ্য আত্মাতে উপসংহার করিবে। ১৩

১৩। শব্দার্চ্চনা—তৎপ্রাপ্ত্যুপায়ম্ আহ—যচ্ছেৎ ইত্যাদি। প্রাজ্ঞঃ=বিবেকী, বাক্=বাচম্, সর্ব্বেন্দ্রিয়াণি, মনসী=মনসি, (ছান্দসং দৈর্ঘ্যম্) যচ্ছেৎ=নিযচ্ছেৎ, উপসংহরেৎ, তৎ=মনঃ, জ্ঞানে আত্মনি=প্রকাশস্বরূপে বুদ্ধৌ আত্মনি, বুদ্ধিঃ হি মনআদি=করণানি প্রাপ্নোতি ইতি আত্মা প্রত্যক্ তেষাম্, যচ্ছেৎ=উপসংহরেৎ জ্ঞানম্=বুদ্ধিম্, মহতি আত্মনি=প্রথমজে নিযচ্ছেৎ, প্রথমজবৎ স্বচ্ছস্বভাবম্ আত্মনঃ বিজ্ঞানম্ আপাদয়েৎ ইত্যর্থঃ। তৎ=

যাইয়া তাঁহাদের উপদিষ্ট সর্ব্বান্তর আত্মাকে "আমি" বলিয়া অবগত হও। কবি অর্থাৎ মেধাবিগণ ক্ষুরের শাণিত ও পদদ্বারা দুরতিক্রম্য ধার অর্থাৎ অগ্রভাগের ন্যায় সেই তত্ত্বজ্ঞানলক্ষণ পথকে দুর্গ অর্থাৎ দুঃসম্পাদ্য বলিয়া থাকেন। অভিপ্রায় এই যে, জ্ঞেয়বস্তু অতি সূক্ষ্ম বলিয়া তদ্বিষয়ক যে জ্ঞানমার্গ, তাহাকে দুঃসম্পাদ্য বলা হয়। ১৪

তদ্দর্শনার্থম্ অনাদ্যবিদ্যাপ্রসুপ্তা হে জন্তবঃ [যুয়ং] উত্তিষ্ঠত= আত্মজ্ঞানাভিমুখাঃ ভবত; জাগ্রত=অজ্ঞাননিদ্রায়াঃ ঘোররূপায়াঃ সর্ব্বানর্থবীজভূতায়াঃ ক্ষয়ং কুরত, বরান্=প্রকৃষ্টান্ আচার্য্যান্ তদ্বিদঃ প্রাপ্য=উপগম্য, তদুপদিষ্টং সর্ব্বান্তরম্ আত্মানম্ "অহমস্মি" ইতি নিবোধত—অবগচ্ছত, কবয়ঃ= মেধাবিনঃ, ক্ষুরস্য=কেশনিকৃন্তনসাধনস্য নিশিতা=তীক্ষ্ণীকৃতা, দুরত্যয়া=দুঃখেন অত্যয়ো যস্যাঃ সা, পদ্ভ্যাং দুর্গমনীয়া, ধারা= অগ্রং যথা, তথা তং পথঃ=তং পন্থানং=তত্ত্বজ্ঞানলক্ষণং মার্গং দুর্গং=দুঃসম্পাদ্যম্ বদন্তি। জ্ঞেয়স্য অতিসূক্ষ্মত্বাৎ তদ্বিষয়স্য জ্ঞানমার্গস্য দুঃসম্পাদত্বং বদন্তি ইত্যভিপ্রায়ঃ। ১৪

অশব্দমস্পর্শমরূপমব্যয়ম্।
তথাঽরসং নিত্যমগন্ধবচ্চ যৎ।
অনাদ্যনন্তং মহতঃ পরং ধ্রুবং।
নিচায্য তন্মৃত্যুমুখাৎ প্রমুচ্যতে ॥৬৯॥১৫

১৫। অন্বয়ঃ।—যৎ অশব্দম্ অস্পর্শম্ অরূপম্ তথা অরসম্ অগন্ধবৎ চ, [অতএব] অব্যয়ং নিত্যম্ অনাদ্যনন্তং মহতঃ পরং ধ্রুবং তং নিচায্য মৃত্যুমুখাৎ প্রমুচ্যতে। ১৫

১৫। অক্ষরার্থ—যাহা অশব্দ, অস্পর্শ, অরূপ, এবং অরস, এবং অগন্ধবৎ [অতএব] অব্যয় নিত্য সেই অনাদি অনন্ত মহতের পর ও ধ্রুব, তাহাকে অবগত হইয়া মৃত্যুমুখ হইতে প্রমুক্ত হয়। ১৫

১৫। তাৎপর্য্য—সেই জ্ঞেয় বস্তু অতি সূক্ষ্ম কেন, তাহাই বলা হইতেছে। যে ব্রহ্ম শব্দ-

রহিত, স্পর্শরহিত, রূপরহিত, রসরহিত এবং গন্ধহীন অতএব অব্যয় অর্থাৎ ক্ষয়শূন্য, সুতরাং নিত্য ; এবং অনাদি অর্থাৎ আদিস্বরূপ-কারণশূন্য, অতএব নিত্য কারণ ; যাহা আদিমৎ হয়, তাহাই কার্য্য বলিয়া অনিত্য, এবং তাহাই পৃথিব্যাদির ন্যায় কারণে বিলীন হয়। ইহা কিন্তু সকলের কারণ বলিয়া অকার্য্য এবং অকার্য্য বলিয়া নিত্য ; যেহেতু তাহার কারণই নাই যাহাতে ইহা লয়প্রাপ্ত হইবে। তদ্রূপ, ইহা অনন্ত অর্থাৎ অন্তরূপ কার্য্য ইহার বিদ্যমান নাই। এই

১৫। শঙ্করার্চ্চনা—তৎ কথম্ অতিসূক্ষ্মত্বং জ্ঞেয়স্য ইতি উচ্যতে—যৎ=ব্রহ্ম, অশব্দম্=শব্দরহিতম্, অস্পর্শম্=স্পর্শরহিতম্, অরূপম্=রূপরহিতম্, অরসম্=রসরহিতম্, অগন্ধবৎ=গন্ধহীনম্ চ অতএব অব্যয়ম্=ন ব্যেতি ন ক্ষীয়তে, অতএব নিত্যম্, অনাদি= অবিদ্যমান আদিঃ -কারণম্ অস্য তৎ ; যৎ চ আদিমৎ তৎ কার্য্য-ত্বাৎ অনিত্যম্ কারণে প্রলীয়তে যথা পৃথিব্যাদি, ইদন্তু সর্ব্বকারণ-ত্বাৎ অকার্য্যম্ অকার্য্যত্বাৎ নিত্যম্, ন তস্য -কারণম্ অস্তি যস্মিন্ লীয়তে, তথা অনন্তম্=অবিদ্যমানঃ অন্তঃ কার্য্যং যস্য তৎ

কারণেও ইহা নিত্য। মহৎ অর্থাৎ মহত্ত্বপ্রযুক্ত বুদ্ধি হইতে পর, অর্থাৎ নিত্য বিজ্ঞাতার স্বরূপ বলিয়া বিলক্ষণ। যেহেতু সর্ব্বসাক্ষী সর্ব্বভূতের আত্মত্বপ্রযুক্ত ব্রহ্ম। ধ্রুব অর্থাৎ কূটস্থ নিত্য, পৃথিব্যাদির ন্যায় আপেক্ষিক নিত্য নহে, সেই আত্মাকে জানিয়া অবিদ্যাকামকর্ম্মলক্ষণ মৃত্যু হইতে বিমুক্ত হয়। ১৫

অনন্তম্, অতঃ অপি নিত্যম্, মহতঃ=মহত্তত্ত্বাৎ বুদ্ধ্যাখ্যাৎ পরং=বিলক্ষণং নিত্যবিজ্ঞপ্তিস্বরূপত্বাৎ, সর্ব্বসাক্ষি হি সর্ব্বভূতাত্মত্বাৎ ব্রহ্ম। ধ্রুবং=কূটস্থং নিত্যম্ ন পৃথিব্যাদিবৎ আপেক্ষিকং নিত্যত্বম্, তং=আত্মানং নিচায্য=অবগম্য, মৃত্যুমুখাৎ=মৃত্যুগোচরাৎ অবিদ্যাকামকর্ম্মলক্ষণাৎ, প্রমুচ্যতে=বিযুজ্যতে। ১৫

নাচিকেতমুপাখ্যানং মৃত্যুপ্রোক্তং সনাতনম্।
উক্ত্বা শ্রুত্বা চ মেধাবী ব্রহ্মলোকে মহীয়তে॥৭০।১৬

১৬। অন্বয়ঃ—মেধাবী মৃত্যুপ্রোক্তং সনাতনং নাচিকেতম্ উপাখ্যানম্ উক্ত্বা শ্রুত্বা চ ব্রহ্মলোকে মহীয়তে। ১৬

১৬। অক্ষরার্থ—মেধাবী ব্যক্তি মৃত্যুকথিত সনাতন নাচিকেত উপাখ্যান বলিয়া ও শুনিয়া ব্রহ্ম-লোকে মহিমান্বিত হন। ১৬

১৬। তাৎপর্য্য—মেধাবী মৃত্যুকর্ত্তৃক কথিত বৈদিক বলিয়া চিরন্তন, নচিকেতাকর্ত্তৃক প্রাপ্ত উপাখ্যান ব্রাহ্মণগণের নিকট বলিয়া এবং আচার্য্যগণের নিকট হইতে শুনিয়া ব্রহ্মস্বরূপ যে লোক, তাহাতে আত্মভূত হইয়া উপাস্য হন। ১৬

১৬। শব্দার্চ্চনা—প্রস্তুতবিজ্ঞানস্তুত্যর্থম্ আহ শ্রুতিঃ—মেধাবী= পণ্ডিতঃ, মৃত্যুপ্রোক্তং=মৃত্যুনা প্রোক্তং সনাতনং=

য ইমং পরমং গুহ্যং শ্রাবয়েদ্ ব্রহ্মসংসদি ।
প্রযতঃ শ্রাদ্ধকালে বা তদানন্ত্যায় কল্পতে ॥
তদানন্ত্যায় কল্পত ইতি ।৭১।১৭

ইতি কঠোপনিষদি তৃতীয়াবল্লী সমাপ্তা ।
ইতি প্রথমাধ্যায়ঃ সমাপ্তঃ

১৭। অন্বয়ঃ—যঃ প্রযতঃ ইমং পরমং গুহ্যং ব্রহ্মসংসদি শ্রাদ্ধকালে বা শ্রাবয়েৎ তৎ [অস্য] আনন্ত্যায় কল্পতে, তৎ [অস্য] আনন্ত্যায় কল্পতে। ১৭

১৭। অক্ষরার্থ—যিনি সংযত [হইয়া] এই পরম গুহ্যকে ব্রাহ্মণসভায় অথবা শ্রাদ্ধকালে শ্রবণ করান, [তাহা] ইঁহার অনন্তফলের হেতু হয়, তাহা [ইঁহার] অনন্তফলের হেতু হয়। ১৭

১৭। তাৎপর্য্য—এস্থলে "এই" বলিয়া এই গ্রন্থকে লক্ষ্য করা হইয়াছে, এবং "শ্রবণ করান" শব্দে গ্রন্থপাঠ দ্বারা এবং ব্যাখ্যা দ্বারা শ্রবণ করান বুঝায়।

প্রযতঃ শব্দের অর্থ—শুচি হইয়া শ্রাদ্ধকালে ভোক্তা-দিগকে শ্রবণ করাইলে সেই শ্রাদ্ধ অনন্তফলপ্রদ হয়। অনন্ত ফলের কথা দুইবার বলিবার উদ্দেশ্য—গ্রন্থসমাপ্তি, জ্ঞাপন। এই উপাখ্যানটী বৈদিক বলিয়া চিরন্তন, ইহা ঐতিহাসিক ঘটনা নহে। ১৭

ইতি প্রথমাধ্যায় সমাপ্ত।

চিরন্তনং বৈদিকত্বাৎ, নাচিকেতম্=নচিকেতসা প্রাপ্তম্,=উপা-খ্যানম্=আখ্যানম্, উক্ত্বা ব্রাহ্মণেভ্যঃ উক্ত্বা, শ্রুত্বা চ=আচার্য্যেভ্যঃ শ্রুত্বা চ ব্রহ্মলোকে=ব্রহ্ম এব লোকঃ তস্মিন্ মহীয়তে=আত্মভূত উপাস্যঃ ভবতি। ১৬

১৭। শব্দার্চ্চনা—যঃ—যঃ কশ্চিৎ, প্রযতঃ=শুচিভূত্বা, ইমং= গ্রন্থং, পরমং=প্রকৃষ্টং, গুহ্যং=গোপ্যং, ব্রহ্মসংসদি=ব্রাহ্মণানাং সংসদি, শ্রাদ্ধকালে বা গ্রন্থতঃ অর্থতশ্চ ; ভুঞ্জানান্ শ্রাবয়েৎ তৎ= শ্রাদ্ধম্ অস্য আনন্ত্যায়=অনন্তফলায় কল্পতে=সম্পদ্যতে। দ্বিব চনম্ অধ্যায়পরিসমাপ্ত্যর্থম্॥ ১৭

ইতি প্রথমোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

দ্বিতীয়াধ্যায়ে—প্রথমাবল্লী।

ব্রহ্মজ্ঞানের প্রতিবন্ধকবর্ণন।

পরাঞ্চি খানি ব্যতৃণৎ স্বয়ম্ভূ-
স্তস্মাৎ পরাঙ্‌ পশ্যতি নান্তরাত্মন্‌ ॥
কশ্চিদ্ধীরঃ প্রত্যগাত্মানমৈক্ষ-
দাবৃত্তচক্ষুরমৃতত্ব মিচ্ছন্‌ ॥ ৭২।১

১। অন্বয়ঃ—স্বয়ম্ভূঃ খানি পরাঞ্চি ব্যতৃণৎ, তস্মাৎ [উপলব্ধা] পরাঙ্‌ পশ্যতি, অন্তরাত্মন্‌ ন [[পশ্যতি], কশ্চিৎ ধীরঃ অমৃতত্বম্‌ ইচ্ছন্‌ আবৃত্তচক্ষুঃ প্রত্যগাত্মানম্‌ ঐক্ষৎ। ১

১। অক্ষরার্থ—স্বয়ম্ভূ ইন্দ্রিয়গণকে বহির্মুখ করিয়া হিংসা করিয়াছেন, সেই হেতু [জ্ঞাতা, জীব] বাহ্যবিষয়কে দেখে, অন্তরাত্মাকে [দেখে] না। কোনও ধীরব্যক্তি অমৃতত্ব ইচ্ছা করিয়া আবৃত্তচক্ষু হইয়া প্রত্যগাত্মাকে দেখেন। ১

১। তাৎপর্য্য—"দৃশ্যতে ত্বগ্র্যয়া বুদ্ধ্যা" ইত্যাদি যাহা বলা হইয়াছে, তথায় সূক্ষ্মবুদ্ধির পক্ষে কি প্রতিবন্ধক, যে কারণে আত্মা দৃশ্য হয় না! এক্ষণে তাহা ও আত্ম-দর্শনের কারণ প্রদর্শন করিবার জন্য এই বল্লী আরদ্ধ হইতেছে। স্বয়ম্ভূ অর্থাৎ পরমেশ্বর, যিনি স্বয়ংই সর্ব্বদা স্বতন্ত্র, পরতন্ত্র হন না, তিনি শ্রোত্রাদি ইন্দ্রিয়গণকে বহির্গমনশীল করিয়া (যেহেতু ইন্দ্রিয়গণ বিষয়প্রকাশার্থই প্রবর্ত্তিত হয়,) হিংসা বা হনন করিয়াছিলেন, সেইহেতু উপলব্ধা যে জীব, যে জীব প্রত্যগ্‌রূপ অনাত্মভূত

১। শঙ্করার্চ্চনা—"দৃশ্যতে ত্বগ্র্যয়া বুদ্ধ্যা" ইতি যৎ উক্তম্; তত্র অগ্র্যায়াঃ বুদ্ধেঃ কঃ পুনঃ প্রতিবন্ধঃ, যেন আত্মা ন দৃশ্যতে, ইতি তদ্দর্শনকারণপ্রদর্শনার্থা বল্লী আরভ্যতে। স্বয়ম্ভূঃ=পরমেশ্বরঃ স্বয়মেব স্বতন্ত্রঃ ভবতি সর্ব্বদা ন পরতন্ত্র ইতি, খানি=তদুপলক্ষিতানি শ্রোত্রাদীনি ইন্দ্রিয়াণি, পরাঞ্চি=পরাক্ অঞ্চন্তি গচ্ছন্তি ইতি, পরাঞ্চি খানি শব্দাদিবিষয়প্রকাশনায় প্রবর্ত্তন্তে, ব্যতৃণৎ=হিংসিতবান্ হননং কৃতবান্ ইত্যর্থঃ, তস্মাৎ উপলব্ধা পরাঙ্=প্রত্যগ্‌রূপান্ অনাত্মভূতান্ শব্দাদীন্ পশ্যতি=উপলভতে, অন্তরাত্মন্=

যে শব্দাদি, তাহাই দেখে, অর্থাৎ উপলব্ধি করে, অন্তরাত্মাকে দেখে না। কোনও ধীর অর্থাৎ ধীমান্ বিবেকী ব্যক্তি, অমৃতত্ব অর্থাৎ অমরণধর্ম্মত্ব অর্থাৎ আত্মার নিত্য-স্বভাবতাকে ইচ্ছা করিয়া আবৃত্তচক্ষুঃ হইয়া (অর্থাৎ চক্ষুশ্রোত্রাদি ইন্দ্রিয়সমূহকে অশেষ বিষয় হইতে প্রতিনিবৃত্ত করিয়া) প্রত্যক্‌স্বরূপ আত্মাকে অর্থাৎ নিজস্বভাবকে দেখেন। আত্মা শব্দটী লোকমধ্যে প্রত্যক্ অর্থে রূঢ়, অন্য অর্থে নহে। আর ব্যুৎপত্তি পক্ষেও আত্মা শব্দ তাহাকেই বুঝায়। কারণ, "যেহেতু প্রাপ্ত হয়, যেহেতু গ্রহণ করে, যেহেতু এখানে বিষয়ভোগ করে এবং যেহেতু ইহার বিস্তৃত ভাব, সেই হেতু ইহাকে আত্মা বলে," এইরূপ শ্লোক প্রসিদ্ধ আছে। ১

অন্তরাত্মানং ন পশ্যতি, কশ্চিৎ ধীরঃ=ধীমান্, বিবেকী, অমৃতত্বম্=অমরণধর্ম্মত্বম্, আত্মনঃ নিত্যস্বভাবতাম্ ইচ্ছন্ আবৃত্তচক্ষুঃ=ব্যাবৃত্তং চক্ষুঃশ্রোত্রাদিকম্ ইন্দ্রিয়জাতম্ অশেষবিষয়াদ্ যস্য সঃ,

বালক ও ধীরের স্বভাব।

পরাচঃ কামাননুযন্তি বালাঃ,
তে মৃত্যোর্যন্তি বিততস্য পাশম্।
অথ ধীরা অমৃতত্বং বিদিত্বা,
ধ্রুবমধ্রুবেষ্বিহ ন প্রার্থয়ন্তে॥ ৭৩।২

২। অন্বয়ঃ—[যে] বালাঃ পরাচঃ কামান্ অনুযন্তি তে বিততস্য মৃত্যোঃ পাশং যন্তি, অথ ধীরাঃ ধ্রুবম্ অমৃতত্বম্ অধ্রুবেষু বিদিত্বা ইহ ন প্রার্থয়ন্তে। ২

২। অক্ষরার্থ—[যে] বালগণ বাহ্য কাম্য বিষয়-সমূহের অনুগমন করে, তাহারা বিতত মৃত্যুর পাশকে প্রাপ্ত হয়, অতএব ধীরগণ ধ্রুব অমৃতত্বকে অধ্রুবসমূহ-মধ্যে জানিয়া এখানে প্রার্থনা করেন না। ২

প্রত্যগাত্মানম্=প্রত্যক্ চাসৌ আত্মা চেতি—প্রত্যগাত্মা, প্রতীচি এব আত্মশব্দঃ রূঢ়ঃ লোকে নান্যস্মিন্। ব্যুৎপত্তিপক্ষেঽপি তত্র এব আত্মশব্দঃ বর্ত্ততে—"যচ্চাপ্নোতি যদাদত্তে যচ্চাত্তি বিষয়ানিহ। যচ্চাস্য সন্ততো ভাবস্তস্মাদাত্মেতি কীর্ত্ত্যতে"। ইতি

২। তাৎপর্য্য—যে অল্পপ্রজ্ঞগণ, অর্থাৎ অবিদ্যা ও তৃষ্ণার দ্বারা আত্মদর্শনে প্রতিরুদ্ধ জনগণ, বহির্গত কাম্য বিষয়সকলের অনুগমন করে, তাহারা সেই কারণে বিস্তীর্ণ, সর্ব্বতোব্যাপ্ত, মৃত্যুর অর্থাৎ কাম ও কর্ম্ম এতৎ সমুদায়ের যে পাশ অর্থাৎ বন্ধন, যাহা দেহ ও ইন্দ্রিয়াদির সংযোগ ও বিয়োগস্বরূপ এবং অনবরত জন্মমরণজরা ও রোগাদিরূপ অনেক অনর্থরাশিস্বরূপ, তাহাকে প্রাপ্ত হয়। যেহেতু এইরূপ, সেই হেতু ধীর অর্থাৎ বিবেকী বা ব্রাহ্মণগণ কূটস্থ ও অবিচাল্য প্রত্যগাত্মস্বরূপে অবস্থানলক্ষণ অমৃতত্বকে, অনিত্য

আত্মশব্দব্যুৎপত্তিস্মরণাৎ, স্বস্বভাবম্ ঐক্ষৎ=অপশ্যৎ পশ্যতি ইত্যর্থঃ। ১

২। শঙ্করার্চ্চনা—যে বালাঃ=অল্পপ্রজ্ঞাঃ, অবিদ্যাতৃষ্ণাভ্যাং প্রতিবদ্ধাত্মদর্শনাঃ পরাচঃ=বহির্গতান্ এব, কামান্=কাম্যান্ বিষয়ান্ অনুযন্তি=অনুগচ্ছন্তি তে তেন কারণেন বিততস্য=

সমুদায় পদার্থ মধ্যে নির্দ্ধারণ করিয়া এই অনর্থপ্রায় সংসারে কিছুই প্রার্থনা করেন না, অর্থাৎ প্রত্যগাত্ম-দর্শনের প্রতিকূল বলিয়া পুত্রবিত্তলোকৈষণা হইতে ব্যুত্থিত হন। ২

বিস্তীর্ণস্য, সর্ব্বতো ব্যাপ্তস্য, মৃত্যোঃ=অবিদ্যাকামকর্ম্মসমুদায়স্য, পাশং=পাশ্যতে বধ্যতে যেন তং, দেহেন্দ্রিয়াদিসংযোগবিয়োগলক্ষণম্ অনবরতং জন্মমরণজরারোগাদ্যনেকানর্থব্রাতং যন্তি=গচ্ছন্তি। যতঃ এবম্ অথ=তস্মাৎ ধীরাঃ=বিবেকিনঃ ব্রাহ্মণাঃ ধ্রুবং=কূটস্থম্ অবিচাল্যম্ অমৃতত্বম্=প্রত্যগাত্মস্বরূপাবস্থানলক্ষণম্ অধ্রুবেষু=অনিত্যেষু সর্ব্বপদার্থেষু, বিদিত্বা=নির্দ্ধার্য্য, ইহ=অনর্থ-প্রায়ে সংসারে ন কিঞ্চিৎ অপি প্রার্থয়ন্তে=প্রত্যগাত্মদর্শনপ্রতি-কূলত্বাৎ পুত্র-বিত্ত-লোকৈষণাভ্যঃ ব্যুত্তিষ্ঠন্তি এব। ২

যেন রূপং রসং গন্ধং শব্দান্ স্পর্শাংশ্চ মৈথুনান্।
এতেনৈব বিজানাতি কিমত্র পরিশিষ্যতে॥
এতদ্ বৈ তৎ ॥৭৪।৩

৩। অন্বয়ঃ—যেন এতেন [আত্মনা] এব [লোকঃ] রূপং রসং গন্ধং শব্দান্ মৈথুনান্ স্পর্শান্ চ বিজানাতি, অত্র কিম্ পরিশিষ্যতে; তৎ বৈ এতৎ। ৩

৩। অক্ষরার্থ—যে এই [আত্মার] দ্বারাই [লোক] রূপ রস গন্ধ শব্দ এবং মৈথুন স্পর্শ-সমূহ জানে, এখানে কি পরিশিষ্ট থাকে? তাহাই ইহা। ৩

৩ তাৎপর্য্য—যাহার বিজ্ঞানবশতঃ ব্রাহ্মণগণ অন্য কিছুই প্রার্থনা করেন না, কি করিয়া তাহার জ্ঞান হইবে? ইহাই বলা হইতেছে। এই যে দেহাদি-

ব্যতিরিক্ত বিজ্ঞানস্বভাব আত্মা, ইহারই দ্বারা সকল লোক, রূপ রস গন্ধ শব্দ এবং মৈথুননিমিত্ত সুখকর স্পর্শ বিস্পষ্টভাবে জানে। আত্মার অবিজ্ঞেয় কি এই লোকে অবশিষ্ট থাকিতে পারে? অর্থাৎ আত্মার অবিজ্ঞেয় কিছুই নাই; সমস্তই আত্মার বিজ্ঞেয়, সুতরাং যে আত্মার অবিজ্ঞেয় কিছুই থাকে না, সেই আত্মা সর্ব্বজ্ঞই। ইহাই নচিকেতা জিজ্ঞাসা করিয়াছিলেন, এবং দেবগণদ্বারাও ইহার বিষয়ই সন্দেহ করা হইয়াছিল। ধর্ম্মাদি হইতে পৃথক্ বিষ্ণুর সেই পরম পদ, যাহা হইতে শ্রেষ্ঠ আর কিছুই নাই, ইহাই তাহা। ৩

৩। শঙ্করার্চ্চনা—যদ্বিজ্ঞানাৎ ন কিঞ্চিৎ অজ্ঞং প্রার্থয়ন্তে ব্রাহ্মণাঃ, কথং তদধিগমঃ, ইতি উচ্যতে। যেন এতেন= দেহাদিব্যতিরিক্তেন বিজ্ঞানস্বভাবেন আত্মনা, এব, সর্ব্বঃ লোকঃ রূপং রসং গন্ধং শব্দান্ চ মৈথুনান্=মৈথুননিমিত্তান্ সুখপ্রত্যয়ান্, স্পর্শান্ দেহাদিলক্ষণান্ রূপাদীন্ ইত্যর্থঃ,বিজানাতি=বিস্পষ্টং

স্বপ্নান্তং জাগরিতান্তং চোভৌ যেনানুপশ্যতি ।
মহান্তং বিভুমাত্মানং মত্বা ধীরো ন শোচতি ॥৭৫।৪

৪ । অন্বয়ঃ—যেন [লোকঃ] স্বপ্নান্তং জাগরিতান্তং চ উভৌ অনুপশ্যতি, [তং] মহান্তং বিভুম্ আত্মানং মত্বা ধীরঃ ন শোচতি । ৪

৪ । অক্ষরার্থ—যাহার দ্বারা [লোকে] স্বপ্নাবস্থায় বিজ্ঞেয় ও জাগরিতাবস্থায় বিজ্ঞেয়—উভয় অনুদর্শন করে, [সেই] মহান্ বিভু আত্মাকে জানিয়া ধীরব্যক্তি শোক করেন না । ৪

জানাতি, অত্র=অস্মিন্ লোকে আত্মনঃ অবিজ্ঞেয়ং কিম পরিশিষ্যতে=ন কিঞ্চিৎ পরিশিষ্যতে, সর্ব্বমেব তু আত্মনা বিজ্ঞেয়ম্ । যস্য আত্মনঃ অবিজ্ঞেয়ং ন কিঞ্চিৎ পরিশিষ্যতে স আত্মা সর্ব্বজ্ঞঃ এতৎ বৈ তৎ=কিং তৎ যৎ নচিকেতসা পৃষ্টং দেবাদিভিঃ অপি বিচিকিৎসিতং, ধর্ম্মাদিভ্যোঽন্যৎ বিষ্ণোঃ পরমং পদং যস্মাৎ পরং নাস্তি তদ্ বৈ এতদ্ অধিগতম্ ইত্যর্থঃ । ৩

৪। তাৎপর্য্য—স্বপ্নের মধ্যে যাহা দেখা যায়, অর্থাৎ স্বপ্নে বিজ্ঞেয় এবং জাগরিতের মধ্যে যাহা দেখা যায় অর্থাৎ জাগরিত অবস্থায় বিজ্ঞেয়—এতদ্ উভয় যে আত্মার দ্বারা লোকে দেখিয়া থাকে, সেই মহান্ বিভু আত্মাকে "আমি পরমাত্মা হই" এইরূপ সাক্ষাৎ আত্মভাবে জানিয়া ধীর ব্যক্তি শোক করেন না। ৪

৪। শঙ্করার্চ্চনা—অতিসূক্ষ্মত্বাৎ দুর্ব্বিজ্ঞেয়ম্ ইতি মত্বা এতমেব অর্থং পুনঃ পুনঃ আহ—যেন=আত্মনা লোকঃ স্বপ্নান্তং=স্বপ্নবিজ্ঞেয়ম,তথা জাগরিতান্তং=জাগরিতমধ্যং জাগরিত-বিজ্ঞেয়ং চ উভৌ স্বপ্নজাগরিতান্তৌ অনুপশ্যতি তং মহান্তং বিভুম আত্মানং মত্বা=অবগম্য আত্মভাবেন সাক্ষাৎ "অহমস্মি পরমাত্মা" ইতি ধীরঃ ন শোচতি। ৪

য ইমং মধ্বদং বেদ আত্মানং জীবমন্তিকাৎ।
ঈশানং ভূতভব্যস্য ন ততো বিজুগুপ্সতে॥
এতদ্ বৈ তৎ ॥৭৬।৫

৫। অন্বয়ঃ—যঃ ইমং মধ্বদং জীবম্ আত্মানং ভূতভব্যস্য ঈশানম্ অন্তিকাৎ বেদ, [সঃ] ততঃ [আত্মানং] ন বিজুগুপ্সতে। তৎ বৈ এতদ্। ৫

৫। অক্ষরার্থ—যিনি এই কর্ম্মফলভোক্তা জীব, আত্মা ভূত ও ভব্যের ঈশানকে সমীপে জানেন [তিনি] তজ্জন্য [আত্মাকে] গোপন করেন না। তাহাই ইহা। ৫

৫। তাৎপর্য্য—আরও যে কেহ এই কর্ম্মফল-ভোক্তা, প্রাণাদি সকলের ধারয়িতা আত্মাকে কাল-

৫। শব্দার্থার্চ্চনা—কিঞ্চ, যঃ=যঃ কশ্চিৎ, ইমং মধ্বদং=কর্ম্মফলভুজং জীবং=প্রাণাদিকলাপস্য ধারয়িতারম্, আত্মানং

ব্রহ্মের স্বরূপবর্ণন।

যঃ পূর্ব্বং তপসো জাতমদ্ভ্যঃ পূর্ব্বমজায়ত।
গুহাং প্রবিশ্য তিষ্ঠন্তং যো ভূতেভির্ব্যপশ্যত ॥
এতদ্ বৈ তৎ ॥ ৭৭।৬

৬। অন্বয়ঃ—যঃ তপসঃ পূর্ব্বং জাতম্, [যঃ] অদ্ভ্যঃ পূর্ব্বম্ অজায়ত, তং গুহাং প্রবিশ্য তিষ্ঠন্তং ভূতেভিঃ [তিষ্ঠন্তং] যঃ ব্যপশ্যত, [স এতৎ এব পশ্যতি] তদ্ বৈ এতৎ। ৬

৬। অক্ষরার্থ—যিনি, তপস্যা হইতে প্রথমে জাতকে [যিনি] জলপ্রভৃতি হইতে পূর্ব্বে জন্মিয়াছিলেন, [সেই] গুহামধ্যে প্রবেশ করিয়া অবস্থিতকে এবং ভূত সকলের সহিত অবস্থিতকে যিনি বিশেষরূপে দেখেন, [তিনি ইহাকেই দেখেন], তাহাই ইহা। ৬

ব্রহ্মের ঈশিতা বলিয়া সমীপে জানেন, তিনি সেই জ্ঞানের পর আত্মাকে আর গোপন করিতে ইচ্ছা

করেন না ; কারণ, তিনি অভয়কে প্রাপ্ত হইয়া থাকেন। ৫

৬। তাৎপর্য্য—যে প্রত্যগাত্মা ঈশ্বররূপে নির্দ্দিষ্ট হইলেন, তিনি সকলের আত্মা, ইহাই দেখাইতেছেন—যে কেহ মুমুক্ষু, তপস্যা অর্থাৎ ব্রহ্মের জ্ঞানাদিস্বরূপ তপস্যা হইতে প্রথমে উৎপন্ন হিরণ্যগর্ভকে, অর্থাৎ যে হিরণ্যগর্ভ-জল সহিত পঞ্চভূতের পূর্ব্বে জন্মগ্রহণ করেন, সেই প্রথম-জাত হিরণ্যগর্ভকে দেবাদি শরীরসমূহ উৎপাদন করিয়া

ভূতভব্যস্য=কালত্রয়স্য, ঈশানম্=ঈশিতারম্, অন্তিকাৎ=অন্তিকে সমীপে, বেদ=বিজানাতি, সঃ ততঃ=তদ্বিজ্ঞানাৎ ঊর্দ্ধম্ আত্মানং ন বিজুগুপ্সতে=গোপয়িতুম্ ইচ্ছতি, অভয়প্রাপ্তত্বাৎ। ৫

৬। শব্দার্থার্চনা—যঃ প্রত্যাগাত্মা ঈশ্বরভাবেন নির্দ্দিষ্টঃ সঃ সর্ব্বাত্মা ইত্যেতৎ দর্শয়তি—যঃ=যঃ কশ্চিৎ, মুমুক্ষুঃ, তপসঃ= জ্ঞানাদিলক্ষণাৎ ব্রহ্মণঃ, পূর্ব্বং=প্রথমং, জাতম্=উৎপন্নং হিরণ্য-গর্ভম্, যঃ=হিরণ্যগর্ভঃ অদ্ভ্যঃ পূর্ব্বং=অপ সহিতেভ্যঃ পঞ্চভূতেভ্যঃ

ব্রহ্মের স্বরূপবর্ণন।

যা প্রাণেন সংভবতি অদিতির্দেবতাময়ী।
গুহাং প্রবিশ্য তিষ্ঠন্তীং যা ভূতেভির্ব্যজায়ত ॥
এতদ্ বৈ তৎ ॥৭৮।৭

৭। অন্বয়ঃ—যা দেবতাময়ী অদিতিঃ প্রাণেন সম্ভবতি, যা [চ] ভূতেভিঃ ব্যজায়ত, গুহাং প্রবিশ্য তিষ্ঠন্তীং [তাং যঃ পশ্যতি সঃ এতদেব পশ্যতি]। তদ্ বৈ এতৎ। ৭

৭। অক্ষরার্থ—যে দেবতাময়ী অদিতি প্রাণরূপে উৎপন্ন হন, [এবং] যিনি ভূতগণের সহিত উৎপন্ন হন, গুহাতে প্রবেশ করিয়া অবস্থিত [তাঁহাকে যিনি দেখেন, তিনি ইহাকেই দেখেন]। তাহাই ইহা। ৭

সকল প্রাণীর হৃদয়াকাশে প্রবেশ করিয়া অবস্থিত বলিয়া, অর্থাৎ শব্দাদি বিষয়সমূহের অনুভবকর্ত্তা

বলিয়া এবং কার্য্য-কারণস্বরূপ ভূতসমূহদ্বারা অবস্থিত বলিয়া দেখেন, তিনি যে ইহাকে দেখেন, তাহাই প্রকৃত ব্রহ্ম, ইহাই তাহা। ৬

৭। তাৎপর্য্য—আরও তিনি সর্ব্বদেবাত্মিকা, যিনি শব্দাদিকে ভোগ করেন বলিয়া অদিতিপদবাচ্যা, এবং হিরণ্যগর্ভরূপে পরব্রহ্ম হইতে উৎপন্ন হন, আর যিনি ভূতগণের দ্বারা সমন্বিত হইয়া উৎপন্ন হইয়াছেন, গুহামধ্যে প্রবেশ করিয়া অবস্থিত, তাঁহাকে যিনি দেখেন, তিনি ইহাকে দেখেন। ইহাই তাহা। ৭

পূর্ব্বম্ অজায়ত=উৎপন্নঃ, তং প্রথমজং দেবাদিশরীরাণি উৎপাদ্য গুহাং=সর্ব্বপ্রাণিগুহাং=হৃদয়াকাশং প্রবিশ্য তিষ্ঠন্তং=শব্দাদীন্ উপলভমানং, ভূতেভিঃ=ভূতৈঃ, কার্য্যকারণলক্ষণৈঃ সহ তিষ্ঠন্তং যঃ ব্যপশ্যত=যঃ পশ্যতি, স এতদেব পশ্যতি, যৎ তৎ প্রকৃতং ব্রহ্ম। এতদ্ বৈ তদ্। ৬

৭। শঙ্করার্চ্চনঃ=কিঞ্চ যা দেবতাময়ী=সর্ব্বদেবাত্মিকা, অদিতিঃ=শব্দাদীন্ অদনাৎ অদিতিঃ, প্রাণেন=হিরণ্যগর্ভরূপেণ

ব্রহ্মের স্বরূপ বর্ণন।

অরণ্যোর্নিহিতো জাতবেদা গর্ভইব সুভৃতো গর্ভিণীভিঃ দিবে দিব ঈড্যো জাগৃবদ্ভিৰ্হবিষ্মদ্ভির্মনুষ্যেভিরগ্নিঃ॥ এতদ্ বৈ তৎ ॥৭৯ ৮

৮। অন্বয়ঃ—[যঃ] গর্ভিণীভিঃ সুভৃতঃ গর্ভ ইব অরণ্যোঃ নিহিতঃ জাতবেদাঃ [যঃ] জাগৃবদ্ভিঃ হবিষ্মদ্ভিঃ মনুষ্যেভিঃ দিবে দিবে ঈড্যঃ অগ্নিঃ, তদ্ বৈ এতৎ। ৮

৮। অক্ষরার্থ—[যিনি] গর্ভিণীগণকর্তৃক সম্যক্‌-রূপে পরিপোষিত গর্ভের ন্যায়, অরণিদ্বয়ে স্থিত জাত-বেদা এবং [যিনি] জাগরণশীল ঘৃতাদিসম্পন্ন মনুষ্য-গণদ্বারা প্রত্যহ-স্তুত অগ্নি, তাহাই ইহা। ৮

পরস্মাৎ ব্রহ্মণঃ, সম্ভবতি, যা চ ভূতেভিঃ = ভূতৈঃ, সমন্বিতা বাজায়ত = উৎপন্নঃ গুহাং প্রবিশ্য তিষ্ঠন্তীং তাং যঃ পশ্যতি সঃ এতদেব পশ্যতি। তদ্ বৈ এতৎ। ৭

৮। তাৎপর্য্য—আরও গর্ভিণীগণকর্তৃক উত্তম অন্নপানভোজনাদির দ্বারা সম্যক্‌রূপে পরিপালিত গর্ভের ন্যায় যে অগ্নি, জাগরণশীল অর্থাৎ অপ্রমত্ত এবং ঘৃতাদিসম্পন্ন অর্থাৎ ধ্যান-ভাবনাদিযুক্ত মনুষ্য-গণদ্বারা স্তুত হন, অর্থাৎ যোগিগণ ও কর্ম্মিগণকর্তৃক পূজিত হন ; তিনিই সেই ব্রহ্ম । ৮

৮। শঙ্করার্চ্চনা—কিঞ্চ যঃ গর্ভিণীভিঃ=অন্তর্ব্বত্নীভিঃ সুভৃতঃ =সুষ্ঠু সম্যগ্ অগর্হিতান্নপানভোজনাদিনা ভৃতঃ গর্ভঃ ইব অধিযজ্ঞম্ অরণ্যোঃ উত্তরাধরারণ্যোঃ নিহিতঃ=স্থিতঃ জাতবেদাঃ নাম কিঞ্চ অধ্যাত্মং যঃ জাগৃবদ্ভিঃ=জাগরণশীলৈঃ অপ্রমত্তৈঃ হবিষ্মদ্ভিঃ=আজ্যাদিমদ্ভিঃ=ধ্যানভাবনাবদ্ভিশ্চ মনুষ্যেভিঃ= মনুষ্যৈঃ, দিবে দিবে=অহনি অহনি ঈড্যঃ=স্তুত্যঃ বন্দ্যশ্চ কর্ম্মিভিঃ অধ্বরে যোগিভিশ্চ হৃদয়ে চ ভবতি, অগ্নিঃ. এতদ্ বৈ তৎ=তদেব প্রকৃতং ব্রহ্ম । ৮

ব্রহ্মের স্বরূপ বর্ণন।

যতশ্চোদেতি সূর্য্যঃ অস্তং যত্র চ গচ্ছতি।
তং দেবাঃ সর্ব্বে অর্পিতাস্তদু নাত্যেতি কশ্চন॥
এতদ্ বৈ তৎ॥৮০।৯

৯। অন্বয়ঃ——সূর্য্যঃ যতঃ উদেতি, যত্র চ অস্তং গচ্ছতি, সর্ব্বে দেবাঃ তম্ অর্পিতাঃ, কশ্চন তং ন উ অত্যেতি, তদ্ বৈ এতৎ। ৯

৯। অক্ষরার্থ—সূর্য্য যাহা হইতে উদিত হন, এবং যাহাতে অস্তগমন করেন, সমুদায় দেবগণ তাহাতে অর্পিত; কেহ তাহাকে অতিক্রম করিতে পারে না, তাহাই ইহা। ৯

৯। তাৎপর্য্য—আরও সূর্য্য যে প্রাণ হইতে উদিত হয়, এবং যে প্রাণেই অস্ত যায়, অর্থাৎ প্রত্যহই তিরোধান প্রাপ্ত হয়, অর্থাৎ সমুদায় দেবগণ অর্থাৎ

দেবাধিকারে স্থিত অগ্ন্যাদি দেবগণ এবং দেহাধিকারে বাগাদি ইন্দ্রিয়গণ, এই সকলই সেই প্রাণরূপ আত্মাতে রথনাভিতে অরসমূহের ন্যায় স্থিতিকালে সংপ্রবিষ্ট থাকে, সেই প্রাণও ব্রহ্মই, অর্থাৎ সেই এই ব্রহ্ম সর্ব্বাত্মক। কেহও তাহাকে অতিক্রম করিতে পারে না, অর্থাৎ তৎস্বরূপতাকে অতিক্রম করিয়া তদ্ভিন্নত্ব প্রাপ্ত হয় না। ইহাই সেই ব্রহ্ম, যাহা নচিকেতা জিজ্ঞাসা করিয়াছিলেন। ৯

৯। শব্দার্চ্চনা—কিঞ্চ সূর্য্যঃ যতঃ=যস্মাৎ প্রাণাৎ, উদেতি=উত্তিষ্ঠতি, যত্র=যস্মিন্ এব, প্রাণে, চ অস্তং=নিম্লোচনং তিরোধানং গচ্ছতি=অহন্যহনি গচ্ছতি, সর্ব্বে দেবাঃ=অগ্ন্যাদয়ঃ অধিদৈবং বাগাদয়শ্চ অধ্যাত্মং সর্ব্বে বিশ্বে তম্=প্রাণম্ আত্মানম্ অর্পিতাঃ=অরা ইব রথনাভৌ সম্প্রবেশিতাঃ স্থিতিকালে, সোঽপি ব্রহ্মএব, তদ্ এতৎ সর্ব্বাত্মকং ব্রহ্ম; কশ্চন কশ্চিৎ অপি তৎ ন উ অত্যেতি =ন অতীত্য তদাত্মকতাং তদন্যত্বং গচ্ছতি। এতদ্ বৈ তৎ। ৯

অদ্বৈত ব্রহ্মে ভেদদর্শীর নিন্দা।

যদেবেহ তদমুত্র, যদমুত্র তদন্বিহ।

মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতি॥৮॥১০

১০। অন্বয়ঃ—যৎ এব ইহ, তৎ অমুত্র, যৎ অমুত্র, তৎ ইহ অনু। যঃ ইহ নানা ইব পশ্যতি সঃ মৃত্যোঃ মৃত্যুম্ আপ্নোতি। ১০

১০। অক্ষরার্থ—যাহাই এখানে, তাহা সেখানে, যাহাই সেখানে তাহাই এখানে, যিনি এখানে নানার ন্যায় দেখেন, তিনি মৃত্যুর পর মৃত্যুকে প্রাপ্ত হন। ১০

১০। তাৎপর্য্য—জীব ও ব্রহ্মের ভেদাশঙ্কা কাহারও না হউক, এইজন্য বলিতেছেন—অবিবেকীর নিকট যাহা কার্য্যকারণোপাধিসমন্বিত সংসারধর্ম্মের ন্যায় অবভাসমান, তাহাই নিজ আত্মস্থ অমুত্র পদবাচ্য, অর্থাৎ তাহাই নিত্যবিজ্ঞানঘনস্বভাব সকল সংসারধর্ম্ম-

বর্জ্জিত ব্রহ্ম। আর যাহা সেখানে অর্থাৎ সেই আত্মাতে স্থিত, তাহাই এখানে অর্থাৎ তাহাই নামরূপ কার্য্যকারণোপাধিস্বরূপ ও অনুগতরূপে প্রতীয়মান হয়; অন্য কিছুই নহে। এইরূপ হওয়ায় উপাধিস্বভাব এবং ভেদদৃষ্টিস্বরূপ যে অবিদ্যা, যে ব্যক্তি তদ্দ্বারা মোহিত হইয়া এই ব্রহ্মে অর্থাৎ এই অনানাভূত ব্রহ্মে "আমি পরব্রহ্ম হইতে ভিন্ন, আমা হইতে পরব্রহ্ম অন্য" এইরূপ ভিন্নবৎ দর্শন করে, সে ব্যক্তি মরণের পর মরণ অর্থাৎ পুনঃ পুনঃ জন্মমরণভাবকে প্রাপ্ত হয়। সেই হেতু সেইরূপ দেখা উচিত নহে। অর্থাৎ বিজ্ঞানৈকরস নিরন্তর আকাশবৎ পরিপূর্ণ ব্রহ্মই আমি—এইরূপ দেখিবে। ১০

১০। শঙ্করার্চ্চনা—জীবব্রহ্মণোঃ ভেদাশংকা কস্যচিৎ মা ভূৎ ইতীদম্ আহ—যৎ ইত্যাদি। যৎ ইহ=কার্য্যকারণোপাধি-সমন্বিতং সংসারধর্ম্মবৎ অবভাসমানম্ অবিবেকিনাং, তৎ= স্বাত্মস্থম্ অমুত্র=নিত্যবিজ্ঞানঘনস্বভাবং সর্ব্বসংসারধর্ম্মবর্জ্জিতং

মনোলভ্য ব্রহ্মে ভেদদর্শীর নিন্দা।

মনসৈবেদমাপ্তব্যং নেহ নানাস্তি কিঞ্চন।
মৃত্যোঃ স মৃত্যুং গচ্ছতি য ইহ নানেব পশ্যতি॥
এতদ্ বৈ তৎ ॥৮-২।১১

১১। অন্বয়ঃ—মনসা এব ইদম্ আপ্তব্যম্, ইহ কিঞ্চন নানা ন অস্তি, যঃ ইহ নানা ইব পশ্যতি সঃ মৃত্যোঃ মৃত্যুং গচ্ছতি। তদ্ বৈ এতৎ।১১

১১। অক্ষরার্থ—মনের দ্বারাই ইহা পাইতে হইবে, এখানে কিছু নানা নাই, যিনি এখানে নানার ন্যায় দেখেন, তিনি মৃত্যুর পর মৃত্যু লাভ করেন। ইহাই তাহা।১১

ব্রহ্ম. যৎ চ অমুত্র=অমুষ্মিন্ আত্মনি স্থিতং তৎ, এব, ইহ=নামরূপকার্যাকারণোপাধিম্ অনু=বিভাব্যমানং নান্যৎ। তত্র এবং সতি উপাধিস্বভাবভেদদৃষ্টিলক্ষণয়া অবিদ্যয়া মোহিতঃ, সন্ যঃ ইহ=ব্রহ্মণি অনানাভূতে নানাইব=পরস্মাৎ

১১। তাৎপর্য্য—একত্ববিজ্ঞানের পূর্ব্বে মনের দ্বারাই অর্থাৎ আচার্য্যবাক্য ও আগমদ্বারা সংস্কৃত মনের দ্বারাই ইহাকে অর্থাৎ একরস ব্রহ্মকে পাইতে হইবে, অর্থাৎ আত্মাই আছে অন্য কিছু নাই—এইরূপে পাইতে হইবে। আর, প্রাপ্ত হইলে নানাত্বের প্রত্যুপস্থাপিকা যে অবিদ্যা, তাহার নিবৃত্তিপ্রযুক্ত এই ব্রহ্মে অণুমাত্রও নানা অর্থাৎ ভেদ থাকে না, যিনি এই ব্রহ্মে নানার ন্যায় দেখেন, অর্থাৎ অবিদ্যাতিমির দৃষ্টিকে পরি-

অন্যঃ অহং, মত্তঃ অন্যং পরং ব্রহ্ম ইতি ভিন্নম্ ইব পশ্যতি=উপলভতে, সঃ মৃত্যোঃ=মরণাৎ মৃত্যুং=মরণং—পুনঃ পুনঃ জন্মমরণভাবম্ আপ্নোতি=প্রতিপদ্যতে। তস্মাৎ তথা ন পশ্যেৎ বিজ্ঞানৈকরসং নৈরন্তর্য্যেণ আকাশবৎ পরিপূর্ণং ব্রহ্মৈবাহমস্মি ইতি পশ্যেৎ। ১০

১১। শঙ্করার্চ্চনা—একত্ববিজ্ঞানাৎ প্রাক্ মনসা=আচার্য্যাগমসংস্কৃতেন মনসা, এব ইদং=একরসং ব্রহ্ম, আপ্তব্যম্='আত্মৈব নান্যৎ অস্তি' ইতি প্রাপ্তব্যম্, আপ্তে চ নানাত্বপ্রত্যুপস্থাপিকায়াঃ,

ত্যাগ করেন না, তিনি অতি অল্প ভেদও অধ্যারোপ করায় মৃত্যুর পর মৃত্যু প্রাপ্ত হন। ইহাই তাহা, যাহা নচিকেতা জিজ্ঞাসা করিয়াছিলেন।

[এই মন্ত্র দুইটী অদ্বৈতবাদের যেরূপ অনুকূল এরূপ অতি বিরল। তত্ত্বমসি প্রভৃতি বাক্যে যেমন জীব-ব্রহ্মের অভেদ উক্ত হয়, এই শ্রুতিতে তদ্রূপ জগৎ ও ব্রহ্মের অভেদ উক্ত হয়।] ১১

অবিদ্যায়াঃ নিবৃত্তত্বাৎ ইহ=ব্রহ্মণি, কিঞ্চন=অণুমাত্রমপি নানা নাস্তি। যঃ ইহ=ব্রহ্মণি, নানা ইব পশ্যতি=অবিদ্যাতিমিরদৃষ্টিং ন মুঞ্চতি, সঃ স্বল্পমপি ভেদম্ অধ্যারোপয়ন্ মৃত্যোঃ=মরণাৎ মৃত্যুং=মরণং গচ্ছতি=প্রাপ্নোতি। এতদ্ বৈ তৎ। ১১

অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষো মধ্য আত্মনি তিষ্ঠতি।
ঈশানং ভূতভব্যস্থ ন ততো বিজুগুপ্সতে ॥
এতদ্ বৈ তৎ ॥৮৩।১২

১২ অন্বয়ঃ— অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষঃ মধ্যে আত্মনি তিষ্ঠতি [তং] ভূতভবস্থ ঈশানঃ [বিদিত্বা সঃ] ততঃ [আত্মানং] ন বিজুগুপ্সতে। তদ্ বৈ এতৎ। ১২

১২। অক্ষরার্থ— অঙ্গুষ্ঠ মাত্র পুরুষ শরীরমধ্যে আছেন ; [সেই] ভূত ও ভবিষ্যতের ঈশ্বর [জানিয়া,] তিনি সেই জ্ঞানানন্তর নিজেকে গোপন করেন না। তাহাই ইহা। ১২

১২। তাৎপর্য্য—পুনরায় সেই প্রকৃত ব্রহ্ম বিষয় বলিতেছেন—অঙ্গুষ্ঠমাত্র শব্দের অর্থ অঙ্গুষ্ঠপরিমাণ ; অঙ্গুষ্ঠ পরিমাণ যে হৃদয়পদ্ম, তাহার ছিদ্রবর্ত্তী যে অন্তঃকরণরূপ উপাধি, তাহাও সুতরাং অঙ্গুষ্ঠপরিমাণ, যেমন অঙ্গুষ্ঠমাত্র বংশপর্ব্বের মধ্যবর্ত্তী আকাশ অঙ্গুষ্ঠ-

মাত্র হয়, তদ্রূপ, অঙ্গুষ্ঠমাত্র পুরুষ ; অর্থাৎ যাহার দ্বারা সমুদায় পূর্ণ হয়, তিনি শরীরমধ্যে অবস্থান করেন, সেই ভূত ও ভবিষ্যতের ঈশ্বরস্বরূপ আত্মাকে জানিয়া তিনি, তাহার পর অর্থাৎ সেই জানার পর আত্মাকে আর গোপন করিতে চাহেন না, কারণ তিনি অভয়কে পাইয়াছেন। ১২

[এখানে "ঈশানং" স্থলে "ঈশানো" পাঠ ১০৮ উপনিষদ দেখা যায়, কিন্তু ভাষ্যকার "ঈশানং" ধরিয়া ব্যাখ্যা করিয়াছেন।] ১২

১২। শঙ্করাৰ্চনা—পুনরপি তদেব প্রকৃতং ব্রহ্ম আহ—অঙ্গুষ্ঠমাত্রঃ=অঙ্গুষ্ঠপরিমাণঃ, অঙ্গুষ্ঠপরিমাণং হৃদয়পুণ্ডরীকং তচ্ছিদ্রবর্ত্তান্তঃকরণোপাধিঃ অঙ্গুষ্ঠমাত্রঃ, অঙ্গুষ্ঠমাত্রবংশপর্ব্বমধ্যবর্ত্ত্যম্বরবৎ, পুরুষঃ=পূর্ণম্ অনেন সর্ব্বম্ ইতি, মধ্যে আত্মনি=শরীরে তিষ্ঠতি তম্ আত্মানং ভূতভব্যস্য ঈশানং বিদিত্বা সঃ ততঃ=তদ্বিজ্ঞানাৎ ঊর্দ্ধম্ আত্মানং ন বিজুগুপ্সতে=ন গোপয়িতুম্ ইচ্ছতি, অভয়প্রাপ্তত্বাৎ। ১২

অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষো জ্যোতিরিবাধূমকঃ।
ঈশানো ভূতভব্যস্য স এবাদ্য স উ শ্বঃ॥
এতদ্ বৈ তৎ ॥৮৪।১৩

১৩। অন্বয়ঃ—অধূমকঃ জ্যোতিঃ ইব অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষঃ ভূতভব্যস্য ঈশানঃ, সঃ এব অদ্য [বর্ত্তমানঃ], সঃ উ শ্বঃ [বর্ত্তিষ্যতে] তদ্ বৈ এতৎ। ১৩

১৩। অক্ষরার্থ—ধূমবিহীন জ্যোতির ন্যায় অঙ্গুষ্ঠ-মাত্র পুরুষ ভূত ও ভবিষ্যতের ঈশ্বর, তিনিই অদ্য [রহিয়াছেন] তিনিই কল্য [থাকিবেন]। তাহাই ইহা। ১৩

১৩। তাৎপর্য্য—আরও ধূমহীন জ্যোতির ন্যায় সেই অঙ্গুষ্ঠমাত্র পুরুষ, ভূত এবং ভবিষ্যতের ঈশ্বর, তাঁহাকে যোগিগণ হৃদয়ে এইরূপে লক্ষ্য করিয়াছেন—তিনিই নিত্য ও কূটস্থ; কারণ প্রাণীসকলে এখনও

তিনি বর্ত্তমান এবং কল্যও তিনিই থাকিবেন, অর্থাৎ তাহার সমান অন্য এবং তাঁহা হইতে পৃথক্ কেহ জন্মিবে না। এতদ্দ্বারা "নায়মস্তীতি চৈকে" অর্থাৎ কেহ বলেন ইহা নাই—এই পক্ষটী ন্যায়ানুসারে অপ্রাপ্ত হইলেও শ্রুতি স্ববচনদ্বারা তাহার প্রত্যাখ্যান করিলেন, তদ্রূপ ক্ষণভঙ্গবাদও এতদ্দ্বারা নিরস্ত হইল। ১৩

১৩। শঙ্করার্চ্চনা—কিঞ্চ অধূমকঃ=অধূমকম্, (ধূমশূন্যম্) জ্যোতিঃ=(অগ্নিঃ) ইব, অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষঃ ভূতভব্যস্য ঈশানঃ যঃ তু এবং যোগিভিঃ হৃদয়ে লক্ষিতঃ সঃ এব নিত্যঃ কূটস্থঃ, অদ্য=ইদানীং প্রাণিষু বর্ত্তমানঃ স উ শ্বঃ অপি বর্ত্তিষ্যতে, ন অন্যঃ তৎসমঃ অন্যশ্চ জনিষ্যতে ইত্যর্থঃ। অনেন "নায়মস্তীতি চৈকে" ইতি অয়ং পক্ষঃ ন্যায়তঃ অপ্রাপ্তঃ অপি স্ববচনেন শ্রুত্যা প্রত্যুক্তঃ, তথা ক্ষণভঙ্গবাদশ্চ। ১৩

যথোদকং দুর্গে বৃষ্টং পর্ব্বতেষু বিধাবতি ।
এবং ধর্ম্মান্ পৃথক্ পশ্যংস্তানেবানুবিধাবতি ॥৮৫।১৪

১৫। অন্বয়ঃ—দুর্গে বৃষ্টম্ উদকং যথা পর্ব্বতেষু বিধাবতি, এবং ধর্ম্মান্ পৃথক্ পশ্যন্ [জনঃ] তান্ এব অনুবিধাবতি। ১৪

১৪। অক্ষরার্থ—উন্নত দুর্গমস্থানে বৃষ্টিজল যেমন পর্ব্বতযুক্ত স্থানে বিধাবিত হয়, সেইরূপ ধর্ম্মসমূহকে পৃথক্‌দর্শী [ব্যক্তি] সেই সকলেরই পশ্চাৎ বিধাবিত হয়। ১৪

১৪। তাৎপর্য্য—পুনরায় ব্রহ্মের সহিত ভেদ-দর্শনের নিন্দা করিতেছেন—উন্নত দুর্গমদেশে পতিত জল, পর্ব্বতযুক্ত যে নিম্নপ্রদেশসমূহ তাহাতে বিধাবিত হয়

১৪। শব্দার্থার্চ্চনা—পুনরপি ভেদদর্শনাপবাদং ব্রহ্মণ আহ—দুর্গে=উচ্ছ্রিতে দুর্গমে দেশে, বৃষ্টম্=সিক্তম্, উদকং=জলং, যথা পর্ব্বতেষু=পর্ব্বতবৎসু নিম্নপ্রদেশেষু বিধাবতি=বিকীর্ণং

মুক্তজীব ও ব্রহ্ম সম্পূর্ণ অভিন্ন।

যথোদকং শুদ্ধে শুদ্ধমাসিক্তং তাদৃগেব ভবতি।
এবং মুনের্বিজানত আত্মা ভবতি গৌতম ॥৮৬।১৫

ইতি কঠোপনিষদি দ্বিতীয়াধ্যায়ে
প্রথমাবল্লী সমাপ্তা।

১৫। অন্বয়ঃ—[হে] গৌতম! যথা—শুদ্ধম্ উদকং শুদ্ধে আসিক্তং তাদৃক্ এব ভবতি বিজানতঃ মুনেঃ আত্মা এবং ভবতি। ১৫

১৫। অক্ষরার্থ—[হে] গৌতম! যেমন শুদ্ধ জল শুদ্ধ জলে প্রক্ষিপ্ত হইলে তদ্রূপই হয়, বিজ্ঞ মুনির আত্মা তদ্রূপ হয়। ১৫

অর্থাৎ বিকীর্ণ হইয়া বিনাশপ্রাপ্ত হয়, তদ্রূপ ধর্ম্মসমূহকে যিনি পৃথক্ দেখেন, অর্থাৎ আত্মার বিভিন্ন ধর্ম্মসমূহকে

প্রতিশরীরে পৃথক্ পৃথক্ যিনি দেখেন, তিনি তাঁহারই অনুধাবন করেন, অর্থাৎ পৃথক্ পৃথক্ শরীর ভেদকেই পুনঃপুনঃ প্রাপ্ত হন। ১৪

১৫। তাৎপর্য্য—বিদ্বানের আত্মস্বরূপ লাভ কিরূপে হয়—ইহাই বলা হইতেছে। হে গৌতম! যেমন শুদ্ধ অর্থাৎ প্রসন্ন জল, শুদ্ধ জলে অর্থাৎ প্রসন্ন জলে প্রক্ষিপ্ত হইলে তদ্রূপই হয়, অর্থাৎ একরসই হয়, অন্যথা হয় না, একত্বকে যিনি বিশেষরূপে জানিয়াছেন সেই মনন শীল ব্যক্তির আত্মাও তদ্রূপই হয়। সেই হেতু কুতার্কি-কের ভেদদৃষ্টি এবং নাস্তিকের কুদৃষ্টি ত্যাগ করিয়া

সদ্ বিনশ্যতি, এবং ধর্ম্মান্=আত্মনঃ ভিন্নান্ ধর্ম্মান্, পৃথক্ পশ্যন্=পৃথক্ এব প্রতিশরীরং পশ্যন্ জনঃ তান্ এব=শরীরভে-দানুবর্ত্তিনঃ অনুবিধাবতি—শরীরভেদম্ এব পৃথক্ পুনঃ পুনঃ প্রতিপদ্যতে ইত্যর্থঃ। ১৪

১৫। শঙ্করার্চ্চনা—বিদ্যাবতঃ আত্মস্বরূপঃ কথং সম্ভবতি ইতি উচ্যতে—হে গৌতম! যথা শুদ্ধম্=প্রসন্নম্, উদকং=জলম্,

সহস্র সহস্র পিতামাতা অপেক্ষা হিতৈষী বেদের দ্বারা উপদিষ্ট যে আত্মার একত্বদর্শন, তাহা দর্পশূন্য ব্যক্তি-গণকর্ত্তৃক আদরণীয়। ১৫

[এই শ্রুতিতেও জীব ও ব্রহ্মের যে সম্পূর্ণ ঐক্য হয়, তাহা অতি স্পষ্টভাবেই কথিত হইল। সুতরাং যে সকল মতে চরম মুক্তিতেও ভেদ স্বীকার করা হয়, তাহারা শ্রুতিবিরুদ্ধ বলিতে হইবে। ১৫]

শুদ্ধে=প্রসন্নে (জলে), **আসিক্তং**=প্রক্ষিপ্তম্, **তাদৃক্ এব ভবতি**=একরসম্ এব ভবতি নান্যথা, **বিজানতঃ**=(একত্বং) বিশেষেণ জানতঃ **মুনেঃ**=মননশীলস্য, **আত্মা অপি এবম্ এব ভবতি**। তস্মাৎ কুতার্কিকভেদদৃষ্টিং নাস্তিককুদৃষ্টিঞ্চ উজ্‌ঝিত্বা মাতৃপিতৃসহস্রেভ্যঃ অপি হিতৈষিণা বেদেনোপদিষ্টম্ আত্মৈকত্বদর্শনং শান্তদর্পৈঃ আদরণীয়ম্ ইত্যর্থঃ। ১৫

ইতি দ্বিতীয়াধ্যায়ে—প্রথমাবল্লী।

দ্বিতীয়াধ্যায়ে—দ্বিতীয়াবল্লী।

ব্রহ্মের স্বরূপ বর্ণন।

পুরমেকাদশদ্বারমজস্যাবক্রচেতসঃ।
অনুষ্ঠায় ন শোচতি, বিমুক্তশ্চ বিমুচ্যতে॥
এতদ্ বৈ তৎ ॥৮৭॥১

১। অন্বয়ঃ।—[যস্য] অবক্রচেতসঃ অজস্য [ইদম্] একাদশদ্বারং পুরম্, [তম্] অনুষ্ঠায় [জনঃ] ন শোচতি, বিমুক্তঃ চ [সন্] বিমুচ্যতে। তদ্ বৈ এতৎ। ১

১। অক্ষরার্থ—[যে] অবক্রচেতা অজের [এই] একাদশদ্বার পুর, [তাহাকে] অনুষ্ঠান করিয়া [লোক] শোক করে না, এবং বিমুক্ত [হইয়া] বিমুক্ত হয়। তাহাই ইহা। ১

১। তাৎপর্য্য—প্রকারান্তরে ব্রহ্মতত্ত্ব নির্দ্ধারণার্থ এই বল্লীর আরম্ভ। যে অবক্রচেতার অর্থাৎ অবক্র

= কুটিলতাশূন্য, আদিত্যপ্রকাশবৎ নিত্যই অবস্থিত একরূপ চেতস্ অর্থাৎ বিজ্ঞান যাহার, সেই ব্রহ্মের এবং যে জন্মাদিবিক্রিয়ারহিত, পুরধর্ম্মাবিলক্ষণ, রাজার স্থানীয়, সেই আত্মার একাদশদ্বার বিশিষ্ট পুররূপ শরীর, সেই পুরের স্বামী, সর্ব্বভূতে স্থিত সম যে পরমেশ্বর, তাঁহাকে অনুষ্ঠান করিয়া অর্থাৎ ধ্যান করিয়া এখানে অনুষ্ঠান শব্দের অর্থ ধ্যান, যেহেতু সম্যক্‌বিজ্ঞান পূর্ব্বক যে ধ্যান, তাহাই তাঁহার অনুষ্ঠান, লোকগণ শোক করে না, এবং বিমুক্ত হইয়া অর্থাৎ এই দেহেই অবিদ্যাকৃত কাল ও কর্ম্মরূপ বন্ধন হইতে বিমুক্ত

১। শঙ্করার্চ্চনা = প্রকারান্তরেণ ব্রহ্মতত্ত্বনির্দ্ধারণার্থম্ অয়ম্ আরম্ভঃ—যস্য অবক্রচেতসঃ = অবক্রম্ অকুটিলম্ আদিত্য-প্রকাশবৎ নিত্যমেব অবস্থিতম্ একরূপং চেতো বিজ্ঞানম্ অস্য ইতি অবক্রচেতাঃ তস্য রাজস্থানীয়স্য ব্রহ্মণঃ অজস্য = জন্মাদিবিক্রিয়ারহিতস্য আত্মনঃ রাজস্থানীয়স্য পুরধর্ম্মবিলক্ষণস্য ইদম্ একাদশদ্বারং = একাদশ দ্বারাণি অস্য—সপ্ত শীর্ষণ্যানি

হইয়া বিমুক্ত হয়, অর্থাৎ পুনরায় আর শরীর প্রাপ্ত হয় না। একাদশ দ্বার বলিতে দুই চক্ষু, দুই কর্ণ, দুই নাসিকা ও মুখ এই রূপে মস্তকের সাতটি, এবং মস্তকোপরি ব্রহ্মরন্ধ্র একটী এবং নাভি এক, মলদ্বার এক ও মূত্রদ্বার এক—এইরূপে একাদশটী হয়। ১

নাভ্যা সহ অর্ব্বাঞ্চি ত্রীণি, শিরসি একং, তৈঃ একাদশদ্বারং পুরম্=পুরম্ ইব পুরম্—শরীরং. তং পরমেশ্বরং পুরস্বামিনং সর্ব্বভূতস্থং সমম্ অনুষ্ঠায়=ধ্যাত্বা. ধ্যানং হি তস্য অনুষ্ঠানম্, সম্যগ্ বিজ্ঞানপূর্ব্বম্, জনঃ ন শোচতি, বিমুক্তশ্চ সন্=ইহৈব অবিদ্যাকৃত-কামকর্ম্মবন্ধনৈঃ বিমুক্ত, সন্-বিমুচ্যতে=পুনঃ শরীরং ন গৃহ্নাতি ইত্যর্থঃ। ১

ব্রহ্মের স্বরূপ বর্ণন।

হংসঃ শুচিষদ্ বসুরন্তরিক্ষসদ্
হোতা বেদিষদতিথির্দুরোণসৎ।
নৃষদ্ বরসদৃতসদ্ ব্যোমসদব্জা
গোজা ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ॥ ৮৮। ২

২। অন্বয়ঃ—হংসঃ শুচিষৎ বসুঃ অন্তরিক্ষসৎ, হোতা বেদিষৎ, অতিথিঃ দুরোণসৎ, নৃষৎ বরসৎ, ঋতসৎ ব্যোমসৎ, অব্জাঃ গোজাঃ ঋতজাঃ অদ্রিজাঃ ঋতং বৃহৎ। ২

২। অক্ষরার্থ—তাৎপর্য্য মধ্যে দ্রষ্টব্য।

২। তাৎপর্য্য—তিনি কিন্তু একপুরবর্ত্তী আত্মা নহেন, পরন্তু তিনি—সর্ব্বপুরবর্ত্তী। কিরূপে? তাহাই বলিতেছেন যে, তিনি হংস অর্থাৎ হননং করেন বা গমন করেন, শুচিষৎ অর্থাৎ শুচিরূপ দ্যুলোকে

আদিত্যরূপে অবস্থান করেন, বসু অর্থাৎ সকলকে বাস করান, অন্তরিক্ষসৎ অর্থাৎ অন্তরিক্ষে বায়ুরূপে অবস্থান করেন, হোতা অর্থাৎ অগ্নি, বেদিষৎ অর্থাৎ বেদিরূপ পৃথিবীতে অবস্থান করেন, অতিথির্দুরোণসৎ অর্থাৎ সোম হইয়া দুরোণে—কলসে অবস্থান করেন, অথবা ব্রাহ্মণ হইয়া অতিথিরূপে দুরোণে—গৃহে অবস্থান করেন, নৃষৎ অর্থাৎ মনুষ্যসমূহে অবস্থান করেন, বরসৎ—বররূপ দেবগণে অবস্থান করেন, ঋতসৎ অর্থাৎ সত্যে বা যজ্ঞে বাস করেন, ব্যোমসৎ অর্থাৎ আকাশে অবস্থান করেন, অব্জা অর্থাৎ জলে শঙ্খ, শুক্তি ও মকরাদিরূপে জন্মগ্রহণ করেন, গোজা

২। শঙ্করার্চ্চনা—স তু ন একপুরবর্ত্তী আত্মা; কিং তর্হি—সর্ব্বপুরবর্ত্তী। কথং? হংসঃ=হন্তি গচ্ছতি ইতি, শুচিষৎ=শুচৌ দিবি আদিত্যাত্মনা সীদতি ইতি, বসুঃ=বাসয়তি সর্ব্বান্ ইতি, অন্তরিক্ষসৎ=অন্তরিক্ষে বায়্বাত্মনা সীদতি, হোতা=অগ্নিঃ বেদিষৎ=বেদ্যাং—পৃথিব্যাং সীদতি ইতি, অতিথিঃ=সোমঃ সন্,

অর্থাৎ গোরূপ পৃথিবীতে ব্রীহিপ্রভৃতিরূপে জন্মগ্রহণ করেন, ঋতজা অর্থাৎ যজ্ঞাঙ্গরূপে জন্মগ্রহণ করেন, অদ্রিজা অর্থাৎ পর্ব্বতসকল হইতে নদনদীরূপে উৎপন্ন হন, এইরূপে সর্ব্বস্বরূপ হইয়াও ঋত অর্থাৎ অবিতথ স্বভাবই হন, বৃহৎ অর্থাৎ সর্ব্বকারণ বলিয়া মহান্, অর্থাৎ সর্ব্বপ্রকারে জগতের আত্মা একই, আত্মার ভেদ নাই। ২

দুরোণসৎ = দুরোণে কলসে সীদতি ইতি. ব্রাহ্মণঃ অতিথিরূপেণ বা দুরোণেষু—গৃহেষু সীদতি ইতি, নৃষৎ = নৃষু—মনুষ্যেষু সীদতি ইতি, বরসৎ = বরেষু—দেবেষু সীদতি ইতি, ঋতসৎ = ঋতং সত্যং যজ্ঞো বা তস্মিন্ সীদতি ইতি, ব্যোমসৎ = ব্যোম্নি—আকাশে সীদতি ইতি, অব্জা = অপ্সু শঙ্খশুক্তিমকরাদিরূপেণ জায়ন্তে, গোজাঃ গবি—পৃথিব্যাং ব্রীহিযবাদিরূপেণ জায়তে ইতি, ঋতজাঃ = যজ্ঞাঙ্গরূপেণ জায়তে ইতি, অদ্রিজাঃ = পর্ব্বতেভ্যঃ নদ্যাদিরূপেণ জায়তে ইতি, সর্ব্বাত্মাপি সন্ ঋতম্ অবিতথস্বভাব এব, বৃহৎ = মহান্ সর্ব্বকারণত্বাৎ সর্ব্বথাপি এক এব আত্মা জগতঃ ন আত্মভেদঃ। ২

ঊর্দ্ধং প্রাণমুন্নয়ত্যপানং প্রত্যগস্যতি ।
মধ্যে বামনমাসীনং বিশ্বে দেবা উপাসতে ।৮৯।৩

৩। অন্বয়ঃ—[যঃ] প্রাণম্ ঊর্দ্ধম্ উন্নয়তি [তথা] অপানং প্রত্যক্ অস্যতি, মধ্যে আসীনং [তং] বামনং বিশ্বে দেবা উপাসতে। ৩

৩। অক্ষরার্থ—[যিনি] প্রাণকে ঊর্দ্ধে উন্নয়ন করেন [এবং] অপানকে অধোদিকে নিক্ষেপ করেন, মধ্যে আসীন [সেই] বামনকে সকল দেবগণ উপাসনা করেন। ৩

৩। তাৎপর্য্য—আত্মার যে স্বরূপ, তাহার জ্ঞানের জন্য অনুমাপক হেতু প্রদর্শিত হইতেছে—যিনি প্রাণকে অর্থাৎ প্রাণের বৃত্তি যে বায়ু তাহাকে হৃদয় হইতে ঊর্দ্ধে উন্নয়ন করেন এবং অপানকে অধোদিকে নিক্ষিপ্ত করেন, মধ্যে অর্থাৎ হৃদয়পদ্মের আকাশে আসীন অর্থাৎ বুদ্ধিতে অভিব্যক্ত বিজ্ঞানপ্রকাশন সেই বামনকে

অর্থাৎ সেই সম্যক্‌রূপে ভজনীয়কে সকল দেবগণ অর্থাৎ চক্ষুরাদি প্রাণসমূহ উপাসনা করে। অর্থাৎ প্রজাগণ যেমন উপহার সংগ্রহ করিয়া রাজাকে উপাসনা করে, তাহারা তদ্রূপ রূপাদি বিজ্ঞানকে লইয়া তাঁহার উপাসনা করে। বাক্যার্থ এই যে—যাহার জন্য এবং যৎপ্রযুক্ত বায়ুপ্রভৃতি করণব্যাপার সকল সম্পন্ন হয়, তিনি অন্য স্বরূপেই ইহা সিদ্ধ। ৩

[এই শ্রুতি আত্মার অনুমানে ইঙ্গিত করিলেন বুঝিতে হইবে।]

৩। শঙ্করার্চ্চনা—আত্মনঃ স্বরূপাধিগমে লিঙ্গম্ উচ্যতে—যঃ প্রাণম্=প্রাণবৃত্তিং বায়ুম্ ঊর্দ্ধং=হৃদয়াৎ ঊর্দ্ধম্ উন্নয়তি=ঊর্দ্ধগময়তি, তথা অপানং প্রত্যক্=অধঃ অস্যতি=ক্ষিপতি, মধ্যে=হৃদয়পুণ্ডরীকাকাশে আসীনং=বুদ্ধৌ অভিব্যক্তম্, বিজ্ঞানপ্রকাশনং, তং বামনং=সম্ভজনীয়ং বিশ্বে=সর্ব্বে, দেবাঃ=চক্ষুরাদয়ঃ প্রাণাঃ উপাসতে=রূপাদিবিজ্ঞানং বলিম্ উপহরন্তঃ বিশ ইব রাজানম্ উপাসতে। যদর্থাঃ যৎপ্রযুক্তাশ্চ সর্ব্বে বায়ুকরণব্যাপারাঃ সোঽন্যঃ সিদ্ধঃ ইতি বাক্যার্থঃ। ৩

অস্য বিস্রংসমানস্য শরীরস্থস্য দেহিনঃ ।
দেহাদ্বিমুচ্যমানস্য কিমত্র পরিশিষ্যতে ।
এতদ্ বৈ তৎ ॥ ৯০।৪

৪। অন্বয়ঃ—শরীরস্থস্য অস্য দেহিনঃ বিস্রংসমানস্য দেহাৎ বিমুচ্যমানস্য [সতঃ] অত্র কিং পরিশিষ্যতে। এতদ্ বৈ তৎ। ৪

৪। অক্ষরার্থ—শরীরস্থ এই দেহী বিস্রংসমান [হইলে] অর্থাৎ দেহ হইতে বিমুচ্যমান হইলে, এস্থলে কি পরিশেষ থাকে? ইহাই তাহা। ৪

৪। তাৎপর্য্য—শরীরস্থ এই আত্মা দেহ হইতে যখন বিমুক্ত হয়, তখন প্রাণাদিতে কিছুই পরিশেষ থাকে না। অর্থাৎ যে আত্মার অপগমে একক্ষণেই

৪। **শঙ্করার্চ্চনা—শরীরস্থস্য অস্য দেহিনঃ**=দেহবতঃ, আত্মনঃ **বিস্রংসমানস্য**=অবস্রংসমানস্য, ভ্রংশমানস্য, **দেহাৎ বিমুচ্যমানস্য**

জীবাত্মাই ব্রহ্ম।

ন প্রাণেন নাপানেন মর্ত্ত্যো জীবতি কশ্চন।
ইতরেণ তু জীবন্তি যস্মিন্নেতাবুপাশ্রিতৌ ॥৯১।৫

৫। অন্বয়ঃ—কশ্চন মর্ত্ত্যঃ প্রাণেন ন জীবতি, অপানেন [বা] ন [জীবতি]। ইতরেণ তু [সর্ব্বে] জীবন্তি, যস্মিন্ এতৌ উপাশ্রিতৌ ॥ ৫

৫। অক্ষরার্থ—কোন মর্ত্ত্য প্রাণের দ্বারা জীবিত থাকে না, অথবা অপানের দ্বারাও [জীবিত থাকে না], অন্যের দ্বারাই [সকলে] জীবিত থাকে, যাহাতে এই দুইটী আশ্রিত। ৫

কার্য্যকরণসমূহরূপ এই সকল, হতবল ও বিধ্বস্ত হয়, সেই আত্মা অন্য—ইহাই এতদ্দ্বারা সিদ্ধ হইল।

[এই শ্রুতিও আত্মার অস্তিত্বে অনুমান করিবার ইঙ্গিত করিলেন বুঝিতে হইবে।] ৪

৫। তাৎপর্য্য—কোনও দেহধারী, প্রাণের দ্বারা বা অপানের দ্বারা অথবা চক্ষুরাদির দ্বারাও জীবিত

থাকে না, ইহারা সকলেই সংহত্যকারী অর্থাৎ মিলিত হইয়া কার্য্যকারী হয় বলিয়া ইহারা পরের প্রয়োজন-সাধক, এজন্য ইহাদিগকে জীবনের হেতু বলা হয় না। অসংহত অপর কাহারও দ্বারা অপ্রযুক্ত হইয়া সংহত অর্থাৎ সাবয়ব বা মিলিত বস্তুকে স্বার্থবশতঃ অবস্থান করিতে দেখা যায় না। লোকমধ্যে যেমন গৃহাদির পক্ষে ইহা দেখা যায়, তদ্রূপ সংহত বলিয়া

অত্র=প্রাণাদিকলাপে কিং পরিশিষ্যতে=**ন কিঞ্চন পরিশিষ্যতে।** যস্য আত্মনঃ অপগমে ক্ষণমাত্রাৎ কার্য্যকরণকলাপরূপং সর্ব্বম্ ইদং হতবলং বিধ্বস্তং ভবতি বিনষ্টং ভবতি, সোঽন্যঃ সিদ্ধ আত্মা। ৪

৫। **শঙ্করার্চ্চনা**—**কশ্চন**=কোঽপি, **মর্ত্ত্যঃ**=মনুষ্যঃ, দেহবান্, প্রাণেন ন জীবতি, অপানেন বা ন জীবতি চক্ষুরাদিনা বা ন জীবতি, ন হি এষাং পরার্থানাং সংহত্যকারিত্বাৎ জীবনহেতুত্বম্ উপপদ্যতে। স্বার্থেন অসংহতেন পরেণ কেনচিৎ অপ্রযুক্তং সংহতানাম্ অবস্থানং ন দৃষ্টম্।

প্রাণাদির পক্ষেও ইহা হওয়া উচিত। এই হেতু সংহত যে প্রাণাদি, তাহা প্রাণাদিবিলক্ষণ অন্য কাহারও দ্বারাই সকলে সংহত হইয়া জীবিত থাকে অর্থাৎ প্রাণ ধারণ করে, যাহাতে অর্থাৎ যে সংহতবিলক্ষণ পরমাত্মা থাকাতেই এই প্রাণাপান, চক্ষুরাদির দ্বারা (মিলিত হইয়া) সংহত হইয়া উপাশ্রিত হয়। অভিপ্রায় এই যে. যে অসংহত বস্তুর জন্য প্রাণাপানাদি সকলই নিজ নিজ ব্যাপার সম্পন্ন করিয়া মিলিত হইয়া বর্ত্তমান থাকে, সেই বস্তু সেই প্রাণাপানাদি সকল হইতে পৃথক্।

[পূর্ব্বোক্ত ৩য় শ্রুতির ন্যায় এই শ্রুতিতেও

যথা গৃহাদীনাং লোকে, তথা প্রাণাদীনান্ অপি সংহতত্বাদ্ ভবিতুম্ অর্হতি। অতঃ ইতরেণ তু=ইতরেণ এব—সংহতপ্রাণাদিবিলক্ষণেন তু সর্ব্বে সংহতাঃ সন্তঃ জীবন্তি=প্রাণান্ ধারয়ন্তি, যস্মিন্=সংহতবিলক্ষণে আত্মনি সতি পরস্মিন্, এতৌ=

হন্ত ত ইদং প্রবক্ষ্যামি গুহ্যং ব্রহ্ম সনাতনম্ ।
যথা চ মরণং প্রাপ্য আত্মা ভবতি গৌতম ॥৯২।৬

৬। অন্বয়ঃ—[হে] গৌতম! হন্ত! ইদং গুহ্যং সনাতনং ব্রহ্ম চ আত্মা মরণং প্রাপ্য যথা ভবতি তে প্রবক্ষ্যামি। ৬

৬। অক্ষরার্থ—[হে] গৌতম! অহে! এই গুহ্য সনাতন ব্রহ্ম এবং আত্মা মরণকে প্রাপ্ত হইয়া যেরূপ হয় তোমাকে বলিব। ৬

আত্মার অস্তিত্বে একটী উত্তম যুক্তি প্রদর্শিত হইল বুঝিতে হইবে।] ৫

৬। তাৎপর্য্য—হে গৌতম নচিকেতা, এক্ষণে পুনরায় এই গোপনীয় চিরন্তন ব্রহ্মের বিষয়,—যাহার

প্রাণাপানৌ চক্ষুরাদিভিঃ সংহতৌ উপাশ্রিতৌ। যস্ম অসংহতস্য অর্থে প্রাণাপানাদিঃ সর্ব্বং স্বব্যাপারং কুর্ব্বন্ বর্ত্ততে সংহতঃ সন্, সঃ ততঃ অন্যঃ সিদ্ধ ইতি অভিপ্রায়ঃ। ৫

সাধারণ জীবের গতি।

যোনিমন্যে প্রপদ্যন্তে শরীরত্বায় দেহিনঃ।
স্থাণুমন্যেঽনুসংযন্তি যথাকর্ম্ম যথাশ্রুতম্ ॥৯৩।৭

৭। অন্বয়ঃ—অন্যে দেহিনঃ যথাকর্ম্ম যথাশ্রুতং শরীরত্বায় যোনিং প্রপদ্যন্তে, অন্যে স্থাণুং সংযন্তি। ৭

৭। অক্ষরার্থ—অপরাপর দেহিগণ কর্ম্মানুরূপ [এবং] জ্ঞানানুরূপ, শরীরত্বের জন্য যোনিকে লাভ করে, অপরে স্থাণুকে প্রাপ্ত হয়। ৭

বিজ্ঞানবশতঃ আত্মা সংসার হইতে মুক্ত হয় এবং যাহার অবিজ্ঞানবশতঃ মরণকে প্রাপ্ত হইয়া যেরূপ সংসারগতি লাভ করে, তাহার বিষয় শুন, তোমাকে আমি বলিব। ৬

৬। শব্দার্থার্চ্চনা—হে গৌতম! হন্ত! ইদানীং পুনরপি, ইদং, গুহ্যং=গোপ্যং, সনাতনং=চিরন্তনং, ব্রহ্ম, যদ্বিজ্ঞানাৎ

৭। তাৎপর্য্য—কোন কোন অবিদ্বান্ মূঢ় দেহধারী ব্যক্তি, ইহজন্মার্জ্জিত কর্ম্মের অনুরূপ এবং জ্ঞানের অনুরূপ শরীরগ্রহণার্থ যোনিদ্বারে অর্থাৎ জননেন্দ্রিয়ে প্রবেশ করে, অর্থাৎ শুক্রবীজ-সমন্বিত হইয়া শরীরকে প্রাপ্ত হয়, এবং অপরে অর্থাৎ অত্যন্ত অধম ব্যক্তিগণ মরণকে প্রাপ্ত হইয়া বৃক্ষাদি স্থাবরের ভাবকে লাভ করে। ৭

সর্ব্বসংসারোপরমঃ ভবতি. যস্য অবিজ্ঞানাৎ চ আত্মা মরণং প্রাপ্য, যথা ভবতি=যথা সংসরতি তথা শৃণু, তে=তুভ্যং প্রবক্ষ্যামি। ৬

৭। শব্দার্থার্চ্চনা—অন্যে=কেচিৎ, দেহিনঃ=অবিদ্যাবন্তঃ, মূঢ়াঃ, দেহবন্তঃ, যথাকর্ম্ম=যদ্ যস্য কর্ম্ম তদ্, যৈঃ যাদৃশং কর্ম্ম ইহ জন্মনি কৃতং তদ্‌বশেন, তথা যথাশ্রুতং=যাদৃশং চ বিজ্ঞানম্ উপার্জ্জিতং তদনুরূপমেব শরীরত্বায়=শরীরগ্রহণার্থং যোনিং= যোনিদ্বারং প্রপদ্যন্তে=প্রবিশন্তি শুক্রবীজসমন্বিতাঃ সন্তঃ শরীরং প্রতিপদ্যন্তে ইত্যর্থঃ, অন্যে=অত্যন্তাধমাঃ মরণং প্রাপ্য স্থাণুম্ =বৃক্ষাদিস্থাবরভাবম্ অনুসংযন্তি=অনুগচ্ছন্তি। ৭

জীবই ব্রহ্ম

য এষ সুপ্তেষু জাগর্ত্তি
কামং কামং পুরুষো নির্ম্মিমাণঃ।
তদেব শুক্রং তদ্ ব্রহ্ম, তদেবামৃতমুচ্যতে।
তস্মিঁল্লোকাঃ শ্রিতাঃ সর্ব্বে তদু নাত্যেতি কশ্চন।
এতদ্ বৈ তৎ ॥ ২।৮

৮। অন্বয়ঃ—যঃ এষঃ পুরুষঃ কামং কামং নির্ম্মিমাণঃ [প্রাণাদিষু] সুপ্তেষু জাগর্ত্তি, তৎ এব শুক্রং তদ্ ব্রহ্ম, তৎ এব অমৃতম্ উচ্যতে, সর্ব্বে লোকাঃ তস্মিন্ শ্রিতাঃ, কশ্চন উ তৎ ন অত্যেতি, এতদ্ বৈ তৎ। ৮

৮। অক্ষরার্থ—যে এই পুরুষ প্রত্যেক কাম্য-বিষয় নির্ম্মাণ করিতে করিতে [প্রাণাদি] সুপ্ত হইলে জাগরিত থাকেন, তাহাই শুদ্ধ, তাহা ব্রহ্ম, তাহাই অমৃত বলিয়া কথিত হয়, সমুদায় লোকগণ তাহাতে

আশ্রিত, কেহই তাহাকে অতিক্রম করিতে পারে না। ইহাই তাহা। ৮

৮। তাৎপর্য্য—গুহ্য ব্রহ্ম বলিব—এইরূপ যাহা প্রতিজ্ঞা করা হইয়াছে, তাহাই বলিতেছেন যে, এই পুরুষ সেই সেই স্ত্রীপ্রভৃতি অভিপ্রেত বিষয়, অবিদ্যার দ্বারা নিষ্পন্ন করিয়া প্রাণাদি নিদ্রিত হইলেও জাগরিত থাকেন, তাহাই শুদ্ধ শুভ্র, তাহাই ব্রহ্ম, অন্য আর গুহ্য ব্রহ্ম নাই, তাহাই অমৃত অর্থাৎ অবিনাশি বলিয়া সকল শাস্ত্রে কথিত হয়। আরও পৃথিব্যাদি সমুদায় লোক-সকল সেই ব্রহ্মেই আশ্রিত, যেহেতু তিনি সর্ব্বলোকের

৮। শঙ্করার্চ্চনা=গুহ্যং ব্রহ্ম প্রবক্ষ্যামি ইতি যৎ প্রতিজ্ঞাতং তদ্ আহ— ষঃ পুরুষঃ ·কামং কামং= তং তম্ অভিপ্রেতং স্ত্র্যাদ্যর্থম্ ষ [illegible] য়া নির্ম্মিমাণঃ=নিষ্পাদয়ন্ প্রাণাদিষু সুপ্তেষু জাগর্ত্তি, তৎ এব শুক্রং=শুদ্ধং শুভ্রম্, তদ্ ব্রহ্ম, নান্যৎ গুহ্যং ব্রহ্ম অস্তি, তৎ এব অমৃতম্=অবিনাশি সর্ব্বশাস্ত্রেষু উচ্যতে, কিং চ সর্ব্বে লোকাঃ=পৃথিব্যাদয়ঃ·লোকাঃ তস্মিন্=তস্মিন্ ব্রহ্মণি, এব

সকলই ব্রহ্মের রূপ।

অগ্নির্যথৈকো ভুবনং প্রবিষ্টো
রূপং রূপং প্রতিরূপো বভূব,
একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা
রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ ॥৯৫।৯

৯। অন্বয়ঃ—যথা একঃ অগ্নিঃ ভুবনং প্রবিষ্টঃ রূপং রূপং [প্রতি] প্রতিরূপঃ বভূব, তথা একঃ সর্ব্ব-ভূতান্তরাত্মা রূপং রূপং [প্রতি] প্রতিরূপঃ বহিঃ চ [বভূব]। ৯

৯। অক্ষরার্থ—যেমন একই অগ্নি ভুবনে প্রবিষ্ট হইয়া রূপে রূপে প্রতিরূপ হয়, তদ্রূপ এক সর্ব্বভূতের অন্তরাত্মা রূপে রূপে প্রতিরূপ এবং বাহির [হয়]। ৯

কারণ। কেহও সেই ব্রহ্মকে অতিক্রম করিতে পারে না। অর্থাৎ তাহার স্বরূপতাকে ত্যাগ না করিয়া তদ্ভিন্নতাকে প্রাপ্ত হয় না। ৮

৯। তাৎপর্য্য—আরও যেমন অগ্নি একই, প্রকাশাত্মা হইয়া ভুবনে, অর্থাৎ যাহাতে ভূতগণ হয়, সেই ভুবনপদবাচ্য এই লোকমধ্যে অনুপ্রবিষ্ট হইয়া দারু প্রভৃতি দাহ্য বস্তুর ভেদানুসারে প্রতিরূপ হয়, অর্থাৎ তাহাদের প্রত্যেকের রূপবিশিষ্ট হয়, অর্থাৎ দাহ্য বস্তুভেদে বহুবিধ হয়, তদ্রূপ সমুদায় ভূতগণের অন্তরে একই যে আত্মা, তাহা অতি সূক্ষ্ম বলিয়া কাষ্ঠপ্রভৃতির ন্যায় সর্ব্বদেহে প্রবিষ্ট হইয়া প্রতিরূপ হয়, অর্থাৎ দেহ-সদৃশ হয়, এবং বাহিরও হয়, অর্থাৎ স্বীয় অবিকৃতরূপে আকাশের ন্যায় হয়। ৯

শ্রিতাঃ=আশ্রিতাঃ, সর্ব্বলোককারণত্বাৎ তস্য। কশ্চন উ=কোঽপি, তৎ=ব্রহ্ম, ন অত্যেতি=ন অতীতা তদাত্মকতাং তদন্যত্বং গচ্ছতি। ৮

৯। শঙ্করার্চ্চনা—কিঞ্চ, যথা অগ্নিঃ একঃ এব প্রকাশাত্মা সন্ ভুবনং=ভবন্তি অস্মিন্ ভূতানি ইতি ভুবনম্—অয়ং লোকঃ তং, প্রবিষ্টঃ=অনুপ্রবিষ্টঃ রূপং রূপং প্রতি=দার্ব্বাদিদাহ্যভেদং

সকলই ব্রহ্মের রূপ।

বায়ুর্যথৈকো ভুবনং প্রবিষ্টো
রূপং রূপং প্রতিরূপো বভূব।
একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা
রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ ॥৯৬।১০

১০। অন্বয়ঃ—যথা একঃ বায়ুঃ ভুবনং প্রবিষ্টঃ রূপং রূপং [প্রতি] প্রতিরূপঃ বভূব, তথা একঃ সর্ব্বভূতান্তরাত্মা রূপং রূপং [প্রতি] প্রতিরূপঃ বহিঃ চ [বভূব]। ১০

১০। অক্ষরার্থ—যেমন এক বায়ু ভুবনে প্রবিষ্ট হইয়া রূপে রূপে প্রতিরূপ হয়, তদ্রূপ এক সর্ব্বভূতান্তরাত্মা রূপে রূপে প্রতিরূপ ও বাহির [হয়]।১০

প্রতি, প্রতিরূপঃ=তত্র তত্র প্রতিরূপবান্—দাহ্যভেদেন বহুবিধঃ বভূব, তথা একঃ এব সর্ব্বভূতান্তরাত্মা=সর্ব্বেষাং ভূতানাং

১০। তাৎপর্য্য—অন্য দৃষ্টান্ত যথা—যেমন একই বায়ু ইত্যাদি। ইহাও পূর্ব্ববৎ বুঝিতে হইবে। বিশেষ এই যে, অগ্নি প্রকাশস্বরূপ হইয়া ভুবনে প্রবিষ্ট, কিন্তু বায়ু প্রাণস্বরূপ হইয়া দেহসমুদায়ে প্রবিষ্ট—এইমাত্র।১০

অভ্যন্তরে আত্মা একঃ এব অতিসূক্ষ্মত্বাৎ দার্ব্বাদিষু ইব সর্ব্ব-দেহং প্রতি প্রবিষ্টত্বাৎ প্রতিরূপঃ বভূব, বহিশ্চ স্বেন অবিকৃতেন রূপেণ আকাশবৎ। ৯

১০। শঙ্করার্চ্চনা—তথা অন্যঃ দৃষ্টান্তঃ বায়ুর্যথৈক ইত্যাদি। যথা একঃ বায়ুঃ ভুবনং প্রবিষ্টঃ=প্রাণাত্মনা দেহেষু অনুপ্রবিষ্টঃ—রূপং রূপং প্রতি প্রতিরূপঃ বভূব, তথা একঃ সর্ব্বভূতান্তরাত্মা রূপং রূপং প্রতি প্রতিরূপঃ=বহিশ্চ বভূব। ১০

ব্রহ্ম সর্ব্বদা অবিকৃ

সূর্য্যো যথা সর্ব্বলোকস্য চক্ষু-
র্ন লিপ্যতে চাক্ষুষৈর্বাহ্যদোষৈঃ,
একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা,
ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্যঃ ॥৯৭।১১

১১। অন্বয়ঃ—যথা সূর্য্যঃ সর্ব্বলোকস্য চক্ষুঃ চাক্ষুষৈঃ বাহ্যদোষৈঃ ন লিপ্যতে তথা একঃ সর্ব্বভূতান্ত-রাত্মা লোকদুঃখেন ন লিপ্যতে, [সঃ হি] বাহ্যঃ। ১১

১১। অক্ষরার্থ—যেমন সূর্য্য সর্ব্বলোকের চক্ষুঃ, চাক্ষুষ বাহ্যদোষসমূহদ্বারা লিপ্ত হয় না, তদ্রূপ এক সর্ব্বভূতান্তরাত্মা লোকদুঃখের দ্বারা লিপ্ত হয়না, [যেহেতু তিনি] বাহ্য। ১১

১১। তাৎপর্য্য—এক বস্তু যদি সকলের আত্মা হন, তবে পরমাত্মারও সংসারদুঃখ হইতে পারে।

এই শঙ্কা নিরাকরণের জন্য বলিতেছেন—যেমন সূর্য্য, আলোকের দ্বারা চক্ষুর উপকার করিয়া অর্থাৎ চক্ষুর নিজকার্য্য করিতে তাহার সহায়তা করিয়া এবং মলমূত্রাদি অশুচি পদার্থ প্রকাশ করিয়া তাহাদের দর্শনকারী সকল লোকের চক্ষু-স্বরূপ হইয়া, অশুচিপ্রভৃতি দর্শননিমিত্ত যে আধ্যাত্মিক পাপদোষ হয়, অর্থাৎ এই দেহসংক্রান্ত যে পাপদোষ হয়, সেই সকল চাক্ষুষ দোষের দ্বারা এবং অশুচিপ্রভৃতির সংসর্গজন্য যে দোষ, সেই সকল বাহ্যদোষদ্বারা লিপ্ত হন না, তদ্রূপ এক সর্ব্ব-ভূতান্তরাত্মা লোকদুঃখদ্বারা লিপ্ত হন না। কারণ,

১১। শঙ্করার্চ্চনা—একস্য সর্ব্বাত্মত্বে সংসারদুঃখিত্বং পরস্য এব স্যাৎ ইতি প্রাপ্তম্, অতঃ ইদম্ উচ্যতে—যথা সূর্য্যঃ আলোকেন চক্ষুষঃ উপকারং কুর্ব্বন্ মূত্রপুরীষাদ্যশুচিপ্রকাশনেন তদ্দর্শিনঃ

তিনি বাহ্য পদবাচ্য হন, অর্থাৎ রজ্জুতে সর্পবুদ্ধি-কালে রজ্জুর ন্যায়, বিপরীত বুদ্ধির যে অধ্যাস, সেই অধ্যাসের তিনি বাহিরে থাকেন। অর্থাৎ তাঁহাতে অধ্যাস হয় না। অথবা অধ্যাস হইলেও তাঁহাতে অধ্যস্তের ধর্ম্ম উৎপন্ন হয় না। লোকে আত্মাতে অধ্যস্ত অবিদ্যার দ্বারা কামকর্ম্মোদ্ভব দুঃখ অনুভব করে, কিন্তু সেই অবিদ্যা পরমার্থতঃ আত্মাতে থাকে না। ১১

সর্ব্বলোকস্য চক্ষুঃ অপি সন্ চাক্ষুষৈঃ=অশুচ্যাদিদর্শননিমিত্তৈঃ আধ্যাত্মিকৈঃ পাপদোষৈঃ, বাহ্যৈশ্চ=অশুচ্যাদিসংসর্গদোষৈঃ, ন লিপ্যতে. তথা একঃ সর্ব্বভূতান্তরাত্মা লোকদুঃখেন ন লিপ্যতে, কুতঃ? বাহ্যঃ হি সঃ, রজ্জ্বাদিবৎ এব বিপরীতবুদ্ধ্যধ্যাসবাহ্যঃ হি সঃ। লোকঃ হি অবিদ্যয়া স্বাত্মনি অধ্যস্তয়া কামকর্ম্মোদ্ভবং দুঃখম্ অনুভবতি, ন তু সা পরমার্থতঃ স্বাত্মনি। ১১

একো বশী সর্ব্বভূতান্তরাত্মা,
একং রূপং বহুধা যঃ করোতি,
তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরাঃ
তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্ ॥ ৯৮।১২

১১। অন্বয়ঃ—[সঃ] একঃ বশী সর্ব্বভূতান্তরাত্মা যঃ একং রূপং বহুধা করোতি, তম্ আত্মস্থং যে ধীরাঃ অনুপশ্যন্তি তেষাং শাশ্বতং সুখম্ ইতরেষাং ন। ১২

১২। অক্ষরার্থ—[তিনি] এক বশকর্ত্তা, সর্ব্বভূতান্তরাত্মা, যিনি একরূপকে বহুরূপ করেন; তাঁহাকে আত্মস্থরূপে যে ধীরগণ অনুদর্শন করেন, তাঁহাদের শাশ্বত সুখ হয়, অপরের নহে। ১২

১২। তাৎপর্য্য—আরও সেই পরমেশ্বরই সর্ব্বগত, স্বতন্ত্র ও এক, তাঁহার সমান বা অধিক কেহ

নাই, তিনি বশী, যেহেতু সমস্ত জগৎ ইঁহার বশে থাকে ; কারণ, তিনি সর্ব্বভূতের অন্তরাত্মা। যেহেতু যিনি একই—সদা একরস, বিশুদ্ধ বিজ্ঞান-ঘনরূপ [হইয়াও] আত্মাকে নামরূপাদি অশুদ্ধ উপাধিভেদবশে নিজ আত্মসত্তামাত্রদ্বারা অনেক প্রকার করেন, কারণ, তাঁহার শক্তি অচিন্ত্য, সেই হেতু তাঁহাকে আত্মস্থরূপে যে বিবেকী পুরুষগণ অনুদর্শন করেন, অর্থাৎ নিজ শরীরের হৃদয়াকাশে,—অন্য কথায় বুদ্ধিতে, চৈতন্যাকারে অভিব্যক্ত রূপে আচার্য্য ও আগমোপদেশের পর সাক্ষাৎ অনুভব করেন, অবশ্য একথা বলায় যে শরীরকে আত্মার আধার বলা

১২। শঙ্করার্চ্চনা—কিঞ্চ সঃ হি পরমেশ্বরঃ সর্ব্বগতঃ স্বতন্ত্রঃ একঃ ন তৎসমোঽভ্যধিকঃ বা অন্যঃ অস্তি, বশী—সর্ব্বং হি অস্য জগদ্ বশে বর্ত্ততে, কুতঃ—সর্ব্বভূতান্তরাত্মা। যতঃ একম্ এব সদা একরসম্ আত্মানং বিশুদ্ধবিজ্ঞানঘনরূপং নামরূপাদ্যশুদ্ধোপাধিভেদবশেন বহুধা=অনেকপ্রকারেণ যঃ

হইল তাহা নহে, কারণ, তিনি আকাশের ন্যায় অমূর্ত্তপদার্থ অতএব দর্পণস্থ মুখের ন্যায় তাঁহাকে হৃদয়াকাশে দেখেন—সেই সকল পরমেশ্বরভূত ব্যক্তি-গণের আত্মানন্দস্বরূপ নিত্যসুখ হয়, অন্যের হয় না, অর্থাৎ যাঁহারা বাহ্যবিষয়ে আসক্তবুদ্ধি ও অবিবেকী, অবিদ্যার ব্যবধানবশতঃ তাহারা আত্মভূত হইলেও তাহাদের তাহা হয় না। ১২

করোতি, স্বাত্মসত্তামাত্রেণ অচিন্ত্যশক্তিত্বাৎ, তম্ =স্বশরীরহৃদয়াকাশে বুদ্ধৌ চৈতন্যাকারেণ অভিব্যক্তম্ ইত্যেতৎ, ন হি শরীরস্য আধারত্বম্ আত্মনঃ, আকাশ-বদমূর্ত্তত্বাৎ, আদর্শস্থং মুখম্ ইতি যদ্বৎ, যে=নিবৃত্তবাহ্য-বৃত্তয়ঃ ধীরাঃ=বিবেকিনঃ, অনুপশ্যন্তি=আচার্য্যাগমোপদেশম্ অনু সাক্ষাৎ অনুভবন্তি, তেষাং=পরমেশ্বরভূতানাং, শাশ্বতম্= নিত্যম্, সুখম্=আত্মানন্দলক্ষণং ভবতি, ন ইতরেষাং=বাহ্যাসক্ত-বুদ্ধীনাম্ অবিবেকিনাং স্বাত্মভূতমপি অবিদ্যাব্যবধানাৎ। ১২

নিত্য সুখের অধিকারী।

নিত্যোঽনিত্যানাং চেতনশ্চেতনানা-
মেকো বহূনাং যো বিদধাতি কামান্,
তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরা-
স্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাম্ ॥৯॥১৩

১৩। অন্বয়ঃ—যঃ একঃ অনিত্যানাং নিত্যঃ, চেতনানাং চেতনঃ, বহূনাং কামান্ বিদধাতি, তম্ আত্মস্থং যে ধীরাঃ অনুপশ্যন্তি, তেষাং শান্তিঃ শাশ্বতী ইতরেষাং ন। ১৩

১৩। অক্ষরার্থ—যে এক [বস্তু] অনিত্যসমূহের মধ্যে নিত্যস্বরূপ, চেতনসমূহের মধ্যে চেতনস্বরূপ, সকলের কাম্যবিষয়সমূহ প্রদান করেন, তাঁহাকে আত্মস্থরূপে যে ধীরগণ অনুদর্শন করেন, তাঁহাদের শান্তি নিত্য, অপরের নহে। ১৩

১৩। তাৎপর্য্য—আরও যে এক বস্তু, বিনাশি-

গণের মধ্যে অবিনাশী, চেতনাসম্পাদক ব্রহ্মাদি প্রাণিগণের চেতন, অর্থাৎ অনগ্নি যে জলাদি বস্তু, তাহাদের দাহকত্ব, যেমন অগ্নিনিমিত্ত হয়, তদ্বৎ ব্রহ্মাদি অপরের যে চেতয়িতৃত্ব তাহা যে আত্মচৈতন্যনিমিত্তই হয়, সেই চেতনস্বরূপ, এবং যিনি সর্ব্বজ্ঞ, সর্ব্বেশ্বর, এক, বহু কামী সংসারিগণের কর্ম্মানুরূপ কর্ম্মফল-সমূহ এবং নিজ অনুগ্রহনিমিত্ত ফলসমূহ অনায়াসে প্রদান করেন, তাঁহাকে আত্মস্বরূপে যে ধীরগণ অনুদর্শন করেন, তাঁহাদের শান্তি অর্থাৎ উপরতি নিত্য বা নিজ আত্মভূতই হয়, যাঁহারা এরূপ নহেন তাঁহাদের সেরূপ হয় না। আত্মস্থ প্রভৃতি কতিপয় শব্দের অর্থ দ্বাদশ মন্ত্রে দ্রষ্টব্য। ১৩

১৩। শঙ্করার্চ্চনা—কিঞ্চ যঃ একঃ অনিত্যানাং=বিনাশিনাং নিত্যঃ=অবিনাশী, চেতনানাং=চেতয়িতৃণাং ব্রহ্মাদীনাং প্রাণিনাম্, চেতনঃ, অগ্নিনিমিত্তম্ ইব দাহকত্বম্ অনগ্নীনাম্ উদকাদীনাম্ আত্ম-চৈতন্যনিমিত্তম্ এব চেতয়িতৃত্বম্ অন্যেষাম্ ইত্যর্থঃ, কিঞ্চ যঃ=

ব্রহ্মস্বরূপ জিজ্ঞাসা।

তদেতদিতি মন্যন্তেঽনির্দ্দেশ্যং পরমং সুখম্।
কথং নু তদ্ বিজানীয়াং
কিমু ভাতি বিভাতি বা॥ ১০০।১৪

১৪। অন্বয়ঃ—অনির্দ্দেশ্যং পরমং সুখং তৎ এতৎ ইতি মন্যন্তে। কথং নু তৎ বিজানীয়াম্ [তৎ] ভাতি কিমু? [যতঃ তৎ] বিভাতি বা [ন]।১৪

১৪। অক্ষরার্থ—অনির্দ্দেশ্য পরম সুখকে "সেই এই" এইরূপ মনে করা হয়; কিরূপে তাঁহাকে জানিব, [তাহা] কি প্রকাশ পায়? [যেহেতু তাহা] বিস্পষ্টরূপে প্রকাশ পায় কিংবা পায় না। ১৪

সর্ব্বজ্ঞঃ সর্ব্বেশ্বরঃ একঃ বহূনাং=অনেকেষাং কামিনাং সংসারিণাং কর্ম্মানুরূপং কামান্=কর্ম্মফলানি, স্বানুগ্রহনিমিত্তাংশ্চ বিদধাতি=অনায়াসেন প্রযচ্ছতি তম্ আত্মস্থং যে ধীরাঃ অনুপশ্যন্তি তেষাং শান্তিঃ=উপরতিঃ শাশ্বতী=নিত্যা স্বাত্মভূতা এব স্যাৎ ইতরেষাং=অনেবংবিধানাং ন স্যাৎ। (দ্বাদশঃ মন্ত্রঃ দ্রষ্টব্যঃ)। ১৩

১৪ । তাৎপর্য্য—যাহা সেই আত্মবিজ্ঞানরূপ সুখ, যাহাকে নির্দ্দেশ করিতে পারা যায় না, যাহা পরম অর্থাৎ প্রাকৃত লোকের বাক্য ও মনের অগোচর হইলেও যাহাকে নিষ্কাম ব্রাহ্মণগণ "সেই এই" বলিয়া অর্থাৎ প্রত্যক্ষই বলিয়া মনে করেন, সেই সুখস্বরূপকে কি করিয়া আমি জানিব ? অর্থাৎ তাহাকে "এই" বলিয়া নিষ্কাম যতিগণের ন্যায় আত্মবুদ্ধির বিষয় করিব ? সেই প্রকাশস্বরূপ বস্তু কি প্রকাশ পায় ? যেহেতু 'আমি' এই বুদ্ধির বিষয়-রূপে তাহা বিস্পষ্টরূপে দৃষ্ট হয়, কিংবা হয় না ?

[ইহা প্রশ্নবিশেষ, ইহার উত্তর পরমন্ত্রে প্রদত্ত হই-য়াছে। এই মন্ত্রে বলা হইল যে, প্রকৃত ব্রহ্ম অনির্দ্দেশ্যই ;

১৪। শঙ্করার্চ্চনা—যৎ তৎ আত্মবিজ্ঞানসুখম্ অনির্দ্দেশ্যম্=নির্দ্দেষ্টুম্ অশক্যম্ পরমং=প্রকৃষ্টং প্রাকৃতপুরুষবাঙ্মনসয়োঃ অগোচরম্ অপি সৎ নিবৃত্তৈষণা যে ব্রাহ্মণাঃ তে "তৎ এতৎ"=প্রত্যক্ষম্ এব ইতি মন্যন্তে, কথং নু=কেন প্রকারেণ, তৎ=সুখম্

ব্রহ্মস্বরূপ বর্ণন।

ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকম্,
নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ।
তমেব ভান্তমনুভাতি সর্ব্বং
তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি ॥১০।১৫

ইতি দ্বিতীয়াধ্যায়ে দ্বিতীয়াবল্লী।

১৫। অন্বয়ঃ—তত্র ন সূর্য্যঃ, ন চন্দ্রতারকং ভাতি, ইমা বিদ্যুতঃ ন ভান্তি, অয়ম্ অগ্নিঃ কুতঃ [ভায়াৎ]। সর্ব্বং তং ভান্তম্ এব অনুভাতি, ইদং সর্ব্বং তস্য ভাসা বিভাতি। ১৫

১৫। অন্বয়ার্থ—তথায় না সূর্য্য, না চন্দ্রতারকা প্রকাশ পায়, এই বিদ্যুৎসমূহও প্রকাশ পায় না, এই অগ্নি কিরূপে প্রকাশ পাইবে? সকলই সেই প্রকাশশীলকেই অনুসরণ করিয়া প্রকাশ পায়, এই সব তাঁহার প্রকাশদ্বারা বিভাত হইতেছে। ১৫

অর্থাৎ জ্ঞানের অবিষয়। উহার যে জ্ঞান হয়, তাহা স্পষ্ট করিয়া বলা যায় না, যেহেতু তাহা এবং তাহার প্রকৃত জ্ঞান ইহারা অভিন্ন বস্তু।] ১৪

১৫। তাৎপর্য্য—পূর্ব্বোক্ত প্রশ্নের উত্তর এই যে, সেই আত্মভূত ব্রহ্মে অর্থাৎ তাহার পক্ষে, সর্ব্বাবভাসক সূর্য্য, প্রকাশক হয় না, চন্দ্র বা তারকা প্রকাশক হয় না, অর্থাৎ সেই ব্রহ্মকে প্রকাশ করে না, তদ্রূপ এই বিদ্যুৎগণও তাহাকে প্রকাশ করে না, অস্মদ্দৃষ্টি-গোচর এই যে অগ্নি, তাহা কি করিয়া তাহাকে

অহং বিজানীয়াম=ইদম্ ইতি আত্মবুদ্ধিবিষয়ম্ আপাদয়েয়ম্, যথা নিবৃত্তবিষয়ৈষণা যতয়ঃ। তৎ প্রকাশাত্মকং কিমু ভাতি=দীপ্যতে? যতঃ অস্মদ্বুদ্ধিগোচরত্বেন বিভাতি=বিস্পষ্টং দৃশ্যতে কিং বা নেতি। ১৪

১৫। শঙ্করার্চ্চনা—তত্র উত্তরম্ ইদং—তত্র=তস্মিন্ আত্ম-ভূতে ব্রহ্মণি, ন সূর্য্যঃ=ন সর্ব্বাবভাসকোঽপি সূর্য্যঃ, ন চন্দ্র-তারকম্ ভাতি=তদ্ ব্রহ্ম প্রকাশয়তি, তথা ইমা বিদ্যুতঃ ন ভান্তি; অয়ম্=অস্মদ্দৃষ্টিগোচরঃ অগ্নিঃ কুতঃ? কিং বহুনা যদ্

